উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ



সেনসেক্স : ৮৩,১৯০.২৮ (-৩৪৫.৮০)
নিফটি : ২৫,৩৫৫.২৫ (-১২০.৮৫)

**রাজনীতি ছাড়লে চাষ করবেন শা**
দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা জানিয়ে দিয়েছেন, আমরণ রাজনীতিতে থাকার ইচ্ছা তাঁর নেই। অবসর জীবনে তাঁর সঙ্গী হবে বেদ, উপনিষদ আর জৈব চাষ! » ৭

**নোবেল দাবি কেজরির**
নোবেল পুরস্কারের জন্য নিজেকে যোগ্য বলে দাবি করেছেন দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। আম আদমি পার্টির সরকার দিল্লিতে উল্লেখযোগ্য কাজ করেছে বলে তাঁর দাবি। » ৭

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| শিলিগুড়ি | | জলপাইগুড়ি | | কোচবিহার | | আলিপুরদুয়ার | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৫° সর্বোচ্চ | ২৫° সর্বনিম্ন | ৩৪° সর্বোচ্চ | ২৭° সর্বনিম্ন | ৩৫° সর্বোচ্চ | ২৭° সর্বনিম্ন | ৩৪° সর্বোচ্চ | ২৭° সর্বনিম্ন |

**বাংলা বিতর্কে ক্ষমা চাইলেন প্রসেনজিৎ** » ৫



শিলিগুড়ি ২৬ আষাঢ় ১৪৩২ শুক্রবার ৫.০০ টাকা 11 July 2025 Friday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 54

# কড়া পুলিশ, অনুতপ্ত দু’পক্ষ

## স্বাভাবিক হওয়ার চেষ্টায় বাগরাকোট, মজদুর কলোনি

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** গত এক মাসে একাধিক গোষ্ঠী সংঘর্ষের ঘটনায় উত্তপ্ত হয়েছে শহর শিলিগুড়ি। প্রশাসনিক মহলের মতে, ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে এধরনের উসকানিমূলক ঘটনা আরও ঘটার আশঙ্কা রয়েছে। এই অবস্থায় এ ধরনের ঘটনা ঘটলেই ‘জিরো টলারেন্স’ নীতি নেওয়ার নির্দেশ এসেছে পুলিশের ওপরমহল থেকে। ইতিমধ্যেই সেই নির্দেশ প্রতিটি থানায় দেওয়া হয়েছে।

সেই নির্দেশমতোই বুধবারের ঘটনায় জড়িত থাকার অভিযোগে আটজনকে গ্রেপ্তার করার পর স্থানীয় নেতা, দাদাদের তরফে একের পর এক ফোন কল এলেও পুলিশকর্তারা তা ধরছেন বা বিশেষ আমল দিচ্ছেন না। এদিকে, বুধবারের ঘটনায় গ্রেপ্তার হওয়া অভিযুক্তদের আত্মীয়পরিজনরা বৃহস্পতিবার থানায় এসে কার্যত অনুশোচনায় ভাসলেন। তাঁদের মধ্যে অনেককেই বলতে শোনা গেল, বুধবার কী থেকে কী হয়ে গেল। এলাকার নামটাই খারাপ হল।



*বাগরাকোটে চলছে পুলিশের টহল। ছবি : সূত্রধর*

বুধবার গোলমাল চলাকালীন চারজনকে প্রথমে আটক করেছিল পুলিশ। পরে তাঁদের গ্রেপ্তার করা হয়। বিভিন্ন সিসিটিভি মারফত চিহ্নিত করে আরও চারজনকেও গ্রেপ্তার করে পুলিশ। ধৃতরা মজদুর কলোনি, বাগরাকোট এলাকার বাসিন্দা। ধৃতদের মধ্যে অমরনাথ ভগত এলাকার বিজেপি নেতা হিসেবেই পরিচিত। বাকিরা হল, জিয়াউল শেখ, পাপ্পু পাসোয়ান, গোবিন্দ দাস, টিটোন ঘোষ, প্রেমকুমার পাসোয়ান, মহম্মদ আলম ও মহম্মদ ফিরোজ। ধৃতদের বৃহস্পতিবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

এদিকে, বৃহস্পতিবার অনেকটাই স্বাভাবিক হয়েছে বাগরাকোট ও মজদুর কলোনি এলাকা। দোকানপাটও খোলা হয়। ফের যাতে অপ্রীতিকর ঘটনা না ঘটে, তার জন্য এলাকায় এদিনও পুলিশ পিকেট ছিল। টহলদারি চালিয়েছেন পুলিশকর্তারা। তবে ক্ষোভের তুলনায় এদিন অধিকাংশের মুখে এসেছে অনুশোচনার কথা। পরিজন গ্রেপ্তার হওয়ার পর এদিন শিলিগুড়ি থানার একপাশে একসঙ্গেই বসেছিলেন বাবলি খাতুন, জুলি প্রসাদ, নাসিমা খাতুনরা। মজদুর কলোনির বাসিন্দা বাবলি খাতুন বলছিলেন, ‘অন্য জায়গার ঝামেলা নিয়ে আমরা নিজেরা প্রতিবেশীদের মধ্যেই লড়াই করে ফেললাম। কী আর বলব, বাড়ির ছেলেদের মাথায় যে তখন কী ঢুকে গিয়েছিল।

*এরপর দশের পাতায়*




# ৩ জনকে ফাঁসির সাজা

## নাবালিকা ধর্ষণ-খুনে দোষী সাব্যস্ত

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১০ জুলাই :** নাবালিকাকে ধর্ষণ করে খুনের দায়ে তিনজনকে ফাঁসির সাজা দিল আদালত। বৃহস্পতিবার জলপাইগুড়ি বিশেষ পকসো আদালতের বিচারক রিন্টু শূর এই সাজা ঘোষণা করেছেন। ২০২০ সালের রাজগঞ্জ থানা এলাকায় এই নৃশংস খুনের ঘটনা ঘটেছিল। অভিযুক্তরা হল রহমান আলি, জামিরুল হক ও তামিরুল হক। নাবালিকাকে অপহরণের পর অভিযুক্তরা তাঁকে একাধিকবার ধর্ষণ করে। এরপর তার শ্বাসরোধ করে খুন করে অভিযুক্তরা। ঘটনার প্রমাণ লোপাটের জন্য খুনের পর নাবালিকার মৃতদেহ একটি নির্মীয়মাণ শৌচালয়ের সেপটিক ট্যাংকে ফেলে দিয়েছিল অভিযুক্তরা। ঘটনার প্রায় ৫ বছরের মাথায় অভিযুক্তদের ফাঁসির সাজা দিল আদালত। এদিন আদালতে সাজা ঘোষণার সময় উপস্থিত ছিলেন নাবালিকার পরিবারের সদস্যরা। আদালতের রায়ে খুশি তাঁরা।

২০২০ সালের ১০ অগাস্ট রাজগঞ্জের বাসিন্দা দশম শ্রেণির ওই ছাত্রী সন্ধ্যা সাতটা নাগাদ বাড়ি থেকে বেরিয়ে নিখোঁজ হয়ে যায়। রাত পর্যন্ত বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা তাঁকে অনেক খোঁজাখুঁজি করেন। পরিবারের সদস্যরা বাড়ি ফিরে এসে মোবাইল ঘেঁটে একটি ৩০ সেকেন্ডের কল রেকর্ডিং উদ্ধার করে। যেখানে শোনা যায় কোনও একজন পুরুষ কণ্ঠ নাবালিকাকে ডেকে নিয়ে যায় বাড়ি থেকে কিছুটা দূরে ক্যানালের রাস্তায়। ওই দিন ঝড়-বৃষ্টি থাকায় পরিবারের সদস্যরা পরদিন রাজগঞ্জ থানায় অপহরণের মামলা রুজু করে। সেই সঙ্গে যে নম্বর থেকে ফোন আসে সেই নম্বরটিও পুলিশকে জানায়। এই ঘটনার দিনদুয়েক বাদে নাবালিকা তাঁর এক আত্মীয়ের মোবাইলে ফোন করে জানায় রহমান আলি নামে একজন তাকে চটেরহাট এলাকায় আটকে রেখেছে। সেই সময় নাবালিকার হাত থেকে ফোন কেড়ে নিয়ে রহমান আলি পরিচয় দিয়ে এক ব্যক্তি ওই আত্মীয়কে জানায় তাদের মোহর সম্পন্ন হয়েছে।

পরিবারের সদস্যরা বিষয়টি পুলিশকে জানানোর পাশাপাশি নিজেরা নাবালিকার খোঁজে চটেরহাট এলাকায় যান। কিন্তু সেখানে মেয়ের খোঁজ না পেয়ে ফিরে আসেন। অন্যদিকে রহমানের মোবাইল নম্বর ট্র্যাক করে পুলিশ। দিনকয়েকের মধ্যেই প্রথমে রহমান গ্রেপ্তার হয়। রহমান প্রথমে অস্বীকার করলেও পরবর্তীতে পুলিশের জিজ্ঞাসাবাদে সে স্বীকার করে অপহরণের কথা। এরপর পুলিশ রহমানকে চাপ দিতেই সে তার বন্ধু জামিরুলের নাম বলে। এরপর জামিরুলকেও গ্রেপ্তার করে পুলিশ। দুজনকে প্রথমে আলাদা আলাদা এবং *এরপর দশের পাতায়*



**নৃশংস**

- ২০২০ সালের অগাস্টে বাড়ি থেকে বেরিয়ে নিখোঁজ হয়ে যায় দশম শ্রেণির ছাত্রী
- কয়েকদিন পর সে একজনের ফোনে জানায় তাকে চটেরহাট এলাকায় আটকে রাখা হয়েছে
- পরবর্তীতে রাজগঞ্জের প্রধাননগর পাড়ার একজনের বাড়ির সেপটিক ট্যাংক থেকে তার দেহ উদ্ধার হয়
- ৩ জন মিলে তাকে কয়েকবার ধর্ষণের পর শ্বাসরোধ করে খুন করে

**উত্তরের খোঁজে**

# অবিশ্বাস আর ঘৃণার দরজা-জানলা ভাঙা যায় না

**রূপায়ণ ভট্টাচার্য**



জাতীয় সড়কের হাত ছাড়িয়ে আসাম মোড় দিয়ে জলপাইগুড়ি ঢুকছি। সামান্য এগোলে বাঁদিকে আনন্দ চন্দ্র কলেজ দেখলে সোনালি অনুভূতি গ্রাস করে আজও। ওখানেই তো সাহিত্যের দুই হীরকখচিত বর্শা অমিতাভ দাশগুপ্ত-দেবেশ রায় অধ্যাপনা করেছেন দীর্ঘদিন। দুজনেই বিখ্যাত ‘পরিচয়’ পত্রিকার সম্পাদক ছিলেন বাংলা সাহিত্যের অন্যতম সেরা সময়ে। প্রতীক হয়ে ওঠেন জলপাইগুড়ির, উত্তরবঙ্গের সাহিত্যের।

চিরকালের বামপন্থী, সুবিখ্যাত অমিতাভের একটা কবিতা ফিরে আসছে আজকের আবহে।

এবারই একশো বছরে পা দিল ভারতের কমিউনিস্ট পার্টি। নিঃশব্দেই পেরিয়ে যাচ্ছে মহাজন্মক্ষণের স্টেশন। অধিকাংশ লোকে ভুলে গিয়েছে ভারতীয় কমিউনিস্ট পার্টির জনক এক খ্যাতনামা বঙ্গসন্তান। তাঁর হাতে তৈরি মেক্সিকোর কমিউনিস্ট পার্টিও। তিনি চিরকালীন মানবেন্দ্রনাথ রায়। আসল নাম-পদবি আলাদা ছিল— নরেন্দ্রনাথ ভট্টাচার্য।

ভারতে, বাংলায় কমিউনিজমের জনবিচ্ছিন্নতার প্রেক্ষাপটে যেন একমাত্র বেঁচে আছে কমিউনিস্ট কবিদের আত্মসমালোচনা।

নব্বই দশকে অমিতাভর কলম লিখেছিল, ‘সব সময় দলের কথা না ভেবে/ যদি মাঝে মাঝে দেশের কথা ভেবে ফেলি/আমাকে ক্ষমা করবেন, কমরেডস/পাঁচ আর সাত নম্বর ওয়ার্ডে আমাদের ভোট কম ব’লে/ সেখানকার মানুষ রাস্তা পাবে কি পাবে না জানতে চেয়েছিলাম।/ আমার জিভ কেটে নেবেন না/ পার্টির ছেলে নয় ব’লে ইকনমিক্স-এ ফার্স্ট ক্লাস চন্দন/ কাজটা পাবে কি পাবে না— বলতে চেয়েছিলাম/ আমার নাক ঘষে দেবেন না।/দাগি বদমায়েশ/আমাদের হয়ে উর্দি বদল করলেই/ রেহাই পাবে কি পাবে না— বলতে চেয়েছিলাম/ আমায় জুতোয় মাড়িয়ে যাবেন না/ বিশ্বাস করুন কমরেডস/ আমি দলছুট নই বিক্ষুব্ধও নই...’

*এরপর দশের পাতায়*

DESUN HOSPITAL SILIGURI
শিলিগুড়ির সব থেকে বড়
ডিসান নার্সিং স্কুল ও কলেজ
এখন ফুলবাড়িতে
2025-26-এ ভর্তির জন্য যোগাযোগ করুন
90 5171 5171



*সন্তানদের সঙ্গে খুনসুটি ‘জয়পুর রানি’র। নাহারগড় বায়োলজিকাল পার্কে বৃহস্পতিবার।*

# আধার, ভোটার কার্ড বিবেচনা করার সুপ্রিম পরামর্শ

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ১০ জুলাই :** ভোটার তালিকার বিশেষ সংশোধনে নির্বাচন কমিশনের প্রক্রিয়াকে চ্যালেঞ্জ করে দায়ের হওয়া মামলার নিষ্পত্তি হল না। তবে আধার কার্ড, সচিত্র পরিচয়পত্র ও র‍্যাশন কার্ডকে নাগরিকত্ব যাচাইয়ের নথি হিসেবে না মানতে কমিশনের সিদ্ধান্ত আপাতত বাধাপ্রাপ্ত হল সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণে।

১ অগাস্ট বিহারের খসড়া ভোটার তালিকা প্রকাশের নির্দিষ্ট সময়ের আগে এই মামলায় পরবর্তী শুনানি ধার্য হয়েছে। শুনানি হবে ২৮ জুলাই। তার আগে কেন নির্বাচন কমিশন ওই নথিগুলিকে মানতে চাইছে না, তা হলফনামা দিয়ে ২১ জুলাইয়ের মধ্যে জানাতে বলেছে শীর্ষ আদালত।

কমিশন আদালতে নানাভাবে সওয়াল করেছিল, যাতে তাদের নির্দেশিকা অনুযায়ী বিশেষ নিবিড় সমীক্ষা এগিয়ে নিয়ে যেতে বাধা না পড়ে। স্থগিতাদেশ না দিলেও সুপ্রিম কোর্ট কিন্তু কমিশনকে সরাসরি সেই সুযোগ দেয়নি। ওই বিশেষ সমীক্ষায় জন্মের শংসাপত্র, পাসপোর্ট, ম্যাট্রিকুলেশন পরীক্ষার শংসাপত্রের মতো ১১টি নথি গ্রহণযোগ্য হলেও আধার, ভোটার ও র‍্যাশন কার্ড না রাখায় আপত্তি জানিয়েছিলেন অনেকে।

ওই নির্দেশকে চ্যালেঞ্জ করে বেশ কয়েকটি মামলা দায়ের হয়। বৃহস্পতিবার বিচারপতি সুধাংশু ধুলিয়া এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ সেই মামলায় জানিয়ে দিল, কমিশন নির্ধারিত নথিগুলি পূর্ণাঙ্গ নয়। *এরপর দশের পাতায়*

# তৃণমূলের আতশকাচে বিতর্কিত দিলীপ

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** শিলিগুড়ি পুরনিগমের মেয়র পারিষদ তথা তৃণমূল কংগ্রেস নেতা দিলীপ বর্মনকে কি পার্টির সমস্ত কাজকর্ম থেকে বিরত থাকার নির্দেশ দিল রাজ্য নেতৃত্ব? এই প্রশ্নই এখন ঘুরছে দলের অন্দরে। দু’দিন আগে দলের রাজ্য সভাপতির নির্দেশে কলকাতা থেকে এক প্রতিনিধিদল শিলিগুড়িতে এসে দিলীপের সঙ্গে কথা বলে গিয়েছে। সূত্রের খবর, সেই প্রতিনিধিদলের তরফে দিলীপকে তাঁর বিভিন্ন কর্মকাণ্ডের জন্য সতর্ক করে দেওয়া হয়েছে। দিলীপ কলকাতা থেকে প্রতিনিধি আসার কথা স্বীকার করে নিয়েছেন। তাঁর দাবি, ‘দল করব কী করব না সেটা ওই প্রতিনিধিরা বলার কে? দল করতে না দিলে লিখিতভাবে জানাক, তারপর প্রয়োজনে জয় শ্রীরাম হয়ে যাব।’

বিতর্ক হতে পারে অনুভব হতেই দিলীপ একনিঃশ্বাসে বললেন, ‘জয় শ্রীরাম মানে বিজেপিতে যাওয়া নয়, আমি রাজনীতি থেকেই বসে যাবে।’ তৃণমূলের দার্জিলিং জেলা নেতৃত্ব অবশ্য এই বিষয়ে কিছু জানা নেই বলে বিষয়টি এড়িয়ে গিয়েছে।

দীর্ঘদিন ধরে তৃণমূল কংগ্রেস করছেন ৪৬ নম্বর ওয়ার্ডের চম্পাসারির দিলীপ। ২০২২ সালে দল তাঁকে শিলিগুড়ি পুরনিগমের ভোটে প্রার্থী করে। ৪৬ নম্বর ওয়ার্ডের বিশাল এলাকা থেকে জয়ী হয়ে দিলীপ কাউন্সিলার হন। তাঁকে মেয়র পারিষদও করা হয়েছে। কিন্তু প্রথম থেকেই বিতর্কে তৃণমূলের এই নেতা। কখনও প্রধাননগর থানা ঘেরাওয়ের হুমকি, কখনও প্রকাশ্যেই দলের জেলা সভানেত্রীর বিরুদ্ধে টাকা নিয়ে পদ বিলির অভিযোগ, আবার কখনও নিয়ন্ত্রিত বাজারে দলেরই দুই গোষ্ঠীর বিরোধে নাম জড়িয়েছে এই নেতার। ফলে তাঁকে নিয়ে দলে অশ্বস্তি বাড়ছিলই। দিলীপের কর্মকাণ্ড নিয়ে একাধিকবার জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ রাজ্যকে জানিয়েছেন। কিন্তু দিলীপ বহালতবিয়তেই নিজের মেজাজ নিয়েই ছিলেন।

কিন্তু কিছুদিন ধরে তিনি মেয়র গৌতম দেবের বিরুদ্ধেও বিভিন্ন অভিযোগ তুলতে শুরু করেন।

*এরপর দশের পাতায়*

**কড়া নির্দেশ**

- দিলীপকে কি পার্টির সমস্ত কাজকর্ম থেকে বিরত থাকার নির্দেশ রাজ্য নেতৃত্বের
- দলের অন্দরে এখন ঘুরছে এই প্রশ্ন
- কলকাতা থেকে এক প্রতিনিধিদল শিলিগুড়িতে এসে দিলীপের সঙ্গে কথা বলে গিয়েছে
- প্রতিনিধিদলের তরফে দিলীপকে তাঁর বিভিন্ন কর্মকাণ্ডের জন্য সতর্ক করে দেওয়া হয়েছে

# উত্তরে ২০-রও বেশি এজেন্ট সোমনাথের

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** উত্তরবঙ্গজুড়ে চক্র চালানোর জন্য সোমনাথ মুখোপাধ্যায় ২০ জনেরও বেশি এজেন্ট নিয়োগ করেছিলেন। এই এজেন্টদের মধ্যে কয়েকজনকে কমিশন ভিত্তিতে টাকা দেওয়া হত। বিশেষ বিশ্বাসযোগ্যদের মাইনের ব্যবস্থাও করেছিলেন সোমনাথ। গাড়ি ভাড়া হওয়ার পর সেটা নিতে যাওয়ার জন্য এই এজেন্টরাই মালিকদের কাছে হাজির হতেন। এই এজেন্টরাই আবার সেই ভাড়ায় নেওয়া গাড়ি ক্রেতাদের হাতে বিক্রি করে দিতেন। কোনওটা আবার বন্ধক রাখা হত। গোটাটাই অবশ্য চলত সোমনাথের অঙ্গুলিহেলনে। শুধু তাই নয়, এজেন্টরা যাতে বিশ্বাসযোগ্যতা না ভাঙতে পারে, তার জন্য গাড়ি চুরির পর টেকনিসিয়ান দিয়ে আগের জিপিএস ফেলে নতুন জিপিএস লাগিয়ে নিতেন সোমনাথ। এরপর সেই জিপিএস-এর মাধ্যমে গাড়ির উপর নজরদারি চালাতেন তিনি।

সোমনাথকে গ্রেপ্তার করার পর থেকে একাধিক তত্ত্ব হাতে এসেছে পুলিশের। তদন্তকারীরা জানতে পেরেছেন, এক এক জায়গায় নিজের এক এক ধরনের পরিচয়ও দিয়েছেন সোমনাথ। মেটেলিতে জলপাইগুড়ি জেলা পরিষদের প্রাক্তন সদস্য পুষ্পা কুজুরকে শাসকদলের রাজ্য স্তরের নেতা হিসেবে পরিচয় দিলেও অসমে সোমনাথ নিজের পরিচয় দিয়েছিলেন হোমস্টে-পর্যটক ব্যবসায়ী হিসাবে।

এদিন প্রধাননগর থানার সামনে দাঁড়িয়ে সোমনাথের সেই নানা রূপের কথাই তুলে ধরেন গুয়াহাটির বাসিন্দা গাড়ির ব্যবসায়ী জয়কৃষ্ণ ফুকন। তিনি বলেন, ‘প্রথমে সোমনাথ অ্যাপের মাধ্যমে আমার থেকে এক সপ্তাহের জন্য গাড়ি ভাড়া নেন। এরপর গাড়ি ফেরত দেন। এরপর সরাসরি আমার সঙ্গে যোগাযোগ করে তিনি বলেন, তাঁর ৫০টি গাড়ি এক সপ্তাহের জন্য ভাড়ায় লাগবে। কারণ হিসেবে তিনি জানান, গুয়াহাটি ও সংলগ্ন এলাকায় তাঁর বেশ কয়েকটি হোমস্টে লাগবে। শিলিগুড়ি থেকে বেশ কয়েকজন ইউটিউবার আসবে। গুয়াহাটি সহ অসমের বিভিন্ন জায়গায় ও মেঘালয়ে শুটিং হবে। এরপর বিভিন্ন এজেন্সি থেকে ৫০টি গাড়ি এক সপ্তাহের জন্য তাঁকে ভাড়া দেওয়া হয়। এক সপ্তাহ পর গাড়ি ফেরত চাওয়া হলে আরও দুই-তিনদিন সময় চাওয়া হয়। এরপরই দেখা যায়, গাড়িগুলির জিপিএস কেটে দেওয়া হয়েছে। *এরপর দশের পাতায়*

উত্তরবঙ্গের কিছু নির্বাচিত খবরের ভিডিও দেখতে কিউআর কোড স্ক্যান করুন

# রত্নগর্ভা চম্পাকলিই পিলখানার পালিকা মা

উত্তরবঙ্গ সংবাদ স্পেশাল

**৭ থেকে ৮টি মা-হারা শাবককে দুধ খাইয়েছে চম্পাকলি। ঠিক যেন পালিকা মা। পাশাপাশি নিজের ৭ থেকে ৮টি সন্তানকেও বড় করেছে। সর্বশেষ বছর ছয়েক আগে তিতি নামের এক অনাথ শাবককে মাতৃদুগ্ধ দিয়ে বড় করেছে।**

**নীহাররঞ্জন ঘোষ**

**মাদারিহাট, ১০ জুলাই :** পান্নায় সম্প্রতি মৃত্যু হয়েছে এশিয়ার সবথেকে বয়স্ক হাতি বৎসলার। সেখানে সে ছিল হস্তীশাবকদের অভিভাবকের মতো। আর জলদাপাড়ায় ঠিক যেন বৎসলার ভূমিকাই পালন করে চম্পাকলি। বৎসলার মতো না হলেও চম্পাকলিরও বয়েস হয়েছে অনেক। ৪০ বছরের কর্মজীবন শেষে সামনের বছর অবসর নেবে সে। এযাবৎ ৭-৮ জন মাতৃহীন হস্তীশাবককে দুধ খাইয়ে বড় করেছে সে।

মাত্র ২০ বছর বয়সে তাকে বিহারের শোনপুর মেলা থেকে কিনে এনেছিল বন দপ্তর। পরবর্তী সময়ে এই কুনকিই জলদাপাড়ার সম্পদ হয়ে ওঠে। বিশেষ করে অনাথ হস্তীশাবকদের মাতৃদুগ্ধ পান করিয়ে বড় করার ক্ষেত্রে তো রেকর্ড তৈরি করেছে এই চম্পাকলি। বন দপ্তর সূত্রেই জানা গিয়েছে, ৭ থেকে ৮টি মাহারা শাবককে দুধ খাইয়েছে সে। ঠিক যেন পালিকা মা। পাশাপাশি নিজের ৭ থেকে ৮টি সন্তানকেও বড় করেছে। সর্বশেষ বছর ছয়েক আগে তিতি নামের এক অনাথ শাবককে মাতৃদুগ্ধ দিয়ে বড় করেছে। তিতি এখন কুনকি হাতির প্রশিক্ষণ শেষ করে টহলদারির কাজ করছে। বনকর্মীরা বলছেন, চম্পাকলি নিজে একজন রত্নগর্ভা। তার গর্ভে জন্ম নেওয়া চন্দন, ডায়না, আম্রপালি, এণাক্ষী, চৈতি, বিদ্যা, সকলেই ‘প্রতিষ্ঠিত’। তারা সকলেই সাফল্যের সঙ্গে বন ও বন্যপ্রাণীদের রক্ষার কাজ করে চলেছে।

চম্পাকলিকে শোনপুর মেলা থেকে আনার পর তার দায়িত্ব নিয়েছিলেন ভোটে খড়িয়া নামের মাহুত। তিনি অবসর নেওয়ার পর দায়িত্ব নেন সোমা ওরাওঁ। সোমা অসুস্থ হয়ে মারা যাওয়ার পর দায়িত্ব নেন রবি বিশ্বশর্মা। সেই থেকে রবিই এখনও চম্পাকলির মাহুত। চম্পাকলির ঠিকানা জলদাপাড়ার হলং সেন্ট্রাল পিলখানা। মাহুত রবি জানালেন, চম্পাকলির মতো ঠান্ডা স্বভাবের হাতি খুব বিরল। দায়িত্ব পালনে ও কোনও ত্রুটি রাখে না। যে কোনও পরিস্থিতিতে ঠান্ডা মাথায় সামলে নেয়। মানুষের মতোই ওদেরও চাকরির সার্ভিস বুক রয়েছে। ৬০ বছর বয়সে অবসর নিতে হয়। বর্তমান ওর বয়স ৫৯ বছর। চাকরিজীবনের শেষপ্রান্তে দাঁড়িয়ে অবসরের দিন গুনছে চম্পাকলি।

চম্পাকলির ইতিহাস বলছে, তার কখনও অশান্ত হওয়ার রেকর্ড নেই। পর্যটকদের পিঠে বসিয়ে সবচেয়ে বেশি নিরাপদে ঘুরিয়ে আনার রেকর্ড রয়েছে তার। আবার দক্ষিণবঙ্গে গিয়ে বুনো দামাল হাতিদের শায়েস্তা করার ক্ষমতাও যে তার রয়েছে, সেটাও হাতেকলমে প্রমাণিত।

উত্তরবঙ্গের মুখ্য বনপাল ভাস্কর জেভি তো ওই কুনকির প্রশংসায় পঞ্চমুখ। জানালেন, চম্পাকলির তুলনা নেই। ওর জন্যই প্রচুর অনাথ শাবকের প্রাণ রক্ষা পেয়েছে। মুমূর্ষু অবস্থায় উদ্ধার করা অনাথ শাবকদের বাঁচানোর একমাত্র পথ ছিল মাতৃদুগ্ধ ও মায়ের আদর। চম্পাকলি এই দুটোই সমানভাবে দিয়ে বাঁচিয়েছে তাদের। ভাস্কর বললেন, ‘আমরা অন্য মা হাতিদের দিয়েও অনাথ

*এরপর দশের পাতায়*



*জলদাপাড়ার পিলখানায় সেই চম্পাকলি। অবসর দোরগোড়ায়।*



শৈশবের হুটোপাটি। কোচবিহারের খাগড়াবাড়ি পোস্ট অফিস এলাকায়। বৃহস্পতিবার। ছবি : অপর্ণা গুহ রায়

# ঘর কিংবা পথেই প্রসব, বাড়ছে উদ্বেগ

## বালাভূত ও দরিবশে নজর

**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ১০ জুলাই :** কোচবিহার জেলায় গত একবছরে হাসপাতালে পৌঁছানোর আগেই ১২০ জন সন্তানপ্রসব করেছেন। যেখানে প্রাতিষ্ঠানিক প্রসবের সংখ্যা বাড়ানোর জন্য সর্বত্রই প্রচার করা হচ্ছে তখন এই প্রবণতায় রাজ্যে উদ্বেগ বাড়ছে। ওই সংখ্যার সিংহভাগই তুফানগঞ্জের বালাভূত ও দিনহাটার দরিবশ এলাকা বলে পরিসংখ্যানে দেখা গিয়েছে। উন্নত স্বাস্থ্য পরিষেবা থেকে এই দুটি এলাকা কার্যত বিচ্ছিন্ন বলে অভিযোগ। ফলে হাসপাতালে পৌঁছানোর আগেই বাড়ি কিংবা রাস্তাতেই সন্তানপ্রসবের মতো ঘটনা ঘটে যায়। ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী ওই দুটি এলাকা নদী দিয়ে পরিবেষ্টিত। যোগাযোগ ব্যবস্থাও ভালো নয়। ফলে তাঁদের দূরবর্তী জায়গায় না গিয়ে ওই এলাকাতেই সন্তানপ্রসব করানোর মতো ব্যবস্থা যাতে দ্রুত করা যায় সেজন্য স্বাস্থ্য দপ্তর তোড়জোড় শুরু করেছে।

কোচবিহারের মুখ্য স্বাস্থ্য আধিকারিক হিমাদ্রীকুমার আড়ির কথায়, 'আমাদের জেলায় ৯৯.৮ শতাংশ প্রাতিষ্ঠানিক প্রসব হয়। বালাভূত ও দরিবশে কিছুটা সমস্যা রয়েছে। সেই সমস্যা মেটানোর জন্য আমরা ইতিমধ্যেই কাজ শুরু করেছি।' স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, গত একবছরে ৩৮ হাজার শিশুর জন্ম হয়েছে। তার মধ্যে ১২০ জনের প্রাতিষ্ঠানিক প্রসব হয়নি। অর্থাৎ, হাসপাতাল, নার্সিংহোম বা স্বাস্থ্যকেন্দ্রের বাইরে তাদের জন্ম হয়েছে। বিধানসভার স্বাস্থ্য বিষয়ক স্ট্যান্ডিং কমিটি সম্প্রতি কোচবিহারে আসে। দলের সদস্যরা এনিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। সেই কমিটির চেয়ারম্যান ডাঃ নির্মল মাঝি বললেন, 'এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ করতে জেলা স্বাস্থ্য দপ্তরকে বলা হয়েছে।'



**সতর্ক প্রশাসন**

- গত একবছরে হাসপাতালে পৌঁছানোর আগেই ১২০ জন সন্তানপ্রসব করেছেন
- ওই সংখ্যার সিংহভাগই তুফানগঞ্জের বালাভূত ও দিনহাটার দরিবশ এলাকা
- উন্নত স্বাস্থ্য পরিষেবা থেকে এই দুটি এলাকা কার্যত বিচ্ছিন্ন
- দূরবর্তী জায়গায় না গিয়ে ওই এলাকাতেই সন্তানপ্রসব করানোর ব্যবস্থায় তোড়জোড়

তুফানগঞ্জ-১ ব্লকের বালাভূত গ্রামটি ভৌগোলিক দিক থেকে প্রত্যন্ত এলাকায় অবস্থিত। বালাভূতে একাধিক নদীর চর রয়েছে। চর বালাভূত ও চর ঝাউকুঠি এলাকা কার্যত দ্বীপ। ফলে সেখান থেকে নদী ও চর পেরিয়ে তুফানগঞ্জ শহরে হাসপাতালে পৌঁছাতে প্রায় ২৫ কিলোমিটার পথ পাড়ি দিতে হয়। নদী পেরোনোর ক্ষেত্রে বিএসএফের সহযোগিতাও নেওয়া হয়। সেক্ষেত্রে ঝাউকুঠির বহু বাসিন্দা চিকিৎসার জন্য অসমে চলে যান। বালাভূতে একটি সুস্বাস্থ্যকেন্দ্র ও দাতব্য চিকিৎসালয় রয়েছে। তবে সেখানে পরিষেবা ঠিকমতো মেলে না বলেই অভিযোগ। এদিকে, দিনহাটার গীতালদহ-২ গ্রাম পঞ্চায়েত এলাকায় মানসাই নদীর চর এলাকা দরিবস। দিনহাটা শহরে যাওয়ার জন্য সেখানকার বাসিন্দাদের ২০ কিলোমিটার দুর্গম পথ পাড়ি দিতে হয়। প্রথমে তাঁদের কিছুটা চর পেরিয়ে নদী, নদী পেরিয়ে সীমান্তে বিএসএফ-র কাছে জবাবদিহির পর টোটো চড়ে গিতালদহ তারপর সেখান থেকে অটো ধরে দিনহাটা শহরে যেতে হয়। দুর্গম এলাকা হওয়ায় সেখানেও চিকিৎসা পরিষেবা নিয়ে বিস্তর অভিযোগ রয়েছে।

স্বাস্থ্য দপ্তর জানিয়েছে, দুর্গম পথ পেরিয়ে যাতে সেখানকার বাসিন্দাদের দূরে গিয়ে প্রসব করাতে না হয় সেজন্য দুই একর জায়গায় বালাভূত দাতব্য চিকিৎসালয়টিকে ১০ শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হিসেবে গড়ে তোলার তোড়জোড় করা হচ্ছে। স্থানীয় অন্তঃসত্ত্বারা সেখানেই সন্তানের জন্ম দিতে পারবেন। তবে দরিবস নিয়ে এখনও কোনও সিদ্ধান্ত হয়নি। সেটি নিয়েও চিন্তাভাবনা চলছে বলে স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা জানিয়েছেন।

## সামশাদ নিগ্রহে ইসলামপুরে কলকাতার পুলিশ

# অপহরণ, ফেরায় রহস্যের গন্ধ

**অরুণ ঝা**

**ইসলামপুর, ১০ জুলাই :** প্রায় ৪০ দিন নিখোঁজ থাকার পর অবশেষে বুধবার বাড়ি ফিরেছে ইসলামপুরের ছয়ঘরিয়ার কিশোর সামশাদ। সে কোথা থেকে, কীভাবে ফিরল, তা নিয়েই তৈরি হয়েছে রহস্য। সেই রহস্যের জট ছাড়াতে বৃহস্পতিবার সকালে ইসলামপুরে পৌঁছায় রবীন্দ্রনগর থানার একটি দল। সামশাদ কীভাবে আক্রা থেকে শিয়ালদা ও সেখান থেকে কিশনগঞ্জ হয়ে বাড়ি পৌঁছাল, তা জানতে সিসিটিভি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ। এই ঘটনায় ইসলামপুর থেকে প্রভাবশালী কেউ কলকাঠি নাড়ছিল কি না তা নিয়েও গুঞ্জন শুরু হয়েছে।

এদিন সকাল ১১টা থেকে দুপুর প্রায় আড়াইটা পর্যন্ত সামশাদের শারীরিক পরীক্ষা হয় ইসলামপুর মহকুমা হাসপাতালের ট্রমা কেয়ার ইউনিটে। বুধবার রাতভর সে পুলিশ হেপাজতে ছিল। এদিন রবীন্দ্রনগরের দলটি ট্রমা কেয়ারে ওই কিশোরের সঙ্গে দীর্ঘক্ষণ কথা বলে। বাইরে ভিড় করেছিলেন সামশাদের মা আসিনা খাতুন সহ পরিবারের অন্য সদস্যরা। তাঁদের আর্জি মেনে তদন্তকারীরা দু'দিনের জন্য ওই কিশোরকে ছয়ঘরিয়ার বাড়িতে থাকার অনুমতি দিয়েছেন। তার পর সামশাদকে কলকাতায় নিয়ে যাওয়া হবে। এদিকে, বুধবার পরিবারের তরফে দাবি করা হয়েছিল, কিশনগঞ্জ স্টেশন থেকে ইসলামপুর- এই ৩০ কিলোমিটার পথ হেঁটে এসেছে ওই কিশোর। সেকারণে কিশনগঞ্জ-ইসলামপুর সড়কে থাকা সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন ইসলামপুরের অতিরিক্ত পুলিশ সুপার ডেন্ডুপ শেরপা। সংবাদমাধ্যমের প্রশ্নের মুখে তদন্তকারী এক অফিসার শুধু বলেছেন, 'সামশাদ সুস্থ আছে। তাকে কলকাতা নিয়ে যাওয়া হবে।' এর বেশি আর কিছু তিনি বলতে চাননি।



হাসপাতাল থেকে সামশাদকে বাড়ি নিয়ে যাওয়ার সময় জনতার ভিড়।

**কী ঘটনা**

- প্রায় ৪০ দিন নিখোঁজ থাকার পর বাড়ি ফিরেছে ইসলামপুরের সামশাদ
- আক্রা-শিয়ালদা ও কিশনগঞ্জ-ইসলামপুর পথে লুকিয়ে রহস্য
- এদিন রহস্য উন্মোচনে ছয়ঘরিয়ায় পৌঁছেছে রবীন্দ্রনগরের পুলিশ
- ওই কিশোরকে কলকাতায় নিয়ে যাওয়া হবে

পরিবারের সদস্যরা জানিয়েছিলেন, নির্যাতনের পর মহেশতলা থেকে পালিয়ে সামশাদ আক্রায় পৌঁছায়। সেখানে আরও এক ব্যক্তি তাকে অপহরণ করে আটকে রেখেছিল। সোমবার সুযোগ বুঝে সেখান থেকে পালায় ওই কিশোর। শেষপর্যন্ত বুধবার বাড়ি পৌঁছায় সে। আক্রা থেকে শিয়ালদা- এই ১৮ কিলোমিটার ট্রেনে প্রায় এক ঘণ্টার পথ। তদন্তকারীরা মনে করছেন, আক্রা ও শিয়ালদার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখলেই রহস্যের উন্মোচন হতে পারে।

এদিন হাসপাতাল থেকে বাড়ি নিয়ে যাওয়ার সময় সামশাদের চোখেমুখে উদ্বেগের ছাপ ছিল স্পষ্ট। সামশাদের দাদা আজাদ আলম বলেছেন, 'পুলিশ এদিনই ওকে কলকাতা নিয়ে যেতে চেয়েছিল। আমরা অনুরোধ করায় দু'দিনের জন্য ওকে বাড়িতে রাখার অনুমতি দিয়েছে। এই দু'দিন সাদা পোশাকের পুলিশ সামশাদের সঙ্গে থাকবে।'

১৪ বছরের কিশোরের পক্ষে রাস্তাঘাট চিনে একা একা এতদূর আসা আদৌ সম্ভব? এ প্রশ্নের উত্তরে আজাদ বললেন, 'ও বলেছে আক্রা থেকে পালিয়ে এসেছে। একা আসা সম্ভব কি না তা আমি কী করে বলব। ওই ভালো বলতে পারবে।'

অতিরিক্ত পুলিশ সুপারের বক্তব্য, 'বিষয়টি রবীন্দ্রনগর থানা দেখছে। আমরা সহযোগিতা করছি মাত্র। তবে কিশনগঞ্জ থেকে ইসলামপুর পর্যন্ত সড়কের সিসিটিভি ফুটেজ অবশ্যই খতিয়ে দেখা হবে।'

## আনারস উন্নয়নকেন্দ্র চালুর উদ্যোগ

**শিলিগুড়ি, ১০ জুলাই :** বিশবাঁও জলে পড়ে থাকা বিধাননগরের আনারস উন্নয়নকেন্দ্র চালুর বিষয়ে অতীতে একাধিকবার উদ্যোগ নেওয়া হলেও তা ফলপ্রসূ হয়নি। বিকল্প রাস্তা না থাকায় চালুই হয়নি কেন্দ্রটি। এসজেডিএ (শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষ)-র চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়ে এবার এবিষয়ে পদক্ষেপ করতে চাইছেন দিলীপ দুগার। বৃহস্পতিবার তিনি এ ব্যাপারে শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষের সঙ্গে বৈঠক করেন। আগামী সপ্তাহে মেয়র গৌতম দেবকে সঙ্গে নিয়ে আনারস উন্নয়নকেন্দ্রটি দেখতে যাওয়ার কথা রয়েছে দিলীপের।

বাম আমলে এসজেডিএ-র চেয়ারম্যান থাকাকালীন অশোক ভট্টাচার্য ওই কেন্দ্রটি তৈরি করেছিলেন। কিন্তু রাস্তার সমস্যার কারণে কেন্দ্রটি আর চালু করা যায়নি। সেখানে প্রবেশের রাস্তা রয়েছে ঠিকই। কিন্তু বের হওয়ার জন্য আর একটি বিকল্প রাস্তা প্রয়োজন। আর সেজন্য আগে দরকার জমি অধিগ্রহণ। কিন্তু সেই পরিকল্পনা বর্তমান সরকারের আমলে হয়ে ওঠেনি।

এ বিষয়ে দিলীপ দুগার বলছেন, 'কেন্দ্রটি চালু হলে আনারস প্রক্রিয়াকরণ ও গবেষণা সম্ভব হবে। যেভাবেই হোক কেন্দ্রটি চালু করতে চাই। বর্তমানে কেন্দ্রটি কী পরিস্থিতিতে রয়েছে, তা নিয়ে সভাধিপতি ও কর্মাধ্যক্ষদের সঙ্গে কথা হয়েছে। মঙ্গলবার মহকুমা পরিষদে এ ব্যাপারে আরেকটি বৈঠক হবে। এরপর কেন্দ্র দেখতে যাব।'

অন্যদিকে অরুণ ঘোষ বলেন, 'সরকারি জায়গা দখল হয়ে থাকায় রাস্তা তৈরিতে সমস্যা হচ্ছে। আলোচনা করে রাস্তা নির্মাণ করতে হবে। পাশাপাশি স্থানীয়দেরও সহযোগিতা প্রয়োজন।'

## ঠিক যেন ছবির মতো



তাল গাছ এক পায়ে দাঁড়িয়ে... বালুরঘাটের সৈয়দপুরে। - মাজিদুর সরদার

## ফুলেশ্বরীর নীতার খোঁজ মেলেনি আজও

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** বাবার দোকান থেকে বাড়ি ফেরার পথে রহস্যজনকভাবে নিখোঁজ হয়েছিলেন ফুলেশ্বরীর নীতা সরকার (২৫)। ঘটনাটি ঘটেছিল ৪ এপ্রিল। কিন্তু তাঁর কোনও হদিস মেলেনি। আজও মেয়ের খোঁজে হন্যে হয়ে পুলিশ ও প্রশাসনের দ্বারে দ্বারে ঘুরছেন অসহায় বাবা। ঘটনার পর তদন্তকারী আধিকারিকের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ উঠেছিল। এমনকি পুলিশ কমিশনারের কাছে অভিযোগ হওয়ার পর বদলে দেওয়া হয়েছিল আইওকে। এরপর প্রায় দুই মাস কেটে গিয়েছে। কিন্তু তরুণীকে খুঁজে বের করতে পারেনি পুলিশ।

এদিকে, তরুণী নিখোঁজের তিনদিন বাদে একটি ছোট চিরকুট উদ্ধার হয়েছিল। তাতে লেখা ছিল 'আমার খোঁজ করতে হবে না। আমার মৃত্যুর জন্য কেউ দায়ী নয়।' হাতের লেখা মেলাতে ওই চিরকুট এবং তরুণীর অন্য কাগজে লেখা পাঠানো হয়েছে গ্রাফোলজিস্টের কাছে। সেটারও এখনও কোনও খোঁজ নেই। এদিকে, মেয়ের চিন্তায় ঘুম উবেছে পরিবারের। মেয়ের খোঁজ পেতে বৃহস্পতিবার সাংবাদিকদের দ্বারস্থ হয় ফুলেশ্বরীর ওই পরিবার। বৃহস্পতিবার শিলিগুড়ি জার্নালিস্টস ক্লাবে সাংবাদিক সম্মেলন করেছেন তরুণীর বাবা। তাঁর বক্তব্য, 'এখনও পুলিশ আমার মেয়েকে খুঁজে দিতে পারল না। মেয়ের চিন্তায় আমার পরিবারের খাওয়া ঘুম সব বন্ধ।'

ফুলেশ্বরীর বাসিন্দা ব্রেন টিবিতে আক্রান্ত নীতা বাবার দোকান থেকে ফেরার পথে আচমকা নিখোঁজ হয়ে যান। অনেক খোঁজ করে না পেয়ে শিলিগুড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করে পরিবার। ওই সময় পরিজনেরা সিসিটিভি ক্যামেরার ফুটেজে দেখতে পান একটি নম্বরবিহীন টোটোতে চেপে মহাবীরস্থানের দিকে যাচ্ছেন তরুণী। এরপর থেকে তাঁর আর কোনও খোঁজ নেই। অসুস্থ নীতার প্রতিদিনই ওষুধ প্রয়োজন। ওষুধ না খেলে তিনি ধীরে ধীরে সব ভুলতে থাকেন। এখন ওই তরুণী কোথায়, কী অবস্থায় রয়েছেন, তা নিয়ে উদ্বেগে তাঁর পরিবারের লোকেরা।

# হাইকোর্টের নির্দেশে জমি দখলমুক্ত

## ডিআই ফান্ডের জায়গায় অবৈধ নির্মাণ

**কার্তিক দাস**

**খড়িবাড়ি, ১০ জুলাই :** ডিস্ট্রিক্ট ইম্প্রুভমেন্ট (ডিআই) ফান্ডের জমি দখল করে অবৈধ নির্মাণের ফলে রাস্তা বন্ধ হওয়ার অভিযোগ উঠেছিল অধিকারীতে। হাইকোর্টের নির্দেশে বৃহস্পতিবার সেই নির্মাণ ভাঙল খড়িবাড়ি ব্লক প্রশাসন।

অধিকারী বাজার সংলগ্ন কেলাবাড়ি মৌজায় ডিআই ফান্ডের জমি দখল করে চাষাবাদ করতেন মুকুল দাস নামে এক ব্যক্তি। এছাড়া ওই জমিতে অবৈধভাবে টিনের চালাও নির্মাণ করেছিলেন তিনি। সেই জমির পিছনে প্রদীপকুমার প্রসাদ নামে অপর এক ব্যক্তির খতিয়ান জমি রয়েছে। কিন্তু জমিতে ঢোকার পথ দখল হয়ে যাওয়ায় প্রদীপ নিজের জমিতে প্রবেশ করতে পারছিলেন না। মুকুলের বিরুদ্ধে জমির জাল নথি তৈরির অভিযোগ তুলে প্রশাসনের দ্বারস্থ হন তিনি। পরবর্তীতে জাল নথি বাতিল হলেও সরকারি জমিটি দখলমুক্ত করেননি মুকুল। এরপর হাইকোর্টের দ্বারস্থ হন প্রদীপ। অবশেষে হাইকোর্টের নির্দেশে এদিন জমিটি দখলমুক্ত করেছে প্রশাসন। এদিন ঘটনাস্থলে উপস্থিত ছিলেন খড়িবাড়ির বিডিও, ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক এবং খড়িবাড়ি থানার পুলিশকর্মীরা। এদিন আর্থমুভার দিয়ে অবৈধ নির্মাণ ভেঙে জমিতে ঢোকার রাস্তা দখলমুক্ত করা হয়। সীমানা প্রাচীরের একাংশও ভাঙা হয়।



অবৈধ নির্মাণ ভাঙতে প্রশাসনের অভিযান। অধিকারীতে বৃহস্পতিবার।

> আমার জমিতে ঢোকার মুখে থাকা অবৈধ নির্মাণ ভাঙা হয়েছে ঠিকই। কিন্তু জমিটি দখলমুক্ত করেনি প্রশাসন। এখনও চালাঘর রয়েছে।
>
> **প্রদীপকুমার প্রসাদ**, *মামলাকারী*

অভিযুক্ত মুকুল দাস বলেন, 'কোনও নোটিশ ছাড়াই প্রশাসন ঘর ভাঙতে এসেছে।' এদিন তিনি অসুস্থ হয়ে পড়লে খড়িবাড়ি গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়। ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক প্রতিমা সুব্বার বক্তব্য, 'উভয়পক্ষকেই জানানো হয়েছে।' বিডিও দীপ্তি সাউ বলেছেন, 'হাইকোর্টের নির্দেশে এই অভিযান।'

এদিকে, অবৈধ নির্মাণ সম্পূর্ণ ভাঙা হয়নি বলে দাবি করেছেন প্রদীপ। তাঁর কথায়, 'আমার জমিতে ঢোকার মুখে থাকা অবৈধ নির্মাণ ভাঙা হয়েছে ঠিকই। কিন্তু জমিটি দখল মুক্ত করেনি প্রশাসন। এখনও চালাঘর রয়েছে।' প্রয়োজনে ফের আদালতে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন প্রদীপ।

## বিধায়ক-পুত্রের জামিন খারিজ

**কোচবিহার, ১০ জুলাই :** গুলি কাণ্ডে বিজেপি বিধায়কের ছেলে দীপঙ্কর রায় ও তাঁর সঙ্গী উত্তম গুপ্তর জামিনের আবেদন খারিজ করল কোচবিহার জেলা আদালত। বৃহস্পতিবার তাঁদের ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, গুলি চলার সময় ওই দুজনের মোবাইলের টাওয়ার লোকেশন সংশ্লিষ্ট এলাকায় পাওয়া গিয়েছে বলে দাবি পুলিশের। এদিন কোচবিহার আদালতে সেই তথ্য তুলে ধরা হয়। ঘটনায় বাদী পক্ষের আইনজীবী শিবেন রায় বলেছেন, 'অভিযুক্তরা যে গুলি চলার সময় ঘটনাস্থলেই ছিলেন, তার প্রমাণ মিলেছে। পরবর্তী শুনানি ২৪ জুলাই।' ৩ জুলাই রাতে ঝিনাইডাঙ্গায় তৃণমূল নেতা তথা কোচবিহার-২ পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ রাজু দে গুলিবিদ্ধ হন। অভিযোগ ওঠে, অপরাধে বিজেপি বিধায়ক সুকুমার রায়ের গাড়ি ব্যবহার করা হয়েছে। বিধায়কের ছেলে ও তাঁর সঙ্গীরা রাজুকে গুলি করেছেন। ৪ জুলাই গ্রেপ্তার হন সুকুমারের ছেলে দীপঙ্কর ও সঙ্গী উত্তম।

# জঞ্জাল অপসারণে পদক্ষেপের নির্দেশ

**শিলিগুড়ি, ১০ জুলাই :** দার্জিলিংয়ে জঞ্জাল অপসারণ ব্যবস্থা তৈরির কাজ দ্রুত শেষ করে আগামী বছরের ১৫ জানুয়ারির মধ্যে রিপোর্ট পেশের নির্দেশ দিল জাতীয় পরিবেশ আদালত। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে শৈলশহরের ডাম্পিং গ্রাউন্ডে আগুন লেগেছিল। এই খবর পেয়ে সেই বছরের মার্চ মাসে পরিবেশবিদ সুভাষ দত্ত দার্জিলিংয়ে এসে পাহাড়ের ঢালে আবর্জনা ডাম্প করতে দেখেন। তাঁর কথায়, 'দেশের অন্য কোথাও পাহাড়ি ঢালে ডাম্পিং গ্রাউন্ড নেই। দার্জিলিংয়ে এভাবে ডাম্পিং গ্রাউন্ড তৈরি করায় ঝরনাগুলি দূষিত হচ্ছে। পাশাপাশি এই ঝরনার জল গিয়ে নদীতে মিশছে। এতে নদীও দূষিত হচ্ছে। কলকাতায় ফিরে পরিবেশ আদালতে মামলা করেছিলাম। সেই মামলার ভিত্তিতে আদালত বিষয়টি খতিয়ে দেখার জন্য একটি কমিটি করে দেয়। কমিটি ফিরে গিয়ে রিপোর্ট পেশ করেছে।'

এর ভিত্তিতে আদালত দার্জিলিং পুরসভার কাছে কৈফিয়ত তলব করেছিল। জঞ্জাল অপসারণ এবং ডাম্পিং গ্রাউন্ডের সমস্যা মেটাতে পুরসভা কী কী পদক্ষেপ করছে সেটি আদালত জানতে চায়। পুরসভা আদালতে বেশ কিছু কাজের তালিকা দিয়ে কিছুদিন সময় চেয়েছে। দ্রুত সমস্ত কাজ শেষ করে ১৫ জানুয়ারির মধ্যে আদালতে রিপোর্ট দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বৃহস্পতিবার। পুরসভার চেয়ারম্যান দীপেন ঠাকুরি আদালতের নির্দেশ মতো কাজ হবে বলে জানিয়েছেন।

> দেশের অন্য কোথাও পাহাড়ি ঢালে ডাম্পিং গ্রাউন্ড নেই। দার্জিলিংয়ে এভাবে ডাম্পিং গ্রাউন্ড তৈরি করায় ঝরনাগুলি দূষিত হচ্ছে। এই ঝরনার জল গিয়ে নদীতে মিশছে। এতে নদীও দূষিত হচ্ছে।
>
> **সুভাষ দত্ত**, *পরিবেশবিদ*

## চিতাবাঘের দেহ উদ্ধার

**বীরপাড়া, ১০ জুলাই :** বীরপাড়া থানার দলমোর চা বাগানে বৃহস্পতিবার সকালে একটি চিতাবাঘের দেহ উদ্ধার হয়। জানা গিয়েছে, ওই চা বাগানের ১৪ নম্বর সেকশনে দেহটি পড়ে থাকতে দেখেন শ্রমিকরা। খবর পেয়ে বনকর্মীরা দেহটি উদ্ধার করেন। দলগাঁওয়ের রেঞ্জ অফিসার ধনঞ্জয় রায় জানিয়েছেন, দেহটি পূর্ণবয়স্ক মর্দা চিতাবাঘের। এদিন দুপুরবেলা দেহটি ময়নাতদন্তে পাঠানো হয়। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়া গেলেই মৃত্যুর কারণ স্পষ্ট হবে বলে জানিয়েছেন ধনঞ্জয়। কমপক্ষে দু'দিন আগে বুনোটির মৃত্যু হয়েছে বলে স্থানীয়দের সন্দেহ।

## তরুণ 'আত্মঘাতী'

**পতিরাম, ১০ জুলাই :** প্রেমিকার সঙ্গে কথা বলতে বলতে বাইশ বছরের এক তরুণ আত্মহত্যা করেছেন বলে পরিবারের সদস্যদের দাবি। ইতিমধ্যে তরুণের মৃতদেহটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট এলেই এই বিষয়ে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ। তবে এখনও পরিবারের তরফে পুলিশের কাছে কোনও লিখিত অভিযোগ জমা পড়েনি।

পেশায় রাজমিস্ত্রি এই তরুণের সঙ্গে পাশের গ্রামের এক বিবাহিত মহিলার প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। দীর্ঘদিন ধরেই তাঁদের মধ্যে ঘনিষ্ঠতা ছিল। বুধবার বিকেলে ওই মহিলার সঙ্গে ফোনে কথা বলার সময় দুজনের মধ্যে তীব্র কথা কাটাকাটি হয়। তরুণের মোবাইলে মহিলার একাধিক ব্যক্তিগত ছবি ও ভয়েস মেসেজ ছিল। সেইসব ছবি ও ভয়েস মেসেজ মুছে দিতে বলেন ওই মহিলা। কথা কাটাকাটির মধ্যেই ওই তরুণ হতাশ হয়ে পড়েন ও আত্মহত্যার সিদ্ধান্ত নেন, দাবি পরিবারের। নিজের ঘরেই গলায় ফাঁস দেন ওই তরুণ। যখন এই ঘটনাটি হয়, তখন পরিবারের বাকি সদস্যরা অন্য ঘরে ছিলেন। তড়িঘড়ি ওই তরুণকে উদ্ধার করে বালুরঘাট জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

# স্বাদে মন ভোলাবে কাঁঠালবীজের সন্দেশ

মিষ্টি খেতে কমবেশি সকলেই ভালোবাসেন। অনেকে আবার পছন্দ করেন সন্দেশ। দুগ্ধজাত উপকরণে তৈরি সন্দেশই সাধারণত বাজারে প্রচলিত। তবে এবার ভোজনরসিকদের স্বাদে ভোলাতে বাজারে এসেছে কাঁঠালবীজে তৈরি সন্দেশ।



**অভিনব মিষ্টি**

**মনজুর আলম**

**চোপড়া, ১০ জুলাই :** সন্দেশ বলতে আমরা ক্ষীর, ছানার মতো দুগ্ধজাত উপকরণে তৈরি সন্দেশই বুঝি। কিন্তু, কাঁঠালবীজের সন্দেশ! হ্যাঁ, এও সম্ভব হচ্ছে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের সৌজন্যে। শুধু কাঁঠালবীজের সন্দেশই নয়, কাঁঠাল থেকে নানা প্রকার সুস্বাদু খাবারই তৈরি করছেন তাঁরা। আর তাঁদের এব্যাপারে প্রশিক্ষণ দিচ্ছে উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞানকেন্দ্র। কাঁঠালজাত এসব খাবার মাতাচ্ছে উত্তরবঙ্গের বিভিন্ন বাজার।

কাঁচা কিংবা পাকা যে কোনও কাঁঠাল থেকে বিভিন্ন সুস্বাদু খাদ্য তৈরির ব্যাপারে উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞানকেন্দ্র থেকে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। চোপড়া ব্লকের কয়েকজন মহিলাকে এ ব্যাপারে প্রশিক্ষণ দেওয়া হয়। সোনাপুর গ্রাম পঞ্চায়েত ধন্দুগছ এলাকার বাসিন্দা তথা এক স্বনির্ভর গোষ্ঠীর সদস্য অঞ্জলি বসু দাস জানালেন, গত বছর এলাকার দুটি গোষ্ঠীর কয়েকজন মহিলা মিলে তাঁরা কাঁঠালের আচার, পাঁপড়, জ্যাম, জেলি তৈরি করেন। কাঁঠালের বীজের সন্দেশ গত দু'বছর থেকে শিলিগুড়িতেও পাঠানো হচ্ছে। এলাকাতেও ভালো চাহিদা রয়েছে। এবারও প্রশিক্ষণ শেষে তাঁরা কাজ শুরু করেছেন। কাঁঠালের আচারের সারাবছর চাহিদাও বেশ ভালো থাকে।



কাঁঠালের সন্দেশ সহ বিভিন্ন খাদ্যসামগ্রী।

ধন্দুগছ এলাকার এক স্বনির্ভর গোষ্ঠী জানাল, তারা সারাবছর মাশরুম নিয়ে কাজ করে। গত দু'বছর থেকে কাঁঠালের রকমারি খাদ্যসামগ্রী তৈরির ব্যাপারে হাতেকলমে তাদের প্রশিক্ষণ দিয়েছেন উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞানকেন্দ্রের বিশেষজ্ঞরা। এবারও প্রশিক্ষণ নিয়ে মহিলারা জ্যাম, জেলি, পাঁপড় সহ নানা খাদ্যসামগ্রী তৈরির প্রস্তুতি শুরু করেছেন। বিশেষজ্ঞের মতে এই এলাকায় যেহেতু প্রায় প্রতিটি ঘরে ঘরে কাঁঠাল গাছ রয়েছে, সে কারণে এই সুযোগকে কাজে লাগানো হচ্ছে।

উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞানকেন্দ্রের বিশেষজ্ঞ ডঃ অঞ্জলি শর্মা বলেন, 'সম্প্রতি এলাকার ২৫ জন মহিলাকে এ ব্যাপারে তিনদিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। কাঁঠালের বিভিন্ন সুস্বাদু খাদ্যসামগ্রী তৈরির ব্যাপারে প্রশিক্ষণ পেয়ে মহিলারা উৎসাহের সঙ্গে কাজ শুরু করেছেন। অন্যদিকে, কাঁঠালবীজ থেকে তৈরি সন্দেশ পরিচিতি পেতে শুরু করেছে।'

## ক্লাবকর্তাদের বিরুদ্ধে টাকা হাতানোর অভিযোগ

**শিলিগুড়ি, ১০ জুলাই :** বাঘা যতীন অ্যাথলেটিক ক্লাবের দুই কর্তার বিরুদ্ধে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ তুললেন ওই ক্লাবেরই সহ সভাপতি ও আইনজীবী অখিল বিশ্বাস।

তাঁর অভিযোগ, একদা ক্লাবের সম্পাদক থাকার সুবাদে সকলের সঙ্গে তাঁর সুসম্পর্ক ছিল। সে সময়ই প্রসূন দাশগুপ্ত এবং শিবনাথ গঙ্গোপাধ্যায় তাঁর ঘনিষ্ঠ হয়ে ওঠেন। দফায় দফায় ওই দুজন মোটা টাকা নিয়েছেন বলে অখিল পুলিশে অভিযোগ করেছেন।

কর্তাদের পালটা দাবি, ক্লাবের ভাবমূর্তি খারাপ করতেই অখিল গল্প ফেঁদেছেন। বরং তিনি ক্লাবের ভবন নির্মাণের জন্য যে ঋণ দিয়েছিলেন, তার চুক্তি কেন করছেন না, কেন ঋণ ফেরত নিতেও তাঁর অনীহা, তা নিয়েও প্রশ্ন তোলা হয়েছে।

বর্তমান ক্লাব সম্পাদক প্রসূন বলেছেন, 'অখিল ক্লাব বিরোধী কাজকর্ম করছেন। ক্লাবের নিয়মনীতি মানছেন না। তাঁকে ক্লাবের তরফে শোকজ করা হয়েছে। তাই চক্রান্ত করে ক্লাবের নামে বদনাম করছেন। তাঁর কাছ থেকে লক্ষ লক্ষ টাকা নিয়েছি এমন প্রমাণ আছে? একজন আইনজীবী হয়ে এভাবে তিনি যে কাউকে এতগুলো টাকা দিয়ে দিলেন?' অখিলের বক্তব্য, 'আমরা একই ক্লাবের সদস্য। বিভিন্ন বিপদ, সমস্যার কথা বলে, কখনও জমি কেনার বাহানায় টাকা নিয়েছেন ওঁরা।' পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত করা হচ্ছে।

**সরব সংস্থারই সহ সভাপতি**

অখিল সম্পাদক থাকাকালীনই ভবন সম্প্রসারণের সিদ্ধান্ত নেয় ক্লাবটি। ওই কাজের ক্ষেত্রে এগিয়ে এসে ক্লাবকে ৪০ লক্ষ টাকা অখিল দিয়েছিলেন বলে সূত্রের খবর। ওই টাকা দেওয়া নিয়ে অবশ্য অখিলের কোনও অভিযোগ নেই। তাঁর অভিযোগ প্রসূন ও শিবনাথের বিরুদ্ধে। অখিল বলেন, 'ওই দুজন ক্লাবেরই প্রাক্তন এক কর্তার চিকিৎসার জন্য পাঁচ লক্ষ টাকা ঋণ দেওয়ার অনুরোধ করেন। ফেরতের আশ্বাসে টাকা দিই। পরবর্তীতে বহুবার তদ্বির করে চার লক্ষ টাকা পেয়েছি। আজ পর্যন্ত বাকি টাকা দেননি।' তাঁর থেকে চার লক্ষ টাকা নিয়ে অন্য নামে খাতায় জমা করার অভিযোগও শিবনাথের বিরুদ্ধে এনেছেন। সেই টাকা তিনি পাননি বলে অভিযোগ অখিলের।

অখিলের আরও অভিযোগ, 'ক্লাবের এক সদস্যর নামে গজলডোবায় ২০ বিঘা জমি রয়েছে বলে আমাকে ওই দুজন জানান। আমি সমাজসেবামূলক কাজকর্মের জন্য ওই জমিটি নিতে রাজি হই। সেই কাজের জন্যও আমার কাছ থেকে প্রায় আড়াই লক্ষ টাকা নিয়েছেন। পরে জানতে পারি, ওই জমি অন্য একজনকে বিক্রি করে দিয়েছেন।' অখিলের বক্তব্য, 'দু'দিন আগে ক্লাবের পাশে একটি বাড়িতে গিয়েছিলাম। সেখানেই শিবনাথ এসে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন। রাস্তার মাঝে মারধর করার চেষ্টা করেন। তাই থানায় লিখিত অভিযোগ দায়ের করেছি। পুলিশ মামলাও রুজু করেছে।'

ক্লাবের বর্তমান সহ সভাপতি শিবনাথ তাঁর বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অবশ্য অস্বীকার করেছেন।

## 'হিরো' পালকি অ্যাম্বুল্যান্স ঢেকেছে জঙ্গলে

**ভাস্কর শর্মা**

**আলিপুরদুয়ার, ১০ জুলাই :** দক্ষিণবঙ্গ থেকে এক পরিচালক এসে, দেখে, অনুপ্রাণিত হয়ে আস্ত একটা সিনেমাই বানিয়ে ফেলেছেন বক্সার পালকি অ্যাম্বুল্যান্স নিয়ে। অথচ বক্সার মানুষের স্বপ্নের ওই অ্যাম্বুল্যান্স এখন ঝোপ-জঙ্গলে ঢাকা পড়েছে।

দুর্গম বক্সা পাহাড় থেকে সংকটজনক রোগী ও অন্তঃসত্ত্বাদের বহন করে নীচে নামিয়ে আনতে চালু হয়েছিল সেই পালকি অ্যাম্বুল্যান্স। অভিনব এই উদ্যোগে তখন তো খুশি হয়েছিলেন বক্সা পাহাড়ের কয়েক হাজার মানুষ। কিন্তু এখন তাঁরা প্রশ্ন করছেন, লাভ কী হল? দুটি পালকি অ্যাম্বুল্যান্সের মধ্যে একটি চালুর পরপরই বন্ধ হয়ে যায়। অপরটি তো এখনও চালুই করা হয়নি। পালকি অ্যাম্বুল্যান্স বহন করার কাজে যাঁরা যুক্ত ছিলেন, তাঁরাও এখন বেকার।

ডেপুটি সিএমওএইচ-১ নীলাঞ্জন মণ্ডল বলেন, 'আমি নতুন দায়িত্ব নিয়েছি। বিষয়টি আমার সঠিক জানা নেই। যা বলার সিএমওএইচ বলবেন।' আর আলিপুরদুয়ারের মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুমিত গঙ্গোপাধ্যায়কে ফোন এবং এসএমএস করলেও তিনি উত্তর দেননি।

স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা কিছু বলতে না চাইলেও পালকি অ্যাম্বুল্যান্স চালানোর দায়িত্বে থাকা একটি স্বেচ্ছাসেবী সংস্থা কিন্তু বিষয়টি নিয়ে সরব হয়েছে। ওই স্বেচ্ছাসেবী সংস্থা আবার বক্সাদুয়ারে কমিউনিটি হেলথ ইউনিটও পরিচালনা করে থাকে। স্বেচ্ছাসেবী সংস্থার জেনারেল



*অনেক আশা জাগিয়ে শুরু করে এখন বিস্মৃতির পথে বক্সার বিস্ময়।*

ম্যানেজার তুষার চক্রবর্তী বলেন, 'আমরা হেলথ ইউনিটটি চালানোর পাশাপাশি পালকি অ্যাম্বুল্যান্সের দায়িত্বেও আছি। কিন্তু গত প্রায় ৩ বছর ধরে পরিষেবা দেওয়ার জন্য কোনও অর্থ আমরা পাইনি। প্রায় ৩০ লক্ষ টাকা বকেয়া আছে। এই অবস্থায় টাকা না পেয়ে ভলান্টিয়াররা কাজ ছেড়ে দিয়েছেন। তাই দুটি পালকি অ্যাম্বুল্যান্স এখন আর চলছে না।'

বক্সা পাহাড়ের অন্তঃসত্ত্বা মহিলা এবং অসুস্থদের কথা চিন্তা করে ২০২১ সালে পালকি অ্যাম্বুল্যান্স চালু হয়েছিল। আলিপুরদুয়ারের তৎকালীন জেলা শাসক সুরেন্দ্রকুমার মিনা বক্সা ডুয়ার্স কমিউনিটি হেলথ ইউনিট এবং তার সঙ্গে পালকি অ্যাম্বুল্যান্স চালু করেছিলেন। কাঠ-অ্যালুমিনিয়াম দিয়ে তৈরি এই পালকি অ্যাম্বুল্যান্সে প্রথম প্রথম রোগীদের পাহাড় থেকে নীচে নামিয়ে আনা হত। পাহাড়ের মানুষ ভেবেছিলেন তাদের হয়তো আর বাঁশের মাচায় চ্যাংদোলা করে রোগীদের নীচে নামাতে হবে না। কিন্তু পালকি অ্যাম্বুল্যান্স চালুর কিছুদিনের মধ্যেই জনপ্রিয়তা হারায়।

কেন? স্থানীয়রাই জানিয়েছেন, গর্ভবতী মা ও মুমূর্ষু রোগীদের পালকি অ্যাম্বুল্যান্সে করে বক্সা পাহাড় থেকে সমতলে নামাতে সমস্যা হচ্ছিল। এর অন্যতম কারণ পালকির ওজন বেশি। তাই কাঠ ও অ্যালুমিনিয়াম দিয়ে তৈরি পালকি আর ব্যবহার করা হয়নি। পরে পালকির ওজন কমিয়ে নতুন করে বেত দিয়ে বানানো হয়। তা প্রায় ২৭ হাজার টাকা খরচ করে বানানো হয়। কিন্তু সেটি তো আজও চালু হয়নি। আর আগের পালকি এখন কমিউনিটি হেলথ সেন্টারের ঝোপের মধ্যে পড়ে নষ্ট হচ্ছে।

পাহাড়ের বাসিন্দা উৎপল ডুকপা বলছেন, 'আমাদের ফের মধ্যযুগীয় প্রথায় বাঁশে করেই রোগীদের নীচে নামাতে হচ্ছে।'

## শুভেন্দুকে আইনি নোটিশ

**শিলিগুড়ি, ১০ জুলাই :** রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর প্রকাশ করা তালিকা নিয়ে আপত্তি জানিয়ে তাঁকে আইনি নোটিশ পাঠালেন দার্জিলিং জেলা তৃণমূল ছাত্র পরিষদের সহ সভাপতি সৌরভ ভাস্কর। তৃণমূল ছাত্র পরিষদের কোন নেতারা কলেজ ও বিশ্ববিদ্যালয়ে চাকরি করছেন, তার একটি তালিকা প্রকাশ করেছিলেন শুভেন্দু। সেই তালিকায় বলা হয়েছিল, সৌরভ শিলিগুড়ি কমার্স কলেজে অস্থায়ী কর্মী হিসেবে কাজ করেন। আর কলেজের যাবতীয় কিছু নিয়ন্ত্রণ করেন। সেই তথ্যকে চ্যালেঞ্জ করে সৌরভ বিরোধী দলনেতাকে নোটিশ পাঠিয়ে নিঃশর্ত ক্ষমা দাবি করেন।

এদিন শিলিগুড়ির কলেজপাড়ায় দাঁড়িয়ে সৌরভ বলেন, '২০১৬ সালে কলেজ শেষ করে বেরিয়েছি। তৃণমূল ছাত্র পরিষদ করলেও কলেজের সঙ্গে আমার কোনও সম্পর্ক নেই। কলেজে চাকরি করি না। শুভেন্দু অধিকারী সব মিথ্যে উলটো-পালটা তালিকা প্রকাশ করছেন। উনি ৭ দিনের মধ্যে নোটিশের জবাবে নিঃশর্ত ক্ষমা না চাইলে, আমি আইনি পদক্ষেপ করব।'

এদিন সৌরভের সঙ্গে উপস্থিত ছিলেন দার্জিলিং জেলা তৃণমূল নেতা বেদব্রত দত্ত। বেদব্রতর কথায়, 'সৌরভ কমার্স কলেজের কোনও কাজের সঙ্গে যুক্ত নয়। বিরোধী দলনেতার চেয়ারে বসে শুভেন্দু অধিকারী এমন সব কথা বলছেন, যা অযৌক্তিক।'

ক্রিকেট ভারতবর্ষের একটা বড় অংশের মানুষের কাছে 'ধর্ম'। সেই ক্রিকেট খেলাকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে ঝামেলা। তারপর এক কিশোরকে তুলে নিয়ে গিয়ে মারধর। দুই পক্ষের বিবাদে উত্তপ্ত হয়ে ওঠে বাগরাকোট। হিমসিম খেতে হয় পুলিশকে। সেই ইস্যুকে হাতিয়ার করে এবার ঘোলা জলে মাছ ধরতে নেমেছে রাজনৈতিক দলগুলো। দোষারোপের পালা চলছে। সাধারণ মানুষ এসব দেখছেন আর মুচকি হাসছেন।

## মিছিলে সম্প্রীতির সুর বাঁধবে তৃণমূল

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার্থে এবং কেন্দ্রীয় সরকারি নীতির প্রতিবাদে শনিবার শিলিগুড়িতে মিছিলের ডাক দিল তৃণমূল কংগ্রেস। বাঘা যতীন পার্ক থেকে শুরু হয়ে এই মিছিল হিলকার্ট রোড ঘুরে লালমোহন মৌলিক ঘাটের কাছে পৌঁছে শেষ হবে। তৃণমূলের দার্জিলিং জেলা চেয়ারম্যানকে পাশে বসিয়ে বৃহস্পতিবার গৌতম দেব এই ঘোষণা করেন। দলীয় সূত্রের খবর, খোদ দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শিলিগুড়ির মেয়রকে ফোন করে মিছিল আয়োজনের নির্দেশ দিয়েছেন।

এদিন গৌতম মিছিলের প্রস্তুতি নিয়ে দলের বিভিন্ন ওয়ার্ডের নেতানেত্রীদের সঙ্গে বৈঠকও করেন। বর্তমানে শিলিগুড়ি সাংগঠনিক জেলায় তৃণমূলের জেলা সভাপতি নেই। চেয়ারম্যান রাজনৈতিক ময়দানে সেভাবে সক্রিয় নন। এই পরিস্থিতিতে বিধানসভা ভোটের আগে প্রাক্তন মন্ত্রী ও বিধায়ক শনিবারের মিছিলকে বিরাট আকার দিয়ে রাজ্য নেতৃত্বের নজর কাড়ার চেষ্টা চালাচ্ছেন বলেই জল্পনা।

দিনহাটায় ৫০ বছরেরও বেশি সময় ধরে বসবাসকারী উত্তমকুমার ব্রজবাসীকে অসম সরকার ফরেনার্স ট্রাইবিউনালের নোটিশ পাঠিয়েছিল। সেই ঘটনার বিরোধিতা করে গৌতম এদিন বলেন, 'কেন্দ্রীয় ও অসম সরকার মিলে রাজবংশী সম্প্রদায়ের দিনহাটার এক প্রবীণ বাসিন্দাকে অনুপ্রবেশকারী হিসেবে আখ্যা দিচ্ছে। এটা তো মেনে নেওয়া যায় না।'

শিলিগুড়িকেও অশান্ত করার



**কোন অঙ্ক?**

- দিনহাটার এক বাসিন্দাকে ফরেনার্স ট্রাইবিউনালের নোটিশ পাঠায় অসম সরকার
- সেই ইস্যুর পাশাপাশি শিলিগুড়িতে দুই পক্ষের ঝামেলায় উসকানির প্রতিবাদে মিছিল
- গৌতমের দাবি, কিছু জনপ্রতিনিধি পরিবেশকে অশান্ত করতে চাইছেন
- বাঘা যতীন পার্ক থেকে শুরু, লালমোহন মৌলিক ঘাটের কাছে শেষ হবে মিছিল

চক্রান্ত চলছে, অভিযোগ গৌতমের। তাঁর বক্তব্য, 'শিলিগুড়ি সর্বধর্ম সমন্বয়ের জায়গা। এখানে নানান ভাষা, নানান ধর্মের মানুষের বাস। আমরা সবাই মিলেমিশে থাকি। কিন্তু বাচ্চা ছেলেদের ক্রিকেট খেলাকে কেন্দ্র করে গত দুই তিনদিন ধরে কয়েকজন জনপ্রতিনিধি উসকানি দিয়ে শান্ত পরিবেশকে নষ্ট করার চেষ্টা করছেন। তাঁদের জনপ্রতিনিধি বলতেও লজ্জা হয় আমার।'

মূলত, এই দুটি ঘটনার প্রতিবাদে মিছিলের ডাক। তাতে ধর্মবর্ণনির্বিশেষে সকলকে শামিল হওয়ার আবেদন করেছেন গৌতম। জানিয়েছেন, বিকেল তিনটে নাগাদ বাঘা যতীন পার্ক থেকে শুরু হয়ে মিছিলটি কোর্ট মোড়, হাসমি চক, হিলকার্ট রোড হয়ে মহানন্দার ধারে গিয়ে শেষ হবে। রাজ্যের নির্দেশেই যে মিছিলের আয়োজন, সেটি তৃণমূলের একাধিক স্থানীয় নেতা-নেত্রীর কথায় স্পষ্ট। কর্মসূচিকে সফল করতে বুধবার মেয়র দলের জেলা স্তরের নেতাদের নিয়ে বৈঠক করেন। বৃহস্পতিবার বিকেল ৩টে ৩০ মিনিটে পার্টি অফিসে কাউন্সিলার, টাউন ব্লক সভাপতি, বিভিন্ন ওয়ার্ড সভাপতিদের নিয়ে বৈঠক ডাকা হয়েছিল। তবে গৌতম পার্টি অফিসে আসেন বিকেল ৪টে ৩০ মিনিটের পর। ৫টার পর দলীয় বৈঠকটি হয়েছে। সেখানেও মিছিলের প্রস্তুতি নিয়ে আলোচনা হয়।

গৌতম ছাড়াও উপস্থিত ছিলেন দলের জেলা চেয়ারম্যান সঞ্জয় টিব্রুয়াল, রাজ্য নেতা অলোক চক্রবর্তী, ডেপুটি মেয়র রঞ্জন সরকার প্রমুখ।

## আক্রান্ত নেতাকেই গ্রেপ্তার মধ্যরাতে

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষের বিরুদ্ধে পুলিশি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছিলেন গৌতম দেব। তারপরই বাগরাকোটে সংঘর্ষের ঘটনায় আক্রান্ত বিজেপি নেতাকে গ্রেপ্তার করল শিলিগুড়ি থানার পুলিশ। আক্রান্ত হওয়ার পর বুধবার দুপুরে বিজেপির পাঁচ নম্বর মণ্ডলের সাধারণ সম্পাদক অমর ভগত প্রথম থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। কিন্তু পুলিশের স্বতঃপ্রণোদিত মামলায় জড়িয়েছে তাঁরই নাম।

বুধবার মধ্যরাতে বাগরাকোটের বাড়ি থেকে অমরকে গ্রেপ্তার করা হয়। তবে ওই তালিকায় অমর একা নন, বিজেপি ও যুব সংগঠনের আরও বেশ কয়েকজন নেতার নাম রয়েছে বলে অভিযোগ। গোটা ঘটনাকে ইস্যু করে পথে নামতে চলেছে গেরুয়া শিবির। শিলিগুড়ির মেয়রের পদত্যাগের দাবিতে ১২ জুলাই থেকে আন্দোলনে নামার প্রস্তুতি নেওয়া হচ্ছে। অন্যদিকে, বিজেপিকে রুখতে ময়দানে নামার কথা বুধবারই জানিয়ে দেন গৌতম। সেইমতো শহরে প্রতিবাদ মিছিল করবে তৃণমূল।

শিলিগুড়িতে পরপর চুরি, ডাকাতি, ছিনতাই সহ নানা অপরাধমূলক কার্জকর্ম চলছে। দুষ্কৃতীদের দৌরাত্ম্য বাড়ছে। এই পরিস্থিতিতেও দুই মূল রাজনৈতিক দল নির্বাচনি রাজনীতি নিয়ে ব্যস্ত। নিরাপত্তা ব্যবস্থায় গলদ খোঁজা কিংবা সমাজবিরোধীদের বিরুদ্ধে একসঙ্গে রুখে দাঁড়ানোর বদলে কাদা ছোড়াছুড়িতে ব্যস্ত নেতারা। এই যেমন বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটির সভাপতি অরুণ মণ্ডলের বক্তব্য, 'শিলিগুড়ির মেয়র গৌতম দেবের উসকানিতেই পুলিশ বিজেপি কর্মী-সমর্থকদের হেনস্তা করছে। আমাদের কর্মী ওই



*দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় ধৃতরা।*

ছেলেটা নিজে মার খেল, থানায় অভিযোগ জানাল। কিন্তু পুলিশ ওকে গ্রেপ্তার করল। মেয়রের পদত্যাগের দাবিতে আমরা অন্দোলনে নামছি।'

গৌতমের পালটা, 'কয়েকজন বিধায়কের উসকানিতে এসব হচ্ছে। মানুষ এদের প্রতিহত করবে।' পিছিয়ে নেই বিধায়ক শংকর ঘোষ। বললেন, 'অপরাধীদের আস্কারা দেওয়ার চেষ্টায় গৌতম দেব এসব কথা বলছেন। তাদের আমলেই ডাবগ্রাম-ফুলবাড়িতে গ্যাংয়ের দাপাদাপি। ওঁর লজ্জা থাকা দরকার।'

বাগরাকোট ও টিকিয়াপাড়ার গণ্ডগোলে এখনও পর্যন্ত আটজনকে গ্রেপ্তার করেছে শিলিগুড়ি থানার পুলিশ। ধৃতদের বিরুদ্ধে ঝামেলা পাকানো, পুলিশের ওপর আক্রমণ, সরকারি কাজে বাধা, সরকারি সম্পত্তি তছনছ সহ একাধিক ধারায় মামলা রুজু করে তদন্ত চলছে। ধৃতদের বৃহস্পতিবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক জামিনের আবেদন নাকচ করে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। এঁদের মধ্যে বিজেপি নেতা রয়েছেন।

ক্রিকেট খেলাকে কেন্দ্র করে জুনের ২৯ তারিখ থেকে ঝামেলা চলছিল। জুলাইয়ের ৮ তারিখ বাগরাকোটের এক কিশোরকে তুলে নিয়ে যায় ডাঙ্গিপাড়ার কয়েকজন কিশোর। তাকে মারধর করা হয় বলে অভিযোগ। এই ঘটনাকে ইস্যু করে ময়দানে নামে বিজেপি। মঙ্গলবার রাতে থানার সামনে বিক্ষোভে ডাবগ্রাম-ফুলবাড়ির বিধায়ক শিখা চট্টোপাধ্যায় সামনের সারিতে ছিলেন। বুধের সকালে নেতৃত্ব দেন শংকর। দুপুরেই উত্তেজনা ছড়ায় বাগরাকোটে।

তৃণমূলের অভিযোগ, বিজেপি বিধায়কদের উসকানিতে এধরনের ঘটনা ঘটছে। শংকরকে সরাসরি হুঁশিয়ারি দেন গৌতম। এরপর পুলিশ পদ্ম নেতাদের নামে মামলা করায় পালটা গৌতমের দিকেই ষড়যন্ত্রের আঙুল তুলেছে বিজেপি। সব মিলিয়ে বাগরাকোটকে কেন্দ্র করে সরগরম শহরের রাজনীতি।

## মসজিদের মাইক চুরি

**ফুলবাড়ি, ১০ জুলাই :** মসজিদে আজানের জন্য লাগানো মাইক সেট চুরি করে চম্পট দিল দুষ্কৃতীরা। অন্য একটি মাইক সেট মসজিদের ভেতরেই ভাঙা অবস্থায় উদ্ধার হয়েছে। বৃহস্পতিবার ঘটনাটি ঘটে ফুলবাড়ির উত্তর জটিয়াকালীর জামে মসজিদে। ঘটনায় অভিযোগ দায়ের হয়েছে নিউ জলপাইগুড়ি থানায়।

এদিন ভোর চারটে নাগাদ মোয়াজ্জিন মনসের আলি আজান দেওয়ার জন্য মসজিদের ভেতরে ঢোকেন। তাঁরই প্রথম চোখে পড়ে, একটি মাইক সেট ভাঙা অবস্থায় মাটিতে পড়ে। অন্যটি উধাও। মনসের খবর দেন বাকিদের। তাঁর কথায়, 'কিছুদিন আগে ১৮ হাজার টাকা খরচ করে মাইক সেটটি কেনা হয়েছিল। সেটাই নিয়ে চলে গিয়েছে কেউ বা কারা। যেটা ভেঙেছে, সেটা পুরোনো। দাম ছিল ১০ হাজার টাকা। পুলিশ যেন ওই সেট উদ্ধার করে দেয়।'

মসজিদ কমিটির সেক্রেটারি মুজিবুর রহমান বললেন, 'গ্রামে একের পর এক চুরি হচ্ছে। অথচ পুলিশ কিছুই করছে না। যাতে ভবঘুরে বা যে কেউ এসে রাত কাটাতে পারেন মসজিদে, সেই কারণে গেটে তালা মারা থাকে না। কিন্তু এভাবে আজানের জন্য লাগানো মাইক চুরি হয়ে যাবে, তা ভাবতেই পারিনি।' দোষীদের কঠোর শাস্তির দাবি উঠছে এলাকায়।

## মৃতদেহ উদ্ধার

**শিলিগুড়ি, ১০ জুলাই :** তিস্তা ক্যানাল থেকে অজ্ঞাতপরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার হল বৃহস্পতিবার। ফুলবাড়ির ছোবাভিটার ঘটনা। সাহুডাঙ্গিতে প্রথম দেহটি জলের মধ্যে ভেসে যেতে দেখা যায়। নিউ জলপাইগুড়ি থানার পুলিশ ছোবাভিটা থেকে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়।

## মাদক বাজেয়াপ্ত

**খড়িবাড়ি, ১০ জুলাই :** নিষিদ্ধ কাফ সিরাপ পাচারের অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করল খড়িবাড়ি পুলিশ। ধৃতের নাম মহম্মদ করিম। তিনি বিহারের গলগলিয়ার বাসিন্দা। করিমের কাছ থেকে বাজেয়াপ্ত হয়েছে ৫০ বোতল নিষিদ্ধ কাফ সিরাপ।

বুধবার রাতে বাংলা-বিহার সীমানার চেক্করমারি হয়ে টোটো চালিয়ে বিহারের দিকে যাচ্ছিলেন করিম। টোটোটি আটক করে তল্লাশি চালালে কাফ সিরাপ বাজেয়াপ্ত করা হয়। করিমকে গ্রেপ্তার করে খড়িবাড়ি থানার পুলিশ। বৃহস্পতিবার দুপুরে ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

*রংতুলির আসরে।। ইসলামপুরে ছবিটি তুলেছেন শুভম শর্মা।*

## অনুপস্থিত কেন, জানতে চিঠি

**চোপড়া, ১০ জুলাই :** চোপড়া ব্লকের দুই সার্কেল অফিসের পক্ষ থেকে ধর্মঘটের দিন (বুধবার) অনুপস্থিতির কারণ জানতে চেয়ে শিক্ষকদের চিঠি দেওয়ার প্রস্তুতি শুরু হয়েছে। এই ব্যাপারে ইতিমধ্যেই স্কুলভিত্তিক রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। অনুপস্থিত শিক্ষকদের একাংশকে শুক্রবারই চিঠি দেওয়া হবে বলে খবর।

পশ্চিমবঙ্গ তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতির চোপড়া ব্লক সভাপতি নজরুল ইসলাম বললেন, 'সম্ভবত চারজন শিক্ষককে অনুপস্থিতির কারণ জানতে চেয়ে চিঠি দেওয়া হবে।' চোপড়া সার্কেলের স্কুল পরিদর্শক (প্রাইমারি) বরুণ শিকদার এবং চোপড়া নর্থ সার্কেলের স্কুল পরিদর্শক (প্রাইমারি) ফারুক মণ্ডল কোনও মন্তব্য করতে চাননি।

## স্মারকলিপি

**শিলিগুড়ি, ১০ জুলাই :** সমস্ত আদালতে ল' ক্লার্কদের বসার জায়গা, উইটনেস শেড, পানীয় জলের ব্যবস্থা সহ সাত দফা দাবি নিয়ে বৃহস্পতিবার পশ্চিমবঙ্গ ল' ক্লার্কস অ্যাসোসিয়েশন শিলিগুড়ি মহকুমা আদালতে স্মারকলিপি দেয়। অ্যাসোসিয়েশনের শিলিগুড়ি শাখা কমিটির তরফে আদালাতে শৌচাগার নির্মাণ, দালালরাজ বন্ধ, নতুন আদালত ভবন নির্মাণেরও দাবি জানানো হয়েছে।

## হাতির হানা

**মেটেলি, ১০ জুলাই :** খাবারের খোঁজে এবার শিশুশিক্ষাকেন্দ্রে ঢুকে পড়ল হাতি। শ্রেণিকক্ষের দেওয়াল ভেঙে নষ্ট করল আসবাবপত্র। মাটিয়ালি ব্লকের ইনডং চা বাগানের শকুন্তলা শিশুশিক্ষাকেন্দ্রের ঘটনা। বুধবার রাত বারোটা নাগাদ চাপড়ামারি জঙ্গল থেকে একটি হাতি বেরিয়ে চলে আসে। ওই শিশুশিক্ষাকেন্দ্রের দেওয়াল ভেঙে দেয়।

## পূজার বিপুল ঋণ ভাবাচ্ছে পুলিশকে

**জলপাইগুড়ি ব্যুরো**

**১০ জুলাই :** গাড়ি চুরিচক্রের পান্ডা সোমনাথ মুখোপাধ্যায় ও তাঁর তিন শারগেদ গ্রেপ্তার হওয়ার পর এখন পুলিশের নজরে মেটেলির প্রাক্তন জেলা পরিষদ সদস্য পূজা কুজুর। তাঁর সঙ্গে সোমনাথের কী ব্যবসায়িক সম্পর্ক ছিল, ২ কোটি টাকা দিয়ে তিনি ২৬টি গাড়ি কেন কিনেছিলেন, সেই টাকার উৎস-সবই খতিয়ে দেখার কথা ভাবছেন তদন্তকারীরা।

পূজার এই উত্থান নিয়ে মেটেলি বাজারেও গুঞ্জন কম নয়। এক সময় সকলের প্রয়োজনে এগিয়ে আসা বছর ৩৫-এর পূজার চালচলন যে দিন-দিন অনেকটা বদলে গিয়েছে, তা স্বীকার করেন মেটেলির অনেকেই।

বেশ চড়াই উতরাই পেরিয়ে নিজের রাজনৈতিক পরিচয় তৈরি করেছিলেন পূজা। এনসিসি ক্যাডেট থাকায় নেতৃত্বের ক্ষমতা ছিল পূজার। সেই সূত্রেই চোখে পড়েন তখন আদিবাসী আন্দোলনে উত্তপ্ত হয়ে ওঠা ডুয়ার্সের আদিবাসী নেতাদের। ২০১৩ সালের পঞ্চায়েত নির্বাচনে ঝাড়খণ্ড মুক্তি মোর্চার টিকিটে প্রার্থী হন। সেই নির্বাচনে ঝাড়খণ্ড মুক্তি মোর্চার সমর্থনে দাঁড়িয়েছিল গোর্খা জনমুক্তি মোর্চা ও বিজেপি। সময়ের হাওয়ায় জিতে জেলা পরিষদ সদস্যও হন। ২০১৮-তে পঞ্চায়েত নির্বাচনে পরাজয়ের পর তৃণমূল কংগ্রেসে যোগদান করেন পূজা।

২০২২ সালে সোমনাথের বিরুদ্ধে অভিযোগ জানিয়ে মেটেলি থানায় গাড়ি ফেরত দেওয়ার পরেও পূজার বিষয়ে খুব একটা নজর দেয়নি পুলিশ। কিন্তু সোমনাথ গ্রেপ্তার হওয়ার পর পরিস্থিতি অনেকটাই পালটে গিয়েছে। পুলিশকে পূজা জানিয়েছিলেন, ২ কোটি টাকার বিনিময়ে সোমনাথ মুখোপাধ্যায় তাঁকে ২৬টি গাড়ি বিক্রি করেন। কিন্তু দিনের পর দিন চেয়েও গাড়ির কাগজপত্র না পাওয়ায় পূজার সন্দেহ হয়। গাড়িগুলি তিনি মেটেলি থানায় জমা দিয়ে আসেন। সূত্রের খবর, সেই সময় মেটেলি থানায় জমা পড়া এমন প্রায় ৪৫টি গাড়ির মধ্যে পূজার ২৬টি গাড়ি ছাড়াও আরও অনেকের গাড়ি ছিল। পূজার দাবি, গাড়িগুলি থানায় রেখে আসার পর সোমনাথ দু'কোটি টাকা ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দেন। পরবর্তীতে দু'বছরেও টাকা না পাওয়ায় পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন তিনি।

প্রশ্ন উঠেছে পূজার ২ কোটি টাকার উৎস নিয়ে। সম্প্রতি সামসিং ফাঁড়ির কাছাকাছি এলাকায় একটি হোমস্টে লিজে নিয়ে ব্যবসা করছেন পূজা। মেটেলি ইনডং গ্রাম পঞ্চায়েত অফিসের কাছে একটি দোকান আছে তাঁর। হোমস্টে ব্যবসার সঙ্গে সঙ্গে ট্যুর অ্যান্ড ট্রাভেলস-এর ব্যবসা শুরুর চিন্তাভাবনা ছিল পূজার। সেই উদ্দেশ্যেই তাঁর সঙ্গে গাড়ি কেনার কথা হয় সোমনাথের।

তদন্তকারী পুলিশ অফিসারদের একাংশ মনে করছেন, ২ কোটি টাকা ঋণ জোগাড় করা খুব একটা সহজ কথা নয়। ব্যাংক তো বটেই, বেসরকারি আর্থিক সংস্থাও মর্টগেজ ও গ্যারান্টার ছাড়া এই অঙ্কের টাকা ঋণ দিতে রাজি হবে না। সেক্ষেত্রে পূজা কোথা থেকে ঋণ নিয়েছিলেন, গ্যারান্টার কারা ছিলেন সে সবই খতিয়ে দেখা দরকার।

পূজার দাবি, ধারদেনা করেই এই টাকা জোগাড় করতে হয়েছে। গাড়ির ব্যবসা তো গেল। এখন সেই টাকা ফেরত না পেলে ঋণ শোধ করব কীভাবে? পুলিশ নিরপেক্ষ তদন্ত করুক।

## মিরিক রোডকে জাতীয় সড়ক ঘোষণার দাবি

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** মাটিগাড়া, গাড়িধুরা হয়ে মিরিকের রাস্তাটিকে জাতীয় সড়ক হিসেবে উন্নীতকরণের দাবি তুললেন দার্জিলিংয়ের বিজেপি সাংসদ রাজু বিস্ট। এই ইস্যুতে বৃহস্পতিবার তিনি কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নীতিন গড়কড়িকে চিঠি দিয়েছেন। চিঠিতে তিনি লেখেন, ওই রাস্তার গা ঘেঁষে রয়েছে ভারত-নেপাল সীমান্ত।

ফলে জাতীয় নিরাপত্তার স্বার্থে রুটটি ভীষণ গুরুত্বপূর্ণ। দার্জিলিং, সুখিয়াপোখরি সহ মিরিক মহকুমার সঙ্গে যোগাযোগের অন্যতম পথ এটাই। সাংসদের মতে, এই সমস্ত কারণে রাস্তাটিকে জাতীয় সড়ক হিসাবে উন্নীত করা হলে দার্জিলিংয়ের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত এবং সহজ হবে।

মাটিগাড়া থেকে শিমুলবাড়ি, গাড়িধুরা, দুধিয়া হয়ে মিরিকের রাস্তা বর্তমানে রাজ্য সরকারের হাতে রয়েছে। সেটা ১২ নম্বর রাজ্য সড়ক হিসেবে চিহ্নিত এখন। দার্জিলিং পাহাড়ের অন্যতম পর্যটনকেন্দ্র মিরিক। প্রচুর সংখ্যক মানুষ মিরিকে বেড়াতে যান। আবার মিরিক, সীমানা, পশুপতির নেপাল সীমান্ত ছুঁয়ে সুখিয়াপোখরি, ঘুম হয়ে দার্জিলিংয়েও পর্যটকদের যাতায়াত রোজ। সবমিলিয়ে এই সড়ক অত্যন্ত ব্যস্ততম ও গুরুত্বপূর্ণ।

তবে সমস্যা হল, চড়াই উতরাই থাকলেও সড়কটি খুব বেশি চওড়া নয়। তাই স্বচ্ছন্দে সমস্ত যানবাহন চলাচল করতে পারে না। বিস্টের দাবি, কেন্দ্রীয় সরকার জাতীয় সড়ক হিসাবে স্বীকৃতি দিলে দিল্লির বরাদ্দে রাস্তার সম্প্রসারণ এবং পাকাপোক্তভাবে কাজ সম্ভব হবে। তিনি বলছেন, 'এই রাস্তা শুধু মিরিকের জন্য নয়, জাতীয় সুরক্ষার স্বার্থেও গুরুত্বপূর্ণ। কারণ, মিরিক, সীমানা, পশুপতি ও সুখিয়াপোখরি হয়ে ঘুম পর্যন্ত সড়কের বেশিরভাগ অংশই নেপাল সীমান্ত দিয়ে ঘেরা। সেজন্য আমি চাইছি, যত তাড়াতাড়ি সম্ভব রাস্তাটিকে জাতীয় সড়ক হিসাবে কেন্দ্র ঘোষণা করুক।' তিনি এ-ও দাবি করলেন, কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী দ্রুত এই বিষয়ে পদক্ষেপ করবেন।

**স্বাগত পর্যটন ব্যবসায়ীদের**



*মিরিকের আঁকাবাঁকা রাস্তার জনপ্রিয়তা বাড়ছে পর্যটকদের মধ্যে।*

এতে পর্যটনে কী লাভ হবে?

হিমালয়ান হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম নেটওয়ার্কের সাধারণ সম্পাদক সম্রাট সান্যালের কথায়, 'পর্যটন মানচিত্রে মিরিকের রাস্তার গুরুত্ব দিন-দিন বাড়ছে। রাজ্য তথা দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর পর্যটক সেখানে আসছেন। অন্যদিকে, অপরূপ সৌন্দর্য উপভোগ করতে নেপাল সীমান্ত ঘেঁষা মিরিক রোড হয়ে দার্জিলিংয়ে যাওয়ার প্রবণতাও বেড়েছে। ফলে এই রাস্তার ওপর এখন প্রচুর চাপ। অবশ্যই এটা স্বীকার করতে হয় যে, রাজ্য সড়কটি জাতীয় সড়কে উন্নীত হলে খুব ভালো হবে। কেন্দ্রীয় প্রকল্পে রাস্তার জন্য আরও বেশি পরিমাণে বরাদ্দ আসবে। শক্তপোক্তভাবে তৈরি হবে।'



## শিল্পান্ন চালু

বাংলার কুটিরশিল্পকে বিশ্বদরবারে তুলে ধরতে আলিপুরে তৈরি হল শিল্পান্ন। বৃহস্পতিবার এই শপিং মলের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।



## মেট্রো বিভ্রাট

বৃহস্পতিবার বিদ্যুতের সমস্যার জন্য অফিস টাইমে দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ রুটে বেশ কিছুক্ষণ মেট্রো চলাচল বন্ধ থাকে। চলতি সপ্তাহে এই নিয়ে তিনদিন মেট্রো বিভ্রাট হল।



## সরল নিম্নচাপ

দক্ষিণবঙ্গ থেকে সরল নিম্নচাপ। আপাতত তা ঝাড়খণ্ডের দিকে চলে গিয়েছে। ফলে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। বৃহস্পতিবার রোদ ঝলমলে আকাশ ছিল কলকাতা শহরে।



## দেহ উদ্ধার

কানাডায় চাকরির টোপ দিয়ে গুজরাটের পরিবারকে প্রতারণার অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার কলকাতায় এক ব্যক্তির দেহ উদ্ধার হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।



তোমার জলকে নেমেছি...

বৃহস্পতিবার কলকাতার সেন্ট্রাল অ্যাভিনিউতে। ছবি-আবির চৌধুরী।

# দিল্লিতে হেনস্তা, ক্ষুব্ধ মমতা

## মিথ্যাচার করছে মুখ্যমন্ত্রী, অভিযোগ বিজেপির

**দীপ্তিমান মুখোপাধ্যায়**

**কলকাতা, ১০ জুলাই :** ফের ভিনরাজ্যে কোচবিহারের বাঙালি পরিযায়ী শ্রমিকদের হেনস্তার ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দিল্লির বসন্তকুঞ্জ এলাকার ১২০০-র বেশি ভাষাভাষীর মানুষের দিন কাটছে অত্যন্ত সমস্যার মধ্যে। গত দু-দিন ধরে তাঁদের বিদ্যুৎ ও জলের সংযোগ কেটে দেওয়া হয়েছে। বিষয়টি জানতে পেরেই স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা-কে চিঠি পাঠিয়েছেন মুখ্যমন্ত্রী। এর আগেও ওড়িশায় বাঙালি পর্যটকদের হেনস্তা করা হয়েছে বলে অভিযোগ তুলেছে তৃণমূল। মুর্শিদাবাদের হরিহরপাড়ার ৫ শ্রমিককে ১৫ দিন ধরে বাংলাদেশি বলে থানায় আটক করে রেখে দেওয়া হয়েছে বলে নতুন করে অভিযোগ তুলেছে তৃণমূল। বুধবারই এই নিয়ে ওড়িশার মুখ্যসচিব মনোজ আহুজাকে চিঠি দিয়েছিলেন এই রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ।

দিল্লির বসন্তকুঞ্জে কোচবিহারের পরিযায়ী শ্রমিকদের আটকে রাখা নিয়ে তাঁর এক্স হ্যান্ডেলে ক্ষোভ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি লিখেছেন, 'নয়াদিল্লির বসন্তকুঞ্জের জয়হিন্দ কলোনি থেকে উঠে আসা একের পর এক ভয়ংকর হেনস্তার ঘটনা শুনে আমি গভীরভাবে মর্মাহত ও বিচলিত। এই বসতি সেই বাংলাভাষী মানুষরা তৈরি করেছেন যাঁরা দিল্লিকে গঠন করার অসংগঠিত শ্রমশক্তির গুরুত্বপূর্ণ এক অংশ।' এরপরই দিল্লির বিজেপি সরকারকে নিশানা করে মমতা লিখেছেন, 'শোনা যাচ্ছে, বিজেপি পরিচালিত সরকারের নির্দেশে তাঁদের জল সরবরাহ বন্ধ করে দেওয়া হয়েছে। কয়েকদিন আগে হঠাৎ বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছে এবং ইলেক্ট্রিসিটি মিটার তুলে নিয়ে যাওয়া হয়েছে। বাসিন্দারা অভিযোগ করেছেন, তাঁরা নিজেদের টাকায় যে প্রাইভেট জলের ট্যাংকারের ব্যবস্থা করেছিলেন, তা দিল্লি পুলিশ এবং র‍্যাফের সহায়তায় আটকে দেওয়া হয়েছে। এই মুহূর্তে একপ্রকার জবরদস্তি উচ্ছেদ চলছে। যদিও এই বিষয়ে গত ডিসেম্বরেও অনাকাঙ্ক্ষিত দিল্লি পুলিশের হস্তক্ষেপের পর আদালতে এই মামলা বিচারাধীন রয়েছে। আশ্রয়, জল ও বিদ্যুৎ এই মৌলিক অধিকারগুলি যদি এইভাবে পদদলিত করা হয়, তাহলে আমরা কীভাবে নিজেদের গণতান্ত্রিক প্রজাতন্ত্র বলে দাবি করব?'

ভিনরাজ্যের বাসিন্দারা এই রাজ্যে সসম্মানে রয়েছেন বলে দাবি করে মুখ্যমন্ত্রী বলেন, 'পশ্চিমবঙ্গের দেড় কোটিরও বেশি পরিযায়ী শ্রমিক রয়েছেন। তাঁরা সসম্মানে থাকছেন। কিন্তু বিজেপি শাসিত রাজ্যগুলিতে সেই কথা জোরের সঙ্গে বলা যায় না। বাংলাভাষীদের নিজেদের দেশেই অনুপ্রবেশকারী হিসেবে দেখা হচ্ছে। কেউ বাংলায় কথা বললেই তিনি বাংলাদেশি হয়ে যান না। পশ্চিমবঙ্গে বাঙালিদের অধিকার কেড়ে নেওয়ার যেসব চেষ্টা ব্যর্থ হয়েছে, এবার সেই বাংলা বিরোধী অপচেষ্টাকে দেশের অন্যান্য প্রান্তে শুরু করার কৌশল নিয়েছে বিজেপি। গুজরাট, মহারাষ্ট্র, ওড়িশা ও মধ্যপ্রদেশ থেকে বাংলাভাষীদের ওপর নিপীড়নের খবর আসছে। এখন সেই বিদ্বেষের ছায়া এসে পড়ছে দেশের রাজধানীতেও।' মমতার হুঁশিয়ারি, 'এই দেশেই বাংলার মানুষ যদি অনাহুত অতিথির মতো আচরণের শিকার হন, তাহলে আমরা চুপ করে থাকব না। এই অন্যায়ের বিরুদ্ধে আমরা সর্বত্র আওয়াজ তুলব।'

দিনহাটার উত্তমকুমার ব্রজবাসীর ঘটনায় অসমের বিজেপি সরকারের মাধ্যমে রাজ্যের ওপর এনআরসি চাপিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। মঙ্গলবার এই অভিযোগ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন মুখ্যমন্ত্রীর সেই মন্তব্যকে মিথ্যা বলে পালটা দাবি করল বিজেপি।

বিজেপির দাবি, ২০২৫-এর জানুয়ারিতে ব্রজবাসীর নামে নোটিশ জারি করা হলেও ওই বছরেরই ১১ এপ্রিল রাজবংশীর সম্প্রদায়ের বিরুদ্ধে দায়ের করা সব মামলা অসম সরকার প্রত্যাহার করে নেয়। তা সত্ত্বেও জুলাইয়ের প্রথম সপ্তাহে মন্ত্রী উদয়ন গুহ ও সিভিক পুলিশ মনিরুল উত্তমের পরিবারকে এনআরসি'র ভয় দেখান।

### তথ্য চাইল হাইকোর্ট

**কলকাতা, ১০ জুলাই :** বাংলার পরিযায়ী শ্রমিকদের বাংলাদেশি সন্দেহে ওড়িশায় আটকে রাখার অভিযোগে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল একাধিক পরিবার। এই সংক্রান্ত মামলায় বেশ কিছু প্রশ্নের উত্তর চাইল কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রর ডিভিশন বেঞ্চ নির্দেশ দেয়, রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ বা সেই পদমর্যাদার একজন আধিকারিক আদালতের প্রশ্নগুলি ওড়িশার মুখ্যসচিবকে পাঠাবেন। তারপর সেই জবাব আদালতে জমা দিতে হবে। তা দেখে পরবর্তী সিদ্ধান্ত নেবে হাইকোর্ট। মালদা, মুর্শিদাবাদ, বীরভূম সহ একাধিক জেলার পরিযায়ী শ্রমিকদের ওড়িশায় আটকে রাখার অভিযোগ বেশ কয়েকদিন ধরেই সামনে আসে।

## ক্ষমা চাইলেন প্রসেনজিৎ

**কলকাতা, ১০ জুলাই :** হিন্দি ছবির ট্রেলার লঞ্চ অনুষ্ঠানে বাংলা ভাষায় সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করেছিলেন টলিউড অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়। গত কয়েকদিন ধরে তা নিয়ে সমাজমাধ্যমে চরম বিতর্ক হয়। অবশেষে নিজের ইনস্টাগ্রাম পোস্টে 'ক্ষমা' চেয়ে নিলেন প্রসেনজিৎ। সেখানে তিনি লিখেছেন, 'কিছুদিন হল আমার একটা কথা, বলা ভালো আমার একটা বাক্য সমাজমাধ্যমে ছড়িয়ে পড়েছে। সেটা নিয়েই কিছু বলতে চাই। আমি ৪২ বছর ধরে মূলত বাংলায় কাজ করেছি। গত কয়েক বছরে জাতীয় স্তরে কয়েকটা কাজ করার সুযোগ এসেছে। সেরকমই এক হিন্দি ছবির ট্রেলার মুক্তি উপলক্ষ্যে ১ জুলাই মুম্বইয়ের জুহু পিভিআরে সাংবাদিক সম্মেলন হচ্ছিল। ডায়াসে যাঁরা ছিলেন, ছবির শিল্পী, পরিচালকরা মূলত ইংরেজিতে কথা বলছিলেন। বাংলার এক সাংবাদিক আমাকে বাংলায় প্রশ্ন করেন। তিনি আমার দীর্ঘদিনের পরিচিত। আমার অত্যন্ত স্নেহের পাত্রী। কিন্তু সেই মুহূর্তে



আমার মনে হয়েছিল, বাংলায় জবাব দিলে হয়তো অনেকেই তা বুঝতে পারতেন না। যেহেতু ওখানে বাংলা ভাষা বোঝেন না এমন মানুষই বেশি। তাই খানিকটা বাধ্য হয়েই আমি ওঁকে বলি, বাংলায় কেন প্রশ্ন করছেন?'

প্রসেনজিৎ দাবি করেছেন, 'স্থান, কাল না বুঝে অনেকেই এই নিয়ে প্রশ্ন তুলছেন, সমালোচনা করছেন। যেহেতু সমাজমাধ্যমে ওই একটা বাক্যই তুলে ধরা হয়েছে, তাই অনেকেই আমার বলা কথার আক্ষরিক অর্থ না বুঝেই আঘাত পেয়েছেন। কষ্ট আমিও পেয়েছি, এখনও পাচ্ছি। কারণ ওইরকম প্রতিক্রিয়া হতে পারে আমি ভাবতে পারিনি। মাতৃভাষাকে অসম্মান করার কথা আমি দুঃস্বপ্নেও ভাবতে পারি না। বাংলা আমার প্রাণের ভাষা। আমার কাছে বাংলার মানুষের বিচার বরাবরই শিরোধার্য। জীবনের শেষ দিন পর্যন্ত আমার এই ধারণা অটুট থাকবে। যেটা শেষে না বললেই নয়, আমি এটা বুঝতে পেরেছি যে, আমার বলা কথায় আপনারা মনে আঘাত পেয়েছেন। তাই আমি দুঃখিত।'

## খরচে লাগাম রাজ্য সরকারের

**কলকাতা, ১০ জুলাই :** অর্থ দপ্তরের অনুমোদন ছাড়া এবার দপ্তর প্রধানদের নতুন প্রকল্পে অর্থ খরচের ক্ষমতা খর্ব করল রাজ্য সরকার। চলতি আর্থিক সংকট থেকে বেরিয়ে আসতে বিভিন্ন ক্ষেত্রে অর্থ খরচের বিষয়ে লাগাম টানতেই সরকার এ ধরনের সিদ্ধান্ত নিতে বাধ্য হচ্ছে বলেই বৃহস্পতিবার নবান্ন সূত্রের খবর।

এই মুহূর্তে রাজস্ব ঘাটতির জন্য সরকারের ভাঁড়ারে টান রীতিমতো উল্লেখজনক অবস্থায় এসে পৌঁছেছে। সামাল দিতে সরকারের ঋণের বোঝাও দিন দিন বেড়েই চলেছে। লক্ষ্মীর ভাণ্ডার, কন্যাশ্রী থেকে শুরু করে সরকারের বিভিন্ন সামাজিক প্রকল্প চালু রাখতে অর্থ জোগাড়ে হিমসিম খেতে হচ্ছে অর্থ দপ্তরকে।

### আবার বছর কুড়ি পর...

## রাজ্যে বিনিয়োগের সম্ভাবনা টাটার

**দীপ্তিমান মুখোপাধ্যায়**

কলকাতা, ১০ জুলাই : ২০০৮ সালে মহাকরণে দাঁড়িয়ে টাটা গোষ্ঠীর তৎকালীন চেয়ারম্যান রতন টাটা সিঙ্গুর থেকে ন্যানো গাড়ির কারখানা সরিয়ে নিয়ে যাওয়ার কথা ঘোষণা করেছিলেন। প্রায় ২০ বছর পর আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে টাটাকে ফিরিয়ে আনার আপ্রাণ চেষ্টা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তৎকালীন বিরোধী নেত্রী মমতার আন্দোলনের জেরে ছোট গাড়ির কারখানা গুজরাটের সানন্দে সরিয়ে নিয়ে যেতে হয়েছিল টাটা গোষ্ঠীকে। সেদিন রতন টাটা বলেছিলেন, 'মিস বন্দ্যোপাধ্যায় ট্রিগারটাই টিপে দিলেন।' বুধবার সন্ধ্যায় নবান্নে সেই মমতার সঙ্গে দেখা করলেন টাটা গোষ্ঠীর বর্তমান চেয়ারম্যান নটরাজন চন্দ্রশেখরণ।

এই বৈঠক 'সৌজন্যমূলক' বলে নবান্ন সূত্রে প্রথমে দাবি করা হলেও তা যে রাজ্যে বিনিয়োগের জন্যই তা স্পষ্ট করে দিয়েছেন নবান্নের কর্তারা। বুধবারের ওই বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ ও শিল্প দপ্তরের আধিকারিকরা। ২০ বছর পর ফের রাজ্যে ছোট গাড়ির কারখানা তৈরির আগ্রহ প্রকাশ করেছেন নটরাজন চন্দ্রশেখরণ। সহযোগিতা করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন মুখ্যমন্ত্রীও। পুজোর পরই এই রাজ্যে হবে বিজনেস কনক্লেভ। সেখানেই এই নিয়ে বিস্তারিত জানাতে চলেছে টাটা গোষ্ঠী। টাটা গোষ্ঠীর কর্ণধারের সঙ্গে মুখ্যমন্ত্রীর এই বৈঠকে চরম অস্বস্তিতে বঙ্গ বিজেপি।

হুগলির সিঙ্গুরে টাটা গোষ্ঠীর কারখানার জন্য জমি অধিগ্রহণের বিরুদ্ধে আন্দোলন শুরু করেছিলেন তৎকালীন বিরোধী নেত্রী মমতা। ৩৪ বছরের বাম আমলের পতনের শুরু হয়েছিল তখনই। আগামী বছর বিধানসভা নির্বাচন। নিয়োগ দুর্নীতি সহ একাধিক ইস্যুতে তৃণমূল সরকার যথেষ্ট চাপের মুখে রয়েছে। তার আগে টাটা গোষ্ঠীর শীর্ষ কর্তার নবান্নে আসা যথেষ্ট তাৎপর্যপূর্ণ। নবান্ন সূত্রে খবর, এই রাজ্যে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে টাটা গোষ্ঠী। ছোট গাড়ির কারখানা করার জন্য তারা রাজ্য সরকারের সহযোগিতা চেয়েছে। রাজ্যের ল্যান্ড ব্যাংক থেকে সেই জমি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী টাটা গোষ্ঠীকে আশ্বাস দিয়েছেন। তবে জমির পরিমাণ কত বা টাটারা কত টাকা বিনিয়োগ করবে তা এখনও জানানো হয়নি।

ইতিমধ্যেই টাটা গোষ্ঠীর কর্তারা শিল্প দপ্তরের আধিকারিকদের সঙ্গে যোগাযোগ রাখছেন। খুব শীঘ্রই টাটা গোষ্ঠী তাদের প্রকল্পের বিস্তারিত তথ্য জানাতে পারে। তবে কর্মসংস্থানকে বিশেষ দিয়েছেন মুখ্যমন্ত্রী। সেই কারণে টাটাকে যে বিশেষ সুবিধা দেওয়া হবে তা একপ্রকার নিশ্চিত বলে মনে করছেন নবান্নের কর্তারা।

যদিও এই মুহূর্তে টাটা গোষ্ঠী এই রাজ্যে বিনিয়োগ করবে না বলে দাবি করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি বলেন, 'টাটা গোষ্ঠীর কর্ণধার এসেছিলেন রাজ্যের পরিস্থিতি দেখতে। তিনিও জানেন, আটমাস পরে এই সরকার চলে যাবে। বিজেপি সরকারে আসবে। এই রাজ্যে বিজেপি ক্ষমতায় আসার পরই এখানে বিনিয়োগ করবে টাটা গোষ্ঠী। সেদিন বিমানবন্দর থেকে নবান্ন পর্যন্ত পুষ্পবৃষ্টি দিয়ে টাটা গোষ্ঠীকে কলকাতায় স্বাগত জানানো হবে। আমরা ক্ষমতায় আসার পরই টাটা এখানে আসবে।'

**টাটা কাহিনী**

- ২০০৬ সালে সিঙ্গুরে ন্যানো গাড়ির কারখানার সিদ্ধান্ত
- জোর করে জমি অধিগ্রহণের প্রতিবাদে আন্দোলন মমতার
- ২০০৮ সালে রাজ্য থেকে প্রকল্প গুটিয়ে গুজরাটে চলে যায় টাটা গোষ্ঠী
- ফের রাজ্যে ছোট গাড়ির কারখানা করা নিয়ে মমতার সঙ্গে কথা টাটা কর্ণধারের

## তদন্তে সন্তুষ্ট ছাত্রীর পরিবার

**কলকাতা, ১০ জুলাই :** কসবা কাণ্ডে লালবাজারের তদন্তেই সন্তুষ্ট নির্যাতিতার পরিবার। বৃহস্পতিবার কসবা সংক্রান্ত জনস্বার্থ মামলায় এমনটাই জানিয়েছেন নির্যাতিতার পরিবারের আইনজীবী। এখনই তাঁরা অন্য কোনও সংস্থাকে দিয়ে তদন্ত চান না। এদিন মুখবন্ধ খামে এই মামলার তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট ও কেস ডায়েরি আদালতে জমা দেয় রাজ্য। সেই রিপোর্টে সন্তোষ প্রকাশ করে বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চ। কসবার ঘটনার পর থেকে কলকাতা বিশ্ববিদ্যালয় ও ইউজিসি পড়ুয়াদের জন্য কড়া নিয়মের পথে হাঁটতে চলেছে। সবকটি থানাকে একগুচ্ছ নির্দেশ দিয়েছেন পুলিশ কমিশনার মনোজ ভার্মা। মূল অভিযুক্ত মনোজিৎ মিশ্রের সঙ্গে দক্ষিণ কলকাতা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি সার্থক বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠতার বিষয়টিও এই ঘটনার প্রেক্ষিতে প্রকাশ্যে আসে। কিন্তু এদিন মনোজিৎ প্রসঙ্গ এড়িয়ে যান সার্থক।

**কসবায় নিগ্রহ**

ডিভিশন বেঞ্চে পরিবারের তরফে আইনজীবী অরিন্দম জানা জানান, এখনও পর্যন্ত রাজ্যের পদক্ষেপে সন্তুষ্ট পরিবার। রাজ্যের রিপোর্ট তাদের দেওয়ার আবেদন করা হয়। তবে রাজ্যের আইনজীবী বিষয়টিতে আপত্তি জানিয়ে বলেন, 'রিপোর্ট ছড়িয়ে পড়লে বা বাইরে প্রকাশ হলে তদন্তে অসুবিধা হতে পারে। এই রিপোর্ট অন্য কোনও পক্ষকে দেখানো যাবে না।' সূত্রের খবর, হাইকোর্টের রিপোর্ট দিয়ে রাজ্য জানিয়েছে, নির্যাতিতাকে হুমকির অভিযোগ নেই। তাই আগাম কোনও পদক্ষেপেরও প্রয়োজন নেই। তদন্তের স্বার্থে সবরকম সাহায্য করা হচ্ছে।

তিনটি জনস্বার্থ মামলার মধ্যে একটি জনস্বার্থ মামলার আইনজীবী ফিরোজ এডুলজি অভিযুক্তদের মানবাধিকার নিয়ে প্রশ্ন তুলে বলেন, 'যেভাবে অভিযুক্তদের কোমরে দড়ি বেঁধে আদালতে নিয়ে যাওয়া হচ্ছে তাতে মানবাধিকার লঙ্ঘন হচ্ছে।' তবে ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, 'অভিযুক্তরা বাকশক্তিহীন নয়। তাদের হয়ে নিম্ন আদালতে আইনজীবী রয়েছেন। তাঁরা কেন অভিযোগ করছেন না? এই বিষয়ে হাইকোর্টের হস্তক্ষেপের প্রয়োজন নেই।' চার সপ্তাহ পরে রাজ্যকে পুনরায় তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট পেশ করার নির্দেশ দেওয়া হয়েছে।



স্বাগত তোমায়...

বৃহস্পতিবার নবান্নে কাশ্মীরের মুখ্যমন্ত্রীকে স্বাগত জানাচ্ছেন মমতা।

## কাশ্মীর বেড়াতে ডাক ওমরের

**কলকাতা, ১০ জুলাই :** ২২ এপ্রিল পহলগামে জঙ্গি হামলার পর ভূস্বর্গের দিকে মুখ ঘুরিয়েছেন পর্যটকরা। কিন্তু কাশ্মীর যে এখনও নিরাপদ তা বোঝানোর চেষ্টা করলেন জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। বুধবার কলকাতায় এক অনুষ্ঠানে তিনি বলেন, 'আমি ফাঁকা জম্মু ও কাশ্মীরকে প্রমোট করতে আসিনি, এসেছি কাশ্মীরের পর্যটনকে প্রমোট করতে।' একদিনের সফরে এদিন কলকাতায় আসেন ওমর। সারাদিনের কর্মসূচির ফাঁকে বিকালে নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাৎও করেন তিনি। সেখানেই ইন্ডিয়া জোটের ইস্যুতে তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। আগামী বিধানসভা নির্বাচনে প্রয়োজনে এই রাজ্যে প্রচারেও যে ওমর আসবেন, তাও তিনি নিশ্চিত করেছেন মমতাকে। এদিন মমতার সঙ্গে দীর্ঘ ৪০ মিনিট আলোচনায় উঠে এসেছে বিজেপিবিরোধী আন্দোলনের নানা রূপরেখা।

**মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক নবান্নে**

২২ এপ্রিল পহলগামে জঙ্গি হামলায় ২৬ জন নিরীহ পর্যটকের মৃত্যুর পর ভূস্বর্গ থেকে মুখ সরিয়েছিলেন সাধারণ মানুষ। এদিন কলকাতায় এসে ওমর আবদুল্লা বলেন, '২০২৫ সাল আমাদের কাছে সহজ নয়। পহলগাম হামলার আগে আমাদের জম্মু ও কাশ্মীরকে প্রমোট করতে হত না। কারণ তখন আমরা পর্যটনের সর্বোচ্চ শিখরে ছিলাম। কিন্তু এখন পরিস্থিতি বদলেছে। আমি বুঝতে পারছি, মানুষের মধ্যে এখনও আতঙ্ক আছে। কিন্তু মনে রাখতে হবে, অমরনাথ যাত্রায় অনেকে মারা গিয়েছেন। কিন্তু যাঁরা অমরনাথযাত্রা করেছেন, তাঁরা কি বলবেন, তাঁরা নিরাপদ ছিলেন না?' পহলগাম কাণ্ডের পরে কাশ্মীরের হোটেল ফাঁকা ছিল। তা নিয়ে আক্ষেপ ঝরে পড়েছে ওমর আবদুল্লার গলায়। বলেন, 'ভরা হোটেল থেকে খালি হোটেল, ভরা ডাল লেক থেকে খালি ডাল লেক সব দেখেছি। কিন্তু এখন ফের পর্যটকরা আসতে শুরু করেছেন। আগে যেখানে ৫০টি বিমান কাশ্মীরে আসত, হামলার পরে তা নেমে এসেছিল ১৫টিতে। এখন ২০ থেকে ২৫টি বিমান আসছে। তাই কাশ্মীর আর বিপজ্জনক নয়। কাশ্মীরে বেড়াতে আসুন।'

এই রাজ্যের সঙ্গে পুরোনো সম্পর্কের কথা মনে করিয়ে দিয়ে জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী বলেন, 'পশ্চিমবঙ্গ এবং জম্মু ও কাশ্মীরের মধ্যে পুরোনো সম্পর্ক রয়েছে। পশ্চিমবঙ্গের মানুষ যেমন কাশ্মীরকে পছন্দ করেন, তেমনই কাশ্মীরবাসীর কাছেও বাংলার গুরুত্ব আছে। নব্বইয়ের দশক থেকে কাশ্মীরের পর্যটনের বাংলা গুরুত্বপূর্ণ স্থান নিয়েছে। আমরা নিরাপত্তার দিক থেকে সর্বোচ্চ ব্যবস্থা নিচ্ছি। পর্যটকরা নিশ্চিন্তে আসতে পারেন। পহলগামও খুলে গিয়েছে।' ভাষণ দিতে গিয়ে কিছুটা আবেগপ্রবণ হয়ে পড়েন ওমর আবদুল্লা। একটু থেমে তাঁর বার্তা, 'আপনারা আসুন। জম্মু ও কাশ্মীর আপনাদের স্বাগত জানাতে প্রস্তুত রয়েছে।'

## তোষণের আরও চেষ্টা, মত শুভেন্দুর

**অরূপ দত্ত**

**কলকাতা, ১০ জুলাই :** উঁচু জাতের হিন্দু গরিব সম্প্রদায়ের মানুষের জন্য মোদির দেওয়া সংরক্ষণের সুবিধা কাড়তে চাইছেন মমতা। অভিযোগ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ২০১৯-এ লোকসভা ভোটের আগে, আর্থিকভাবে অনগ্রসর সম্প্রদায়ের জন্য শিক্ষা, চাকরিতে ১০ শতাংশ সংরক্ষণ চালু করেন মোদি সরকার। আর্থিকভাবে দুর্বল, তপশিলি জাতি বা আদিবাসীদের মতো যারা সংরক্ষণের সুবিধা পান না সেই সব সম্প্রদায়ের জন্য শিক্ষা, সরকারি চাকরিতে ১০ শতাংশ সংরক্ষণ চালু করেছে কেন্দ্র। শুভেন্দুর অভিযোগ, বিধানসভায় সেই বিল অনুমোদিত হলেও তা কার্যকর করছে না রাজ্য। উলটে আর্থিক অনগ্রসরতার দোহাই দিয়ে আরও তিনটি মুসলিম সম্প্রদায়কে এই তালিকায় অন্তর্ভুক্ত করতে চাইছে রাজ্য।

৭৬টি মুসলিম জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে তৈরি রাজ্যের ওবিসি তালিকা আদালতের গেরোয় এখনও আটকে। তালিকা চূড়ান্ত না হওয়ায় সংরক্ষণ নিয়ে জটিলতায় ছাত্র ভর্তি ও নিয়োগ নিয়ে অচলাবস্থা তৈরি হয়। আদালতের নির্দেশে অচলাবস্থা কাটলেও, তালিকা এখনও চূড়ান্ত নয়। এরই মধ্যে আর্থিকভাবে অনগ্রসরদের জন্য সংরক্ষণের তালিকায় সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের তিনটি জনগোষ্ঠীকে নতুন করে অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিয়েছে রাজ্য। সেই লক্ষ্যে ইতিমধ্যেই তালিকায় অন্তর্ভুক্ত হতে সংশ্লিষ্ট জনগোষ্ঠীগুলিকে আবেদন করার জন্য নির্দেশ দিয়েছে রাজ্য প্রশাসন। এ বিষয়ে বৃহস্পতিবার বিধানসভার বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, 'ইতিমধ্যেই ২৭ শতাংশ মুসলিমকে আর্থিকভাবে অনগ্রসর দেখিয়ে তালিকাভুক্ত করা হয়েছে। তারপরেও বেলদার, খোট্টা, সর্দার এই তিনটি জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করতে চাইছে রাজ্য।' শুভেন্দুর মতে, '২৬-এর ভোটে জিততে ভোটব্যাংকের জন্য নানা পথে মুসলিমদের জন্য ১০০ শতাংশ সংরক্ষণের সুযোগ করতেই এই উদ্যোগ।


## ডিভিশন বেঞ্চও অযোগ্যদের সুযোগ দিল না

**রিমি শীল**

**কলকাতা, ১০ জুলাই :** শেষরক্ষা হল না। শত চেষ্টাতেও রাজ্য সরকার ও স্কুল সার্ভিস কমিশনের আবেদনে আমল দিল না কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। চিহ্নিত দাগিরা কোনওভাবেই নতুন প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন না, একক বেঞ্চের নির্দেশ বহাল রেখে স্পষ্ট জানিয়ে দিল বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চ। 'অযোগ্য'রা নিয়োগে অংশ নিতে পারবেন না তা আগেই রায় দিয়েছিল বিচারপতি সৌগত ভট্টাচার্যের একক বেঞ্চ। এই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিল রাজ্য ও এসএসসি। তবে একক বেঞ্চের রায়ে হস্তক্ষেপ করল না ডিভিশন বেঞ্চ। ফলে সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নির্দিষ্ট সময়ের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ৩০ মে'র নতুন বিজ্ঞপ্তি অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া চলবে। ওই রুলের অন্যান্য বিষয়ে হস্তক্ষেপ করা হচ্ছে না।

এদিনও এসএসসির আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় চিহ্নিত দাগিদের হয়ে জোর সওয়াল করেন। তিনি বলেন, 'এঁদের পরীক্ষায় বসতে না দেওয়া স্বাভাবিক ন্যায়ের পরিপন্থী। প্রতারণা একপ্রকার ফৌজদারি প্রক্রিয়া। অনুত্তীর্ণ প্রার্থীরা সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী কোনও নির্দিষ্ট শ্রেণির অন্তর্গত নন। এখন যতবারই নিয়োগ প্রক্রিয়া শুরু করার পদক্ষেপ করা হচ্ছে ততবারই বাধা দেওয়া হচ্ছে। হাইকোর্টের ডিভিশন বেঞ্চ ও সুপ্রিম কোর্টের নির্দেশে শাস্তি হয়েছে। কিন্তু এঁরা এখনও তদন্তে নিজেদের প্রমাণিত করার সুযোগ পাননি।' আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য সওয়াল করেন, 'যাঁদের চাকরি বিক্রি হয়েছে, তাঁদেরই ফের নতুন পরীক্ষায় বসতে দেওয়া হচ্ছে কীভাবে? আদালতের নির্দেশে এটা করা হচ্ছে বলতে পারে না রাজ্য। এসএসসি সুপ্রিম কোর্টের নির্দেশ পরিবর্তিত করতে চাইছে। রাজ্য ও এসএসসি উভয়পক্ষ জানে, অযোগ্যদের নিয়োগে অংশ নেওয়ার ক্ষেত্রে বাধা রয়েছে। এটা স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া নয়।' আইনজীবী অনিন্দ্য মিত্রও একই মন্তব্য করেন। তিনি বলেন, 'দুর্নীতির পরিপ্রেক্ষিতে শীর্ষ আদালত যোগ্য ও অযোগ্য ভাগ করেছে। বাকিরা পরিস্থিতির শিকার।'


আদালতের নির্দেশ সামনে আসতেই সন্তুষ্ট চাকরিহারা শিক্ষকরা। চাকরিহারাদের আন্দোলনের অন্যতম মুখ মেহবুব মণ্ডল বলেন, 'সরকারের দুর্নীতির কারণে আমরা এই ভয়ংকর পরিস্থিতিতে এসে দাঁড়িয়েছে। অথচ তাঁদের হয়ে সওয়াল করা হচ্ছে। আদালতও বুঝতে পারছে পুরো প্যানেলে যোগ্য ও অযোগ্য রয়েছেন। এখন আমরা ন্যায় বিচারের অপেক্ষায়।' বিজেপির পরিষদীয় দলের মুখ্য সচেতক শংকর ঘোষ বলেন, 'জনগণের টাকা খরচ করে অযোগ্যদের বাঁচানোর চেষ্টার উদ্দেশ্য কেন রাজ্যের তা জানতে চায় মানুষ।' সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, 'এঁদের ঘুরপথে বাঁচানোই রাজ্যের লক্ষ্য। আদালত সঠিক রায় দিয়েছে।'



> এসএসসি সুপ্রিম কোর্টের নির্দেশ পরিবর্তিত করতে চাইছে। রাজ্য ও এসএসসি উভয়পক্ষ জানে, অযোগ্যদের নিয়োগে অংশ নেওয়ার ক্ষেত্রে বাধা রয়েছে। এটা স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া নয়।
>
> **বিকাশরঞ্জন ভট্টাচার্য**
> আইনজীবী

## বিপ্লবীরা 'সন্ত্রাসবাদী', ভুল মানল বিশ্ববিদ্যালয়

**কলকাতা, ১০ জুলাই :** বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের প্রশ্নপত্রে বিপ্লবীদের 'সন্ত্রাসবাদী' আখ্যা দেওয়া নিয়ে উত্তাল রাজ্যের শিক্ষা মহল। বুধবার ওই বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের ষষ্ঠ সিমেস্টারের ইতিহাস পরীক্ষা ছিল। সেই প্রশ্নপত্রে জানতে চাওয়া হয়, 'মেদিনীপুরের তিনজন জেলা ম্যাজিস্ট্রেটের নাম করো, যাঁরা সন্ত্রাসবাদীদের হাতে নিহত হন?' প্রশ্নপত্র ভাইরাল হতেই নিন্দায় সরব হয়েছেন অধ্যাপক থেকে শুরু করে রাজনৈতিক মহল। ১৯৩১ সালের ৭ এপ্রিল, জেলা ম্যাজিস্ট্রেট জেমস পেডিকে মেদিনীপুর কলেজিয়েট স্কুলে বিমল দাশগুপ্ত ও জ্যোতিজীবন ঘোষ গুলি ছুড়ে হত্যা করেছিলেন। ১৯৩২ সালের ৩০ এপ্রিল আর এক জেলা ম্যাজিস্ট্রেট রবার্ট ডগলাসকে জেলা বোর্ডের অফিসে ঢুকে হত্যা করেছিলেন বিপ্লবী প্রদ্যোৎ ভট্টাচার্য, প্রভাংশুশেখর পাল। ১৯৩৩-এর ২ সেপ্টেম্বরে মেদিনীপুরের খেলার মাঠে জেলা ম্যাজিস্ট্রেট বার্নার্ড ই জে বার্জকে বিপ্লবী অনাথবন্ধু পাঁজা, মৃগেন দত্ত, ব্রজকিশোর চক্রবর্তী, রামকৃষ্ণ রায় ও নির্মলজীবন ঘোষ হত্যা করেছিলেন। এই ঘটনার প্রেক্ষিতে প্রশ্নপত্রের ১২ নম্বর প্রশ্নে বিপ্লবীদের 'সন্ত্রাসবাদী' বলে উল্লেখ করা হয়েছে। বিষয়টি সামনে আসতে তেড়েফুঁড়ে নেমেছে বিজেপি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে ই-মেলে অভিযোগ জানানো হয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, 'এই ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে। প্রশ্নপত্র তৈরির দায়িত্বে যিনি ছিলেন তাঁর নাম প্রকাশ্যে এনে অবিলম্বে শোকজ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে সাসপেন্ড করতে হবে।'



বিষয়টি জটিল হতেই তড়িঘড়ি বৈঠকে সমস্ত বিভাগীয় প্রধানের সঙ্গে বৈঠকে বসেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দীপককুমার কর। দুপুরে সাংবাদিক বৈঠক করে বলেন, 'এটা অনিচ্ছাকৃত ভুল। ইতিহাস প্রশ্নপত্রে এই ভুল মুদ্রণের জন্য দুঃখিত ও ক্ষমাপ্রার্থী। ইউজি বোর্ড অফ স্টাডিজের চেয়ারম্যান (বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক) এবং মডারেশন বোর্ডের এক সদস্যের (একটি কলেজের অধ্যাপক) সই ছিল তাঁদের দু'জনকে ওই পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।'

■ ৪৬ বর্ষ ■ ৫৪ সংখ্যা, শুক্রবার, ২৬ আষাঢ় ১৪৩২

## রাজনীতির শত্রুমিত্র

রাজনীতিতে চিরস্থায়ী বলে কিছু হয় না। সে বন্ধুত্বই হোক আর শত্রুতা। আজ যাঁর সঙ্গে সুসম্পর্ক, কাল তিনি প্রতিপক্ষ হয়ে যেতে পারেন। আবার বর্তমানে যাঁর সঙ্গে মুখ দেখাদেখি বন্ধ, দু'দিন বাদে তিনিই হয়তো হয়ে উঠবেন নয়নের মণি। বিশ্বের রাজনীতির ময়দানে এটাই চালু রেওয়াজ।

কিছুদিন আগে পর্যন্ত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বিশ্বের সবচেয়ে ধনী টেসলা-এক্স-স্পেসএক্সের কর্ণধার এলন মাস্কের ছিল গলায় গলায় বন্ধুত্ব। গতবার পেনসিলভেনিয়ায় নির্বাচনি প্রচারে ট্রাম্পের প্রাণনাশের চেষ্টার পর থেকেই মাস্ক তাঁর অনুরাগী হয়ে পড়েছিলেন। সেই অনুরাগ এমনই যে, রিপাবলিকান প্রার্থীর প্রচারে কোটি কোটি ডলার ব্যয় করেছিলেন তিনি।

দ্বিতীয়বার প্রেসিডেন্ট-কুর্সিতে বসার আগেই মন্ত্রীসভা সাজানোর সময় সেই অনুরাগের পুরস্কার দিয়েছিলেন ট্রাম্প। মাস্ককে তিনি দেন সরকারি দক্ষতা বিষয়ক দপ্তর। দায়িত্ব পেয়ে ব্যয়সংকোচনের নামে গণছাঁটাই শুরু করেছিলেন মাস্ক। পাশাপাশি নিয়মানুবর্তিতা নিয়ে নিত্যনতুন ফতোয়া জারি শুরু হয়। এই গণছাঁটাই এবং কড়াকড়ির প্রতিবাদে বিক্ষোভ শুরু হল দেশজুড়ে।

অন্যদিকে, বিগ, বিউটিফুল বিল পাশ করানো নিয়ে ট্রাম্প-মাস্ক মতবিরোধ দেখা দেয়। যার জেরে মাস্ক মন্ত্রীপদে ইস্তফা দেন। সম্প্রতি তিনি 'আমেরিকা পার্টি' নামে নতুন দল গঠন করেছেন। মাস্কের বক্তব্য, আমেরিকার মানুষকে এতদিন একদলীয় ব্যবস্থা থেকে মুক্ত করতেই আমেরিকা পার্টির জন্ম হয়েছে। এখন মাস্ক-ট্রাম্প বাগযুদ্ধ চলছেই।

মার্কিন নাগরিক হলেও মাস্কের জন্ম দক্ষিণ আফ্রিকায়। ইদানীং ট্রাম্প কথায় কথায় তাঁকে দক্ষিণ আফ্রিকায় ফেরত পাঠানোর হুঁশিয়ারি দিচ্ছেন। ট্রাম্প কোনওদিন সেটা পারবেন না বলে পালটা হুমকি দিয়েছেন মাস্কও। ট্রাম্প-মাস্ক মধুচন্দ্রিমা পর্ব যেমন মার্কিন ইতিহাসে অমর হয়ে থাকবে, তেমনি ভারতের রাজনীতিতে এই ধরনের কিছু দৃষ্টান্ত রয়েছে। মার্কিন মুলুকের ঘটনার সঙ্গে হয়তো হুবহু সাদৃশ্য নেই। তা সত্ত্বেও চমকপ্রদ।

যেমন, দৃষ্টান্ত (এক) : প্রয়াত দুই প্রধানমন্ত্রী রাজীব গান্ধি এবং বিশ্বনাথপ্রতাপ সিংয়ের মধ্যে ঘনিষ্ঠতা ও পরে ছাড়াছাড়ি। ৮৪ সালে নিজের দেহরক্ষীদের গুলিতে ইন্দিরা গান্ধি নিহত হওয়ার পর অন্তর্বর্তী ভোটে রাজীবের নেতৃত্বাধীন কংগ্রেস বিরোধীদের নিশ্চিহ্ন করে ক্ষমতায় আসে। প্রধানমন্ত্রী হন রাজীব। আর ভিপি অর্থমন্ত্রী। কিছুকাল পরে বফর্স কেলেঙ্কারি ফাঁস হতেই রাজীবের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে দেশজুড়ে আন্দোলন শুরু হল বিরোধীদের। সরকারের দুর্নীতির প্রতিবাদে মন্ত্রীপদ এবং কংগ্রেস ছাড়লেন ভিপি। ৮৯-এর ভোটে সেই ভিপি-র নেতৃত্বে রাষ্ট্রীয় মোর্চা রাজীবের কংগ্রেসকে হারিয়ে কেন্দ্রে ক্ষমতায় এল।

দৃষ্টান্ত (দুই) : পশ্চিমবঙ্গে ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন তৃণমূল দারুণভাবে জিতে দ্বিতীয়বারের জন্য ক্ষমতায় এল। আজকের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তখন মমতার বিশ্বস্ত সৈনিক। সরকারের সাতটি গুরুত্বপূর্ণ দপ্তরের মন্ত্রী হয়েছিলেন শুভেন্দু। কিছুকাল পরে শুভেন্দু মন্ত্রীসভা এবং তৃণমূল, দুটোই ছাড়লেন। ২১-এর বিধানসভা নির্বাচনে বিজেপিকে ক্ষমতায় আনতে ব্যর্থ হলেও নন্দীগ্রাম আসনে মুখ্যমন্ত্রীকে ১৯৫৬ ভোটে হারিয়ে দেন শুভেন্দু। ভারতীয় রাজনীতিতে খুঁজলে এমন আরও নজির মিলতে পারে।

রাজীব-ভিপি কিংবা মমতা-শুভেন্দুর দুটো ঘটনাই রাজনৈতিক সখ্য শত্রুতায় বদলে যাওয়ার বড় নজির। ভিপি বা শুভেন্দুর মতো ভোটে লড়ার উপায় হয়তো মাস্কের নেই। রিপাবলিকান এবং ডেমোক্র্যাটিক পার্টি ছাড়াও গ্রিন পার্টি, পিপলস পার্টি, লিবারটারিয়ান পার্টি রয়েছে আমেরিকায়। তবে এযাবৎ প্রেসিডেন্ট পদে প্রধান দুই দলের প্রার্থীরাই বসেছেন। মার্কিন কংগ্রেস বা অঙ্গরাজ্যগুলোর আইনসভাতেও প্রাধান্য দুই দলের। এই পরিস্থিতিতে এল মাস্কের নতুন দল। মাস্ক নিজে লড়তে না পারলেও আমেরিকা পার্টিই যে একদিন নির্বাচনি আসর মাতাবে না, সেটা কি জোরগলায় বলা যায়?

## অমৃতধারা

যে জিনিসটা দেখার পরিণাম মনের ওপর খারাপ হতে পারে, সেক্ষেত্রে চক্ষুকে সংবরণ কর। যেমন, একটা চিত্র রয়েছে। তুমি বুঝতে পারছ ওই চিত্রটা খারাপ। যদি দেখ মনের ওপর প্রভাব বেড়ে যাবে আর সে প্রভাব থেকে তুমি বাঁচবে না, যখন বুঝছ ওই চিত্রটা খারাপ তখন ওটা না দেখাই ভালো। এটা হল চক্ষুর সংবরণ। বুঝছ যে কোনও একটা খারাপ গান হচ্ছে বা খুব খারাপ আলোচনা হচ্ছে বা আলোচনা হতে পারে, তার আগে থেকেই কানটাকে সরিয়ে নাও। কারণ, খারাপ আলোচনা যখন কানে পৌঁছবে তখন তুমি তোমার মনকে আর নিয়ন্ত্রণ করতে পারবে না, কাজেই আগে থেকেই সতর্ক হয়ে যাও। এটা হল নিয়ন্ত্রণ।

-শ্রীশ্রী আনন্দমূর্ত্তি

# উন্নয়নের নামে মাঠ ধ্বংসের চক্রান্ত

একটি নদী বা একটি পাহাড় যেমন অপরূপ প্রাকৃতিক সম্পদ, শহরের মাঝখানে একটি বিরাট মাঠও তাই।

সুমন গোস্বামী



আলিপুরদুয়ার শহরের প্রাণকেন্দ্রে প্যারেড গ্রাউন্ড এখন সংবাদ শিরোনামে। গত ২৯ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাঠে একটি প্রশাসনিক ও রাজনৈতিক সভা করেছিলেন। ওই সভাস্থল নির্মাণের জন্য মাঠটিতে যা যা করা হয়েছে তাতে মাঠটির একরকম মৃত্যু হয়েছে। মাঠের সবুজ ঘাস মাটি সহ উপড়ে বিরাট বিরাট কংক্রিট এবং পেভার্স ব্লকের রাস্তা নির্মাণ, যথেচ্ছ বালি-পাথর ফেলা, নির্মম খোঁড়াখুঁড়ি ইত্যাদি মাঠের মৃত্যুঘণ্টা বাজিয়ে দিয়েছে।

মাঠটিকে আলিপুরদুয়ার শহরের ফুসফুস বলা যায়। শহরের বাস্তুতন্ত্রকে ধরে রেখেছে। শহরের শেষ সবুজ ভূখণ্ড বলা যায় প্যারেড গ্রাউন্ডকে। যে কোনও জনপদের মধ্যে এরকম মাঠের পরিবেশগত প্রয়োজন বিজ্ঞানসম্মত। এখন এই প্যারেড গ্রাউন্ড ধ্বংস হওয়ার মূল দায় কার, এ নিয়ে চলছে চাপানউতোর। প্রধানমন্ত্রী যেহেতু কেবল রাজনৈতিক জনসভা করেননি, প্রশাসনিক সভাও করেছেন, ফলে এই দায় সম্পূর্ণত প্রশাসনের ওপর ঠেলে দিতে চাইছে জনসভার আয়োজক ভারতীয় জনতা পার্টি। রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস আবার এই দায় সম্পূর্ণত বিজেপির বলতে চাইছে। কিন্তু সাধারণ জনতা দায় ঠেলার এই সার্কাস দেখতে চায় না। তারা চায় মাঠটির পুনরুজ্জীবন। এ প্রসঙ্গে স্পষ্টভাবে বলা দরকার, রাজ্যের বর্তমান শাসকদলের পূর্বতন বিবিধ কর্মকাণ্ডও এই মাঠের ক্ষতিসাধন করেছে ইতিপূর্বে। পরিবর্তিত পশ্চিমবঙ্গে তো 'উন্নয়ন' মানেই 'কনস্ট্রাকশন', 'কনস্ট্রাকশন' মানেই 'উন্নয়ন'! সেই 'উন্নয়ন' ঘটানোর তাগিদে এতবড় 'জমি' ফেলে রাখা সমীচীন মনে করেনি শাসকদল!

মাঠের পশ্চিম প্রান্তে কংক্রিটের ড্রেন নির্মাণ হয়েছে যাতে প্রাকৃতিক জল নিঃসরণের স্বাভাবিক প্রক্রিয়া বাধাপ্রাপ্ত হয়েছে। তাতে ঘাসের চরিত্র বদল ঘটেছে। খেয়ালখুশি মতো এখানে-সেখানে নানা ইট-কংক্রিটের নির্মাণ করা হয়েছে। কোনওটা শৌচাগারের নাম করে কোনওটা মুক্তমঞ্চের নাম করে। মাঠের ভেতরে পেভার্স ব্লকের যে রাস্তা তৈরি করা হয়েছে, সেটাও তো জল নিঃসরণের প্রাকৃতিক ব্যবস্থাকে বাধা দিচ্ছে! উন্মুক্ত মাঠকে রেলিংযুক্ত প্রাচীরে ঘিরে দেওয়া হয়েছে। ফলে সাধারণের সম্পদ আর উন্মুক্ত থাকল না, 'রেস্ট্রিকটেড' হয়ে গেল। এই কাজকর্মগুলির সরকারি নাম উন্নয়ন এবং সৌন্দর্যায়ন! কর্তারা কখনোই এসব করার আগে পরিবেশ বিশেষজ্ঞদের পরামর্শ নেননি। বলা ভালো নিতে চাননি। বরং রাজ্যের মুখ্যমন্ত্রীর সফর উপলক্ষ্যে তৃণমূল সরকারের প্রশাসন ও শাসকদলের উদ্যোগে আগেও মাঠ আক্রান্ত হয়েছে। সবুজ মাঠের ওপর বালি-বজরি-ইটের টুকরো ফেলে রাস্তা তৈরি করা হয়েছে।

প্রধানমন্ত্রীর জন্য প্যারেড গ্রাউন্ডে তিনখানা হেলিপ্যাড বানানো হয়েছিল। ভুললে চলবে না, মুখ্যমন্ত্রীর জন্যও একখানা বানানো হয়েছিল। সবসময়ই এই বার্তাটি যেন পরিচিত হয়েছিল যে, ক্ষমতাবানরা এই মাঠ নিয়ে ইচ্ছেমতো আচরণ করতে পারেন। প্রতিবাদ যে তখন হয়নি তা নয়। কিন্তু প্রতিবাদী কণ্ঠগুলি জনগণের ব্যাপক সমর্থন পায়নি। তবে এবার ধ্বংসের ব্যাপকতা আর কদর্যতা দেখে বিপুল সংখ্যক নাগরিক ক্ষুব্ধ হয়েছেন বলে পূর্বতন ঘটনাবলিতে ক্ষীণ প্রতিবাদী স্বরগুলো এবার বলীয়ান হয়েছে।



চাষের জমি নয়, আলিপুরদুয়ারের প্যারেড গ্রাউন্ড।

প্যারেড গ্রাউন্ড নিয়ে আন্দোলনের ব্যাপকতা আর তীব্রতা এবার বেশি। কারণ জনগণের ক্ষোভ বেশি। মাঠটি বাঁচানোর ডাক দিয়ে পিপল ফর প্যারেড গ্রাউন্ড নামে একটি নাগরিক সংগঠন গড়ে উঠেছে। মাঠের সবুজায়নের লক্ষ্যে স্বাক্ষর সংগ্রহ অভিযানে শহরবাসীর স্বতঃস্ফূর্ত সাড়া মিলেছে। স্পষ্ট হয়েছে যে, এই মাঠের সঙ্গে অধিকাংশ নাগরিক নাড়ির টান অনুভব করেন। এই মাঠ তো আসলে এক মায়ার আশ্রয়ও বটে! অল্পবয়সিদের খেলাধুলো এবং জীবনের প্রথম বন্ধুদের খুঁজে পাওয়ার জায়গা এই মাঠ। বড় হয়ে বহু অভিমানে চিৎ হয়ে শুয়ে আকাশ দেখার জায়গাও প্যারেড গ্রাউন্ড। কত সহস্র প্রথম প্রেমের স্মৃতি ঘুরে বেড়ায় প্যারেড গ্রাউন্ডের ঘাসের গোড়ায়!

**প্রধানমন্ত্রীর জন্য প্যারেড গ্রাউন্ডে তিনখানা হেলিপ্যাড বানানো হয়েছিল। ভুললে চলবে না, মুখ্যমন্ত্রীর জন্যও একখানা বানানো হয়েছিল। সবসময়ই এই বার্তাটি যেন পরিচিত হয়েছিল যে, ক্ষমতাবানরা এই মাঠ নিয়ে ইচ্ছেমতো আচরণ করতে পারেন। প্রতিবাদ যে তখন হয়নি তা নয়। কিন্তু প্রতিবাদী কণ্ঠগুলি জনগণের ব্যাপক সমর্থন পায়নি।**

সেই মায়ার বন্ধন, সেই নাড়ির টানেই বোধহয় রাজনৈতিক অবস্থান নির্বিশেষে প্রচুর মানুষ জড়ো হচ্ছেন প্যারেড গ্রাউন্ডের পুনরুজ্জীবনের দাবিতে। তাঁরা কেবল ধ্বংসস্তূপে পরিণত প্যারেড গ্রাউন্ডের পুনরায় সবুজ হয়ে ওঠা চান না। এই কর্মযজ্ঞে যে বিপুল অর্থ প্রয়োজন, তা যাতে জনগণের করের পয়সা থেকে না আসে, এই দাবিও স্পষ্ট করেছেন। মাঠের ক্ষতি যে বা যাঁরা করেছেন, যতটুকু করেছেন, মাঠের পুনরুজ্জীবনের আর্থিক দায়ভার তাঁদেরই বহন করাই এই মুহূর্তে আন্দোলনের দাবি।

দাবি মাঠকে ভবিষ্যতের আক্রমণের হাত থেকে রক্ষা করারও। এই ধরনের অপরিণামদর্শী কাজ যে ভবিষ্যতে হবে না, তা কেউ বলতে পারে না। কারণ, হতশ্রী, ধ্বংসপ্রাপ্ত প্যারেড গ্রাউন্ডকে রক্ষার নামে আর একটি উদ্যোগের কথা শোনা যাচ্ছে। সেই উদ্যোগটি হল, ধ্বংসপ্রাপ্ত মাঠটিকে কাজে লাগিয়ে এই তালে আরও কিছু 'উন্নয়ন' করে নেওয়া। আসল সমস্যা মূলগত ধারণা নিয়ে। মাঠ যাঁরা নষ্ট করলেন বা নষ্ট হওয়া মাঠে এই সুযোগে বিরাট 'উন্নয়ন' করার পাঁয়তারা যাঁরা কষছেন, তাঁরা প্যারেড গ্রাউন্ডকে নিছক একটি ফাঁকা জমি হিসেবে দেখেন। আর এখন ফাঁকা জমি মানেই কামাইয়ের হাতিয়ার। নেতা ও মাফিয়াদের চোখ পড়ে যেখানে।

অথচ শুভচিন্তক নাগরিকরা আলিপুরদুয়ারের প্যারেড গ্রাউন্ডকে কেবল জমি হিসেবে দেখেন না। দেখেন শহরের সম্পদ হিসেবে, শহরের বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষার হাতিয়ার হিসাবে। একটি নদী বা একটি পাহাড় যেমন অপরূপ প্রাকৃতিক সম্পদ, শহরের মাঝখানে একটি বিরাট মাঠও তাই। নদী বা পাহাড় যেমন অপরিবর্তনীয় যাকে নিজের মতো থাকতে দেওয়া উচিত, আলিপুরদুয়ারের প্যারেড গ্রাউন্ডকেও তাই। এই সোজা কথাটা হয় কেউ বুঝতে চাইছেন না, অথবা ভুলিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে।

আমাদের দেশে পরিবেশ সংক্রান্ত আইন থাকলেও তার প্রয়োগ অনেক সময়ই ব্যাপক সংখ্যক মানুষের চাওয়া-পাওয়ার বিপ্রতীপে দাঁড়িয়ে থাকে। কয়েকটি ক্ষেত্রে কিন্তু জনতাই পরিবেশ সংক্রান্ত আইন বা পরিবেশ আদালতের চমৎকার ব্যবহার করেছেন। যেমন মুম্বইয়ের আরি কলোনির সবুজ মাঠ রক্ষায় মেট্রো রেল কর্তৃপক্ষের সঙ্গে সংঘাত বা দিল্লির উপকণ্ঠে যমুনা নদী সংলগ্ন সবুজক্ষেত্র বাঁচাতে আর্ট অফ লিভিং সংস্থার বিপক্ষে জনগণের লড়াই ইত্যাদি পরিবেশ আইন ব্যবহারের কয়েকটি চমৎকার উদাহরণ।

এরাজ্যেও কলকাতা শহরে রবীন্দ্র সরোবর ও পার্শ্ববর্তী অঞ্চল রক্ষার জন্য সবুজ মঞ্চ ও অন্যদের লড়াই একটি সদর্থক উদাহরণ তৈরি করেছে। আন্তর্জাতিক ক্ষেত্রে লন্ডনের গ্রিন বেল্ট বা হিথ্রো এয়ারপোর্ট সম্প্রসারণ বিরোধী আন্দোলন, নিউ ইয়র্কের সেন্ট্রাল পার্ক বিরোধী আন্দোলন অথবা আমাদের ঘরের পাশে ঢাকা শহরের তেঁতুলতলা মাঠ সংরক্ষণের আন্দোলন ঐতিহাসিক কিছু দৃষ্টান্ত স্থাপন করেছে।

আলিপুরদুয়ার শহরে প্যারেড গ্রাউন্ড পুনরুদ্ধারের লক্ষ্যে চলমান আন্দোলন কি তেমনই একটি দৃষ্টান্ত স্থাপন করতে পারে না? না পারলে ভবিষ্যৎ প্রজন্মের বাসযোগ্য পরিবেশ না রেখে যাওয়ার অপরাধে দুষ্ট হব আমরা সবাই। কেননা, মাঠ শুধু পড়ে থাকা জমি নয়। এটা প্রাকৃতিক সম্পদ। যাকে সংরক্ষণ করতে হয়। সভ্য মানুষ সেই সংরক্ষণ করেন। যাঁরা মাঠ ধ্বংস করেন, তাঁদের কি সেই আখ্যা দেওয়া যায়?

*(লেখক সমাজকর্মী। আলিপুরদুয়ারের বাসিন্দা।)*


## আজ

**১৯৬৭**



লেখিকা ঝুম্পা লাহিড়ির জন্ম আজকের দিনে।

**১৯৫৬**



আজকের দিনে জন্মগ্রহণ করেন লেখক অমিতাভ ঘোষ।

## আলোচিত



মোরোপন্ত পিঙ্গলে (আরএসএসের প্রাক্তন প্রচারক) একবার বলেছিলেন, যখন আপনার ৭৫-এর শাল গায়ে পড়ে, তখন আপনার থেমে যাওয়া উচিত। একথার মানে হল, আপনার বয়স হয়েছে। এখন আপনি সরে যান। আমাদের কাজ করতে দিন।

- মোহন ভাগবত

## ভাইরাল/১



ঝাড়খণ্ডে বৃদ্ধার বিপজ্জনক নদী পার হওয়ার ভিডিও ভাইরাল। বর্ষায় জল থইথই নদী। তার ওপর ভাঙা ব্রিজ। ভয়ে কেউ পার হচ্ছেন না। সেই ব্রিজ ধীরে ধীরে পার হলেন বৃদ্ধা। তাঁর সাহসিকতার প্রশংসায় পঞ্চমুখ নেট দুনিয়া।

## ভাইরাল/২



সঙ্গীর অপেক্ষায় বসে ছিল তারা। বাস দেখে দৌড় লাগায় স্ট্যান্ডের দিকে। ছোট্ট মেয়ে বাস থেকে নামতেই খেলা শুরু করে কুকুরগুলি। কেউ হাত টানছে, কেউ টানছে ব্যাগ। তারপর সবাই মিলে দৌড় লাগায় বাড়ির দিকে।

জনমন
জনমত

## পুলিশের আরেকটু সহনশীল হওয়া উচিত সবক্ষেত্রেই

ভূপেন হাজারিকার বিখ্যাত গানের লাইন 'একটু সহানুভূতি মানুষ কি পেতে পারে না?' উত্তরটা হয়তো হবে না পেতে পারে না, যদি সেই মানুষটি বিরোধী দলের কেউ হন। সরকারের বিরোধিতা করে আন্দোলন সহ্য করে না শাসক। লেলিয়ে দেয় পুলিশ সহ দলের লেঠেল বাহিনীদের। সে তুমি শিক্ষক হও বা সাধারণ মানুষ।

৯ জুলাই বামপন্থীদের ডাকা ভারত ধর্মঘটের দিন দেখলাম বুনিয়াদপুরে আন্দোলনরত একজন বয়স্ক বাম নেতাকে পুলিশ আধিকারিক অকারণে প্রকাশ্য রাস্তায় চড় মারলেন। ভাইরাল ভিডিওটি বারবার দেখে চড় মারার মতো পরিস্থিতি ছিল না বলেই আমার মনে হয়েছে। আমি একজন সাধারণ নাগরিক হিসেবে এই ঘটনার তীব্র নিন্দা জানাই।

কেউ শাসক দলের বিরোধিতা করে মিছিল-মিটিং করলেই পুলিশ বাধা দিচ্ছে। অনুমতি দিচ্ছে না, আদালত থেকে অনুমতি নিতে হয়। অথচ আমরা দেখেছি, শাসকদলের নেতা অনুব্রত মণ্ডল পুলিশের সঙ্গে কুরুচিকর বক্তব্য ও অশালীন আচরণ করার পরেও পুলিশ তাঁর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয় না। তখনও আমরা সাধারণ মানুষ অনুব্রতর আচরণের বিরোধিতা করে পুলিশের পক্ষে সোশ্যাল মিডিয়ায় দাঁড়িয়েছিলাম।

কিন্তু বুনিয়াদপুরের ঘটনা প্রমাণ করে দিল এই রাজ্যের পুলিশ শাসকদলের অনুগত বাহিনী।



সহানুভূতি, মানবিকতা, আইন এদের কাছে তুচ্ছ। শাসকদলকে সন্তুষ্ট করাই যেন এদের দায়িত্ব। তাতে কিছু পুলিশ অফিসার অপমানিত হয় হোক, বিরোধী নেতাদের অসাংবিধানিকভাবে রাস্তায় মারা হয় হোক, তাতে এদের কিছু যায় আসে না। এইভাবে প্রশাসন চালালে রাজ্যের আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখা সম্ভব হবে কি? প্রশ্নটা কিন্তু রয়েই যায়।

**প্রাণগোপাল সাহা**
**সুভাষপল্লি, গঙ্গারামপুর।**

সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫৯৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪৫৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Editor & Proprietor : Sabyasachi Talukdar
Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012/1980 and Postal Regn. No. WB/NBSR/D-03/2003-08. E.Mail : uttarbanga@hotmail.com, Website : http://www.uttarbangasambad.in

# প্রখর অন্তর্দৃষ্টিতেই নারী নিরাপত্তা নিশ্চিত

সমাজের সর্বস্তরে ব্যক্তি সচেতনতা বৃদ্ধি পেলে তবেই আক্ষরিকভাবে নারী সুরক্ষা বাস্তবায়িত হবে। এজন্য উপযুক্ত শিক্ষা চাই।

দেবদত্তা বিশ্বাস



সকাল থেকে রাত পর্যন্ত ঝড়ের গতিতে বয়ে চলা স্ক্রলিং-এর দুনিয়ার নিত্যনৈমিত্তিক রোজনামচায় যে পৃথিবীটা আকর্ষণীয় হয়ে উঠছে। রোজ রোজ নতুন নতুনভাবে। আর তাতে বুঁদ হয়ে থাকা মানুষগুলো অন্তর্জালে জড়িয়েছে রঙিন পৃথিবীর সন্ধানে। কিছুদিন পরপর যখন আচমকাই কোনও বিক্ষিপ্ত ঘটনা সামনে আসে, তখন কিছুদিনের জন্য এই মাধ্যমগুলিই হয়ে ওঠে সমাজসচেতনতার জায়গা। আমরা তখন ঘটনার গতিপ্রকৃতি খতিয়ে দেখে 'সচেতনতা' দেখাই। কিছুদিন লাইক, কমেন্ট, শেয়ারে অভ্যস্ত হই। আর তারপর বালিশে মাথা রেখে হাই তুলে পাশ ফিরি।

এক অদ্ভুত অস্থির দুনিয়া চারপাশে। নীতি বা মূল্যবোধ যেখানে নিত্যদিন সংজ্ঞা বদলাচ্ছে সেখানে অবশ্যম্ভাবী রূপে নিরাপত্তা শব্দটার সঠিক প্রয়োগ নিয়ে উঠছে নানা প্রশ্ন। অতীতে নিরাপত্তা যখন কেবল সংকুচিত অর্থে বসতি বা সম্পত্তির রক্ষা বোঝাত তখন নিরাপত্তার সঙ্গে জড়িত ছিল সমষ্টি চেতনা। ধীরে ধীরে সমাজ এগিয়েছে। আধুনিকতার ছোঁয়ায় আজ আর শুধু গোষ্ঠীগত নিরাপত্তা নয়, নিরাপত্তার প্রশ্ন প্রতিটা মানুষের নিজের জন্য। অর্থাৎ শারীরিক নিরাপত্তা, সাইবার নিরাপত্তা, অর্থনৈতিক নিরাপত্তা। আর নিরাপত্তা প্রসঙ্গে আজ তো সবচেয়ে মুখরোচক মুচমুচে গল্পই তৈরি হয় নারী নিরাপত্তা প্রসঙ্গে। নিরাপত্তা শব্দ যেখানে উদ্বেগ মুক্তির সমার্থক সেখানে বড় প্রশ্ন থাকে উদ্বেগ কেন? সমাজের লয়-তাল-ছন্দ যদি স্বাভাবিকভাবে গতিশীলতা পায় তবে নিরাপত্তার প্রশ্নই বা আসছে কোথায়? এ এক বিতর্কিত প্রশ্ন তো বটেই।



ছবি : এআই

এবারে যদি শুধুই নারী নিরাপত্তার প্রসঙ্গে আসি তবে আজকাল যেন একটা সুরক্ষা কবজের আওতায় মোড়ানোর চেষ্টা চলছে সবটাকে। নানা প্রকল্প, বিভিন্ন প্রতিষ্ঠানে বেঁধে দেওয়া নিয়মকানুন তাছাড়া ক্ষতিপূরণের গল্প। এখানেই গল্পটা অন্যরকম। যদি নারী-পুরুষ একে অপরের পরিপূরক হন তবে একটু আলাদা করে নারীকেই শুধু রক্ষা করার অঙ্গীকার কেন? সমাজে নারী-পুরুষ সহযোদ্ধা রূপে থাকবেন এটাই তো স্বাভাবিক।

স্থান-কাল-দেশ ভেদে নারী নিরাপত্তার গল্পটা বোধহয় একই। তবে যদি উত্তরবঙ্গের কথা বলতে হয় তবে কিছু আলাদা পরিসর বা সম্ভাবনা উঠে আসে। দেশভাগ উত্তরবঙ্গকে এমন একটি সংবেদনশীল প্রাকৃতিক অবস্থানে দাঁড় করিয়েছে যেখানে সংমিশ্রণ ঘটেছে নানা জাতির। চারপাশজুড়ে রয়েছে একাধিক দেশের সীমান্ত। কাঁটাতারের ধারজুড়ে রয়েছে নানা ধরনের অসামাজিক কাজকর্ম, চোরাচালান। স্বভাবতই যখন নারী পাচার বা নারীঘটিত অসামাজিক ব্যবসা শুরু হয় তখন কোমল লক্ষ্যই হয় কাছেপিঠে থাকা এই মেয়েরাই। আবার কখনও উপজাতীয় মহিলাদের নানাভাবে অর্থ উপার্জনের সুযোগ দেখিয়ে ফাঁদে ফেলা হচ্ছে নানা খারাপ চক্রের। নানা সোশ্যাল নেটওয়ার্কিং সাইটের ভাঁওতাবাজির আওতায় বিশ্বজুড়ে যে উদ্বেগ তার আঁচ উত্তরবঙ্গেও পড়েছে। ছাতার মতো গজিয়ে ওঠা হোমস্টে, লজগুলো আদতে কতটা সুরক্ষিত সেই নিয়ে প্রশাসনের সচেতনতাও জরুরি।

তবে নিয়মের আওতায় বেঁধে কখনোই সম্পূর্ণরূপে সমাজ পরিবর্তন সম্ভব নয়। নারী নিরাপত্তা বা নারী সুরক্ষা তখনই ফলপ্রসূ হবে যখন সমাজের সর্বস্তরে ব্যক্তি সচেতনতা বৃদ্ধি পাবে। এমনকি নারীরাও সচেতন হবেন নিজেদের অধিকার রক্ষায়। তবে অধিকার রক্ষা ও স্বেচ্ছাচারিতার মধ্যে যে বিভেদ রেখা তাকে বুঝতে শেখাও জরুরি। আর সবকিছুর জন্য অতি অবশ্যই প্রয়োজন অনেক বেশি অন্তর্দৃষ্টি। আর অন্তর্দৃষ্টি তৈরি করবার পাঠই তো দেয় শিক্ষা।

*(লেখক শিক্ষক। জলপাইগুড়ির বাসিন্দা)*

**সম্পাদকীয় বিভাগে লেখা পাঠান। ৪০০ শব্দের মধ্যে। ইউনিকোডে ডক ফাইলে লেখা পাঠান। মেল—ubsedit@gmail.com**

## শব্দরঙ্গ ■ ৪১৮৯

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ★ | ১ | | ২ | ★ | ৩ | ৪ | ★ |
| ★ | | ★ | ৫ | | ★ | | ★ |
| ★ | | ★ | | ★ | ৬ | | ৭ |
| ★ | ৮ | | | ★ | ★ | ★ | |
| ৯ | ★ | ★ | ★ | ১০ | | ১১ | ★ |
| ১২ | ১৩ | | ★ | | ★ | | ★ |
| ★ | | ★ | ১৪ | | ★ | | ★ |
| ★ | ১৫ | | ★ | ১৬ | | | ★ |

**পাশাপাশি :** ১। বলরামের আদরের নাম ৩। বাংলার মাস ৫। গোলমাল, চ্যাঁচামেচি ৬। কাঠ বা ধাতুর বাঁশি ৮। সপ্ত পাতালের দ্বিতীয়টি ১০। সূর্যপত্নী ছায়া ১২। উগ্র, রাগচটা ১৪। শটি সচরাচর শিশুখাদ্য হিসাবে ব্যবহৃত হয় ১৫। প্রশ্রয়, আশকারা ১৬। উগ্র, চরমপন্থী, আপসবিরোধী।

**উপর-নীচ :** ১। হাফ আখড়াই ২। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত ৪। সংগীতের অনুশীলন রীতি ৭। বিস্ময়সূচক ধ্বনি ৯। শেষ, সমাপ্ত, অন্ত ১০। পুরাণে বর্ণিত সপ্তভুবনের অন্যতম ১১। জৈন ধর্মগুরু সংখ্যায় যাঁরা ছাব্বিশজন, জৈন ও বৌদ্ধ শাস্ত্রকার, সিদ্ধপুরুষ ১৩। অশ্বারোহী সৈন্যদল।

**সমাধান ■ ৪১৮৮**

**পাশাপাশি :** ১। দরাজ ৩। জমিজমা ৪। বকরি ৫। মারদাঙ্গা ৭। জতু ১০। কচা ১২। আনচান ১৪। কোকেন ১৫। বারিধারা ১৬। কদাপি।

**উপর-নীচ :** ১। দস্তাবেজ ২। জবর ৩। জরিমানা ৬। দারক ৮। তুফান ৯। আনকোয়া ১১। চাপাচুপি ১৩। কনক।

## বিন্দুবিসর্গ



দিল্লিতে শমীকও

# সংঘের যোগে স্বমহিমায় দিলীপ

নবনীতা মণ্ডল

**নয়াদিল্লি, ১০ জুলাই :** শুভেন্দু-সুকান্ত জমানায় যা বাধাপ্রাপ্ত হচ্ছিল, শমীক যুগে সেটাই ফের নয়া অবতারে ফিরতে চলেছে পদ্মশিবিরে। শমীক ভট্টাচার্য রাজ্য বিজেপির নতুন সভাপতি হওয়ার পর প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষের সঙ্গে দলের সম্পর্ক অনেকটাই সহজ, স্বাভাবিক হতে শুরু করেছে। সূত্রের খবর, এই পট পরিবর্তনে মূল ভূমিকা নিয়েছে আরএসএস। সংঘের হস্তক্ষেপেই দিলীপ ঘোষের হাতে গুরুত্বপূর্ণ কোনও দায়িত্বে আনা হতে পারে বলে জানা গিয়েছে।

এই বিষয়ে বিজেপির এক অভিজ্ঞ সাংসদ বলেন, 'কথাবার্তা চলছে সংঘের তরফে। পুরো বিষয়টা ওরাই দেখছে।' শুভেন্দু অধিকারী ও সুকান্ত মজুমদারের নেতৃত্বে বিজেপির রাজ্য সংগঠনে যেভাবে দিলীপ ঘোষ কার্যত কোণঠাসা হয়ে পড়েছিলেন, শমীক ভট্টাচার্য সভাপতি হওয়ার পর সেই দূরত্ব অনেকটাই কমেছে। এই ব্যাপারে কলকাঠি নাড়ছে সংঘ পরিবার।

মাঝে তাঁর তৃণমূলে যাওয়ার ব্যাপারে যে জল্পনা চলছিল তাতে আগেই জল পড়ে গিয়েছে। দিলীপ ঘোষ স্পষ্ট বলে দিয়েছেন, 'বাংলায় যে দলকে নিজের হাতে গড়ে তুলেছি, বাইরে থেকে আসা কয়েকজনের কথায় সেটা ছেড়ে যাব কেন?' রাজ্যে বিজেপির দায়িত্বপ্রাপ্ত নেতা শিব প্রকাশের সঙ্গে দেখা করে সেই ব্যাপারে নিজের ক্ষোভও উগরে দিয়েছেন দিলীপ। এমনকি দলের অন্দরের কিছু নেতা তাঁকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে কোণঠাসা করার চেষ্টা করছে বলেও তিনি প্রকাশ্যে অভিযোগ করেছেন। এই প্রসঙ্গে শমীক এদিন ইঙ্গিতপূর্ণ মন্তব্য করেছেন। তিনি বলেন, 'যাঁরা অতীতে দূরে চলে গিয়েছিলেন, তাঁরা আবার ফিরে আসবেন।'

এদিন দিল্লিতে বিজেপির সংসদীয় কমিটির বৈঠকে যোগ দেন শমীক ভট্টাচার্য। বৃহস্পতিবার রাতে দেখা করেন সংগঠনের গুরুত্বপূর্ণ নেতা সুনীল বনসলের সঙ্গেও। শুক্রবার বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার সঙ্গে তিনি দেখা করবেন। শমীক ইতিমধ্যেই জানিয়েছেন, দলীয় রীতি অনুযায়ী তিনি একটি নতুন রাজ্য কমিটি গঠন করবেন, যেখানে ৫০ শতাংশ নতুন মুখ ও ৫০ শতাংশ পুরোনো নেতাদের রাখা হবে। নতুন সভাপতি জানিয়েছেন, 'আজ থেকে ছয় মাস আগেই কেন্দ্রের নির্দেশে বাংলায় কাজ শুরু হয়েছে। সেই পরিকল্পনামাফিক এগোচ্ছে সব কিছু।' শমীক এদিনও দাবি করেছেন, 'সংখ্যালঘু ভোট ছাড়াই বিজেপি বাংলায় ক্ষমতায় আসবে। আমরা হিন্দু-মুসলমানের বিভাজন চাই না। তবে মুক্তমনা, প্রগতিশীল মুসলমানরাও আমাদের পাশে রয়েছেন।'

# ভিসার বাঁধন আলগা চিনের

**নয়াদিল্লি, ১০ জুলাই :** পথ চেনা থাক বা না থাক, চিনে যেতে আর ভিসা লাগবে না। চিন এখন আরও উন্মুক্ত। ভিসা ছাড়াই সে দেশে এখন থেকে যেতে পারবেন ৭৪টি দেশের নাগরিকরা। তবে পরিতাপের কথা ভারত নেই সেই তালিকায়।

তবে ঘটা করে নয়, চুপিসারেই দরজা খুলেছে বেজিং। তারা জানিয়েছে, ৭৪টি দেশের পর্যটকরা ৩০ দিন পর্যন্ত ভিসা ছাড়াই ঘুরতে পারবেন চিনে। নতুন এই সিদ্ধান্তে ইতিমধ্যে ২ কোটি বিদেশি পর্যটক ঢুকে পড়েছেন চিনা মুলুকে, যা গত বছরের তুলনায় দ্বিগুণ।

গত ডিসেম্বরে ফ্রান্স, জার্মানি, ইতালি, নেদারল্যান্ডস, স্পেন ও মালয়েশিয়ার নাগরিকদের জন্য চিনে প্রথম ভিসামুক্ত প্রবেশ চালু হয়। পরে একে একে ইউরোপ, লাতিন আমেরিকা ও মধ্যপ্রাচ্যের দেশগুলিও তালিকায় যুক্ত হয়। ১৬ জুলাই আজারবাইজানও এই তালিকায় যোগ হচ্ছে।এই খবরে পর্যটন ব্যবসায়ীরা রীতিমতো উল্লসিত। ইতিমধ্যে সাংহাই ভিত্তিক ট্রিপডটকম জানিয়েছে, বছরের প্রথম তিন মাসেই হোটেল বুকিং ও ফ্লাইট রিজার্ভেশন দ্বিগুণ হয়েছে। এর মধ্যে প্রায় ৭৫ শতাংশ পর্যটকই ভিসামুক্ত দেশের।

# বিমান ধ্বংসের দায় রাশিয়ার

**স্ট্রাসবুর্গ, ১০ জুলাই :** ১৭ জুলাই, ২০১৪। আমস্টারডাম থেকে কুয়ালালামপুর যাওয়ার পথে পূর্ব ইউক্রেনে ভেঙে পড়েছিল মালয়েশিয়া এয়ারলাইন্সের এমএইচ-১৭ যাত্রীবিমান। ঘটনায় ২৮৩ জন যাত্রী এবং ১৫ বিমানকর্মীর মৃত্যু হয়েছিল। জানা যায়, ক্ষেপণাস্ত্র হামলায় সেটি ধ্বংস হয়েছে। ওই ঘটনায় রাশিয়ার জড়িত থাকার প্রমাণ মিলেছে বলে জানিয়েছে ইউরোপীয় মানবাধিকার আদালত। ফ্রান্সের স্ট্রাসবুর্গে হওয়া শুনানিতে আদালতের সভাপতি ম্যাটিয়াস গুয়োমার বলেন, 'প্রাপ্ত তথ্য-প্রমাণ থেকে বোঝা যাচ্ছে যে ক্ষেপণাস্ত্রটি ইচ্ছাকৃতভাবে ফ্লাইট এমএইচ-১৭-কে লক্ষ্য করে ছোড়া হয়েছিল। সম্ভবত এটিকে সামরিক বিমান ভেবে ভুলবশত নিশানা করা হয়।' পূর্ব ইউক্রেনের যে এলাকা থেকে ক্ষেপণাস্ত্রটি ছোড়া হয়েছিল সেটি রুশ সমর্থিত বিদ্রোহীদের দখলে রয়েছে। যদিও শুরু থেকে বিমান ধ্বংসের যাবতীয় দায় অস্বীকার করেছে রাশিয়া। বিচারকদের মতে, বিমান ধ্বংসের দায় না নিয়ে আন্তর্জাতিক আইন ভেঙেছে ভ্লাদিমির পুতিনের সরকার।

# নিমিশা শেষ চেষ্টা কোর্টে

## ইয়েমেনে কেরলের নার্সের ফাঁসির দণ্ড

**নয়াদিল্লি ও সানা, ১০ জুলাই :** সময় শেষ হয়ে আসছে। হাতে আর মাত্র ৬দিন। ইয়েমেনের রাজধানী সানায় ১৬ জুলাই ভারতের নিমিশা প্রিয়ার ফাঁসির সাজা কার্যকর হবে। বিদেশমন্ত্রকের যাবতীয় তৎপরতা সত্ত্বেও নিমিশার প্রাণভিক্ষার আবেদন খারিজ করে দিয়েছেন ইয়েমেনের প্রেসিডেন্ট রশিদ মহম্মদ আল আলিমি। ভারতীয় তরুণীর প্রাণ বাঁচানোর শেষ চেষ্টা হিসাবে বৃহস্পতিবার সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছে 'সেভ নিমিশা প্রিয়া অ্যাকশন কাউন্সিল'। সংগঠনের আবেদন, নিমিশাকে বাঁচাতে কূটনৈতিক সক্রিয়তা বৃদ্ধি করুক সরকার।

ফাঁসির একদিন আগে ১৪ জুলাই মামলার শুনানি হবে বিচারপতি সুধাংশু ধুলিয়া এবং বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চে। এত কম সময়ের মধ্যে বিদেশি আদালতে সাজাপ্রাপ্ত এক ভারতীয়কে মুক্ত করার ক্ষেত্রে সুপ্রিম কোর্ট কেন্দ্রকে কোনও নির্দেশ বা পরামর্শ দেয় কি না আপাতত সেদিকে তাকিয়ে রয়েছে সব মহল। ইয়েমেনের এক নাগরিককে খুনের অপরাধে ২০১৭ থেকে সেদেশের জেলে রয়েছেন কেরলের বাসিন্দা নিমিশা। পেশায় নার্স ওই ভারতীয় তরুণীকে ২০১৮-তে মৃত্যুদণ্ডের সাজা দিয়েছিল স্থানীয় আদালত।



নিমিশা প্রিয়া

**বিদেশে বিপদ**

- প্রাণভিক্ষার আবেদন খারিজ করেছেন ইয়েমেনের প্রেসিডেন্ট রশিদ মহম্মদ আল আলিমির
- বৃহস্পতিবার সুপ্রিম কোর্টে মামলা দায়ের সেভ নিমিশা প্রিয়া অ্যাকশন কাউন্সিলের
- সংগঠনের আবেদন, নিমিশাকে বাঁচাতে কূটনৈতিক সক্রিয়তা বৃদ্ধি করুক কেন্দ্র
- আট বছর ধরে ইয়েমেনের জেলে বন্দি নিমিশা

২০২০-তে ইয়েমেনের ট্রায়াল কোর্টও নিম্ন আদালতের সাজা বহাল রাখে। তখন থেকে নিমিশাকে বাঁচানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে তাঁর পরিবার।

ভারতের বিদেশমন্ত্রকের পাশাপাশি বিভিন্ন দেশীয় এবং আন্তর্জাতিক সংগঠন সেই চেষ্টার শরিক হয়েছে। তবে সব চেষ্টা ব্যর্থ হয়েছে ইয়েমেনের প্রেসিডেন্ট নিমিশার প্রাণদণ্ডের সাজা মকুবের আবেদন খারিজ করে দেওয়ায়। কর্মসূত্রে ২০০৮ থেকে ইয়েমেনে রয়েছেন নিমিশা।

স্বামী টমি থমাস এবং একমাত্র মেয়েও তাঁর সঙ্গে থাকতেন। ২০১৪-তে স্বামী ও কন্যা ভারতে ফিরে এলেও নিমিশা ইয়েমেনে রয়ে যান। ওই বছরই আব্দো মেহদি নামে এক ইয়েমেনির সাহায্যে সানায় একটি ক্লিনিক খোলেন নিমিশা। কিছুদিনের মধ্যে অংশীদারি নিয়ে তাঁদের মধ্যে মতবিরোধ হয়। নিমিশার টাকা ও পাসপোর্ট কেড়ে নেন মেহদি। ভারতীয় তরুণীকে নিয়মিত মারধর, নির্যাতন এবং মাদক সেবনে বাধ্য করা হত বলেও অভিযোগ।

এখানেই শেষ নয়, নিমিশাকে স্ত্রী বলে পরিচয় দিতে ভুয়ো কাগজপত্র তৈরি করে ফেলেছিলেন মেহদি। পুলিশের দ্বারস্থ হয়েছিলেন নিমিশা। সাহায্য পাননি।

মরিয়া হয়ে ২০১৭-র ২৫ জুলাই মেহদিকে ঘুমের ইনজেকশন দেন নিমিশা। কিন্তু ওভারডোজের কারণে মৃত্যু হয় মেহদির। তখন হানান নামে এক সহকর্মীর সাহায্যে মেহদির দেহ টুকরো করে জলের ট্যাংকে ফেলে দেন নিমিশা।

তারপর ইয়েমেন ছেড়ে পালানোর চেষ্টা করতে গিয়ে ধরা পড়ে যান তিনি। এখন ইয়েমেনের জেলে মৃত্যুর প্রহর গুনছেন ৩৬ বছর বয়সি ভারতীয় কন্যা।



*নৃত্যের তালে তালে... নামিবিয়ায় মোদিকে স্বাগত জানাতে স্থানীয় বাসিন্দাদের নৃত্যগীত।*

# বন্ধু কাঠগড়ায়, বদলা নিতে বাড়তি শুল্ক

**ওয়াশিংটন, ১০ জুলাই :** নির্বাচনে কারচুপি, ভোটে হেরেও ক্ষমতায় টিকে থাকার চেষ্টা, দুর্নীতি সহ নানা অভিযোগে প্রাক্তন প্রেসিডেন্ট জাইর বলসোনারোর বিরুদ্ধে তদন্ত করছে ব্রাজিল সরকার। বলসোনারোকে আদালতে পেশ করার তোড়জোড় চলছে। এই দুর্দিনে তাঁর পাশে দাঁড়ালেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। পুরোনো বন্ধুকে কাঠগড়ায় তোলা আটকাতে ব্রাজিল সরকারের ওপর পালটা চাপ তৈরির কৌশল নিয়েছেন তিনি।

বুধবার হোয়াইট হাউসের জারি করা বিবৃতিতে ব্রাজিল থেকে আমদানি করা পণ্যের ওপর ৫০ শতাংশ হারে শুল্ক চাপানোর কথা জানানো হয়েছে। অগাস্টের শুরু থেকে নতুন করের হার কার্যকর হবে। এখানেই থেমে থাকেননি ট্রাম্প। বলসোনারোর সমর্থনে ট্রুথ সোশ্যালে বড়সড়ো পোস্ট করেছেন মার্কিন প্রেসিডেন্ট। তাঁর বক্তব্য, 'রাজনৈতিক নিপীড়নের শিকার হয়েছেন বলসোনারো। তাঁর সঙ্গে যে আচরণ করা হচ্ছে সেটা আন্তর্জাতিক লজ্জা। এ ধরনের বিচার অনুচিত।' তিনি আরও লিখেছেন, 'বলসোনারোকে একটু একা থাকতে দিন। আপনারা দিনের পর দিন, রাতের পর রাত, মাসের পর মাস, বছরের পর বছর ধরে ওঁর পিছনে লেগে থাকা ছাড়া আর কিছুই করেননি।'

**ট্রাম্পের কোপে ব্রাজিল**

গত কয়েকদিনে বাংলাদেশ সহ বেশ কয়েকটি দেশের ওপর বর্ধিত হারে শুল্ক চাপিয়েছে ট্রাম্প সরকার। তবে ইস্পাতের যে দেশটির ওপর আমেরিকা অনেকাংশে নির্ভরশীল সেই ব্রাজিলের বিরুদ্ধে এ ধরনের পদক্ষেপে কূটনৈতিক মহলে চাঞ্চল্য ছড়িয়েছে। দৃশ্যত ক্ষুব্ধ ব্রাজিলের বিদেশমন্ত্রক সেখানকার মার্কিন রাষ্ট্রদূতকে তলব করে ট্রাম্পের বক্তব্যের ব্যাখ্যা চেয়েছে। আমেরিকার বিরুদ্ধে পালটা পদক্ষেপের হুঁশিয়ারি দিয়েছেন ব্রাজিলের বামপন্থী প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা দ্য সিলভা। এক্স হ্যান্ডেলে তিনি লিখেছেন,' যে কোনও একতরফা শুল্ক বৃদ্ধিকে ব্রাজিল পারস্পরিক আর্থিক আইনের আওতায় মোকাবিলা করবে।' ইঙ্গিত স্পষ্ট। আমেরিকার শুল্ক বৃদ্ধির পালটা হিসাবে সেদেশের পণ্যের ওপর বাড়তি শুল্ক চাপাবে ব্রাজিল।

দিনকয়েক আগে রিও ডি জেনেইরোতে বসেছিল ব্রিকস শীর্ষ সম্মেলন। তখন ব্রিকস দেশগুলির ওপর বড় অঙ্কের শুল্ক আরোপের হুঁশিয়ারি দিয়েছিলেন ট্রাম্প। সেই টানাপোড়েন মেটার আগেই ব্রিকস সম্মেলনের আয়োজক দেশ ব্রাজিলের ওপর আমেরিকার বাড়তি শুল্ক চাপানোর সিদ্ধান্ত পরিস্থিতিকে আরও জটিল করল।

# নোবেল দাবি কেজরিওয়ালের

**নয়াদিল্লি, ১০ জুলাই :** নোবেল পুরস্কারের জন্য নিজেকে যোগ্য বলে দাবি করেছেন দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। লেফটেন্যান্ট গভর্নর ক্রমাগত বাধা দিলেও আমআদমি পার্টি সরকার দিল্লিতে উল্লেখযোগ্য কাজ করেছে বলে তাঁর দাবি। আবগারি দুর্নীতি মামলায় প্রাক্তন মুখ্যমন্ত্রীর জেল হয়েছিল। তারপরেও তিনি নিজেকে নোবেল পাওয়ার যোগ্য বলেছেন। কেজরিওয়ালের দাবিকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। বিজেপি নেতাদের বক্তব্য, আপ সুপ্রিমো দিল্লিতে লুটপাট চালিয়েছেন। তিনি জনসাধারণের অর্থ চুরির জন্য 'স্বীকৃতি' পাওয়ার যোগ্য। দুর্নীতি, অদক্ষতা ও নৈরাজ্যবাদের নোবেল পুরস্কার পেতে পারেন। অনেকের বক্তব্য, কেজরিওয়ালের মানসিক ভারসাম্য নষ্ট হয়েছে।

# বিপাকে লালু

**রাঁচি, ১০ জুলাই :** বিধানসভা ভোটের মুখে জোর ধাক্কা খেলেন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী লালুপ্রসাদ যাদব। পশুখাদ্য কেলেঙ্কারি মামলায় সিবিআই লালু যাদবের দীর্ঘমেয়াদি সাজা চেয়ে ঝাড়খণ্ড হাইকোর্টে আবেদন করেছিল। বিচারপতি রঙ্গন মুখোপাধ্যায় ও বিচারপতি অম্বুজ নাথের ডিভিশন বেঞ্চ তা মঞ্জুর করেছে। সিবিআইয়ের বক্তব্য, পশুখাদ্য মামলায় প্রধান অভিযুক্ত ও ষড়যন্ত্রকারী হলেন আরজেডি সুপ্রিমো লালুপ্রসাদ। এই মামলায় সহকারী দোষী জগদীশ শর্মার উদাহরণ তুলে সিবিআই জানিয়েছে, জগদীশকে সাত বছরের কারাদণ্ড দেওয়া হয়েছিল।

সেখানে দুর্নীতির মূল কান্ডারি লালুপ্রসাদ যাদবের কী করে সাড়ে তিন বছরের কারাবাস হয়? ২০১৮ সালে আরজেডি নেতার ওই কারাদণ্ড হয়। বর্তমানে তিনি জামিনে মুক্ত। বিহারে ভোটের মুখে মামলাটি ফের চাগিয়ে উঠল। এবার দেখার লালুজি কীভাবে সামলান।

# শুভেচ্ছা মোদির

**নয়াদিল্লি, ১০ জুলাই :** কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংকে জন্মদিনের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বৃহস্পতিবার এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী লিখেছেন, 'কেন্দ্রীয়মন্ত্রী রাজনাথকে শুভ জন্মদিনের শুভেচ্ছা। তিনি পরিশ্রমী, জ্ঞানী। এই দুটি জিনিসে তিনি নিজেকে পৃথক করে তুলেছেন। প্রতিরক্ষা ক্ষেত্রে ভারতকে স্বাবলম্বী করে তোলা ও আমাদের সশস্ত্র বাহিনীকে শক্তিশালী করার জন্য তাঁর প্রচেষ্টা প্রশংসনীয়। তাঁর দীর্ঘ ও সুস্থ জীবন প্রার্থনা করছি।'

# ভূমিকম্পে কাঁপল হরিয়ানা, দিল্লি

**নয়াদিল্লি, ১০ জুলাই :** ভূমিকম্পে কেঁপে উঠল হরিয়ানা, রাজধানী দিল্লি এবং লাগোয়া বিস্তীর্ণ এলাকা। বৃহস্পতিবার সকালে একাধিক জায়গায় দীর্ঘ কম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৪.৪। জাতীয় ভূতত্ত্ব পর্যবেক্ষণ সংস্থা জানিয়েছে, বৃহস্পতিবার সকাল ৯টা ৪ মিনিটে ভূমিকম্পটি হয়। কম্পনের উৎসস্থল ছিল রাজধানী দিল্লি থেকে প্রায় ৬০ কিলোমিটার দূরে হরিয়ানার ঝজ্জরে। ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার গভীরে কম্পনটি হয়েছে। ভূকম্পের উৎসস্থল দিল্লি থেকে খুব দূরে না হওয়ায় তীব্রতা কম হলেও কম্পন বেশ ভালোই অনুভূত হয়েছে রাজধানীতে।

ভূমিকম্পে এখনও পর্যন্ত হতাহতের কোনও খবর মেলেনি। তবে সাতসকালের এই কম্পনের জেরে রাজধানী দিল্লি এবং আশপাশের এলাকার বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকেই ভয়ে বাড়ির বাইরে বেরিয়ে আসেন। এলাকাবাসীরা অনেকে জানিয়েছেন, তাঁদের বাড়িতে ফ্যান এবং অন্য আসবাবপত্র কাঁপতে শুরু করেছিল। এত দীর্ঘক্ষণ কাঁপুনির কথা কেউই মনে করতে পারছেন না।

ভূমিকম্পের উৎসস্থল ঝজ্জর থেকে প্রায় ২০০ কিলোমিটার দূরে উত্তরপ্রদেশের পশ্চিম প্রান্তের মিরাট এবং শামলিতেও কম্পন টের পাওয়া গিয়েছে। হরিয়ানার সোনিপত এবং হিসারেও ভূমিকম্প অনুভূত হয়েছে।

বিজ্ঞানীরা জানাচ্ছেন, কম্পন প্রবণতার দিক থেকে দিল্লি ও এনসিআর জোন ৪ অর্থাৎ 'তীব্র কম্পন' অঞ্চলে পড়ে। এর প্রধান কারণ, এই এলাকায় সক্রিয় তিনটি ফাটলরেখা আছে — সোহনা, মথুরা আর দিল্লি-মোরাদাবাদ। পাশাপাশি হরিয়ানাতেও আছে সাতটি ফাটলরেখা। উপরন্তু হিমালয় সংলগ্ন অঞ্চল হওয়ায় এই এলাকায় প্রায়ই আফটার শক বা 'প্রত্যাঘাত' অনুভূত হয়।

এর আগে গত ফেব্রুয়ারিতেও ভূমিকম্প হয়েছিল দিল্লিতে।

# বিতর্কে গ্রেট নিকোবর প্রকল্প

**নয়াদিল্লি, ১০ জুলাই :** গ্রেট নিকোবর দ্বীপের বিতর্কিত মেগা পরিকাঠামো প্রকল্পের ফলে স্থানীয় উপজাতিদের ক্ষতি হবে বলে আশঙ্কা রয়েছে। পাশাপাশি টাইগার রিজার্ভের মধ্যে থাকা গ্রামগুলিকে সরিয়ে নিয়ে অন্যত্র পুনর্বাসন দেওয়ার জন্যও ভোগান্তি বাড়বে স্থানীয় বাসিন্দাদের। উপজাতিদের ওপর মেগা প্রকল্পের প্রভাব এবং টাইগার রিজার্ভে বসবাসকারীদের পুনর্বাসন নিয়ে সরকার কী করছে তা জানতে চাওয়া হয়েছিল জাতীয় উপজাতি কমিশনের কাছে। কিন্তু তথ্যের অধিকার (আরটিআই) সংক্রান্ত সেই আবেদন খারিজ করে দিয়েছে কমিশন (এনসিএসটি)। সংসদীয় অধিকার ও কিছু আইনি ছাড় দেখিয়ে কমিশন এই তথ্য প্রকাশে অস্বীকৃতি জানিয়েছে।

অন্যদিকে পরিবেশ মন্ত্রক নতুন করে একটি 'ওভারআর্চিং কমিটি' তৈরি করেছে, যা পূর্বের সুপারিশগুলির পুনর্মূল্যায়ন করবে। পরিবেশবিদদের দাবি, এই কমিটি জাতীয় গ্রিন ট্রাইবিউনালের নির্দেশে গঠিত কমিটির স্বাতন্ত্র্য খর্ব করতে পারে।

# বৃষ্টিতে স্তব্ধ গুরুগ্রাম

**গুরুগ্রাম, ১০ জুলাই :** বুধবার রাতভর ভারী বৃষ্টিতে জলমগ্ন হয়ে পড়েছে গুরুগ্রাম। ১৩৩ মিমি বৃষ্টিপাতে একাধিক রাস্তা ও এলাকা ডুবে গিয়ে যানজটের সৃষ্টি হয়েছে। দিল্লি-গুরুগ্রাম এক্সপ্রেসওয়ের নার্সিংপুর অংশ, বাসাই, গলফ কোর্স এক্সটেনশন রোড সহ রাজীব চক, সদর বাজার এবং একাধিক সেক্টরে জল জমে গাড়ি চলাচল ধীরগতির হয়েছে। ন্যাশনাল হাইওয়ে ৪৮-এ ৭-৮ কিলোমিটার লম্বা যানজট দেখা গিয়েছে। জলবন্দি মানুষ ছবি ও ভিডিও সমাজমাধ্যমে ছড়িয়ে দিয়ে পুরসভার জবাবদিহি চেয়েছেন। তবে পুরসভা বলেছে, নালা ও পাম্প চালু আছে। কিন্তু এত বৃষ্টি হচ্ছে যে নিকাশি ব্যবস্থা তার সঙ্গে পাল্লা দিতে পারছে না।

# বেটিং অ্যাপ কেলেঙ্কারি

**বেঙ্গালুরু, ১০ জুলাই :** বেটিং অ্যাপ কেলেঙ্কারিতে ২৯জন সেলিব্রিটির বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারা ও তথ্যপ্রযুক্তি আইনের ৬৬ডি ধারায় মামলা দায়ের করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। যাঁদের বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে তাঁদের মধ্যে রয়েছেন বিজয় দেবেরকোন্ডা, প্রকাশ রাজ, রানা দুগ্গাবতি, নিধি আগরওয়ালের মতো অভিনেতারা। টেলিভিশন অ্যাঙ্কর শ্রীমুখির নামও রয়েছে।

# গোপনে ছবি

**বেঙ্গালুরু, ১০ জুলাই :** মহিলাদের অজান্তে ভিডিও তুলে ও তাঁদের সম্মতি না নিয়েই ছবি অনলাইনে পোস্ট করার অভিযোগে গ্রেপ্তার হল এক ব্যক্তি। ছবিগুলি দৃশ্যত অস্বস্তিকর। ধৃতের নাম জানা যায়নি। মূলত ছবিগুলি তোলা হয়েছে বেঙ্গালুরুর বাণিজ্যিক কেন্দ্র চার্চস্ট্রিটে। ওই শিক্ষার্থীর ছবি ইনস্টাগ্রামে ভাইরাল হওয়ায় হইচই পড়ে যায়।

# আমিই থাকছি, প্রত্যয়ী সিদ্দা

**বেঙ্গালুরু, ১০ জুলাই :** কর্ণাটকের মুখ্যমন্ত্রীর কুর্সি ছাড়ার যাবতীয় জল্পনায় জল ঢেলে দিলেন সিদ্দারামাইয়া। উপমুখ্যমন্ত্রী ডিকে শিবকুমারকে পদ ছেড়ে দেওয়ার জন্য কংগ্রেস হাইকমান্ড তাঁর ওপর চাপ সৃষ্টি করছে বলে কানাঘুষো শোনা যাচ্ছে বেশ কিছুদিন ধরে। তা খারিজ করে দিয়ে সিদ্দারামাইয়া বলেন, 'পাঁচ বছরের জন্য আমিই মুখ্যমন্ত্রী থাকছি। আমি আগেই বিষয়টি স্পষ্ট করে দিয়েছি। ২ জুলাই এই বিষয়ে আমি বিবৃতিও দিয়েছিলাম। সেদিন ডিকে শিবকুমারও ছিলেন।'

মুখ্যমন্ত্রীর সাফ কথা, 'আড়াই বছর পর পদ ছেড়ে দিতে হবে এমন কোনও সিদ্ধান্তও নেওয়া হয়নি। হাইকমান্ড শুধু বলেছিল, তারা যে সিদ্ধান্ত নেবে আমরা যেন সেগুলি মেনে চলি। হাইকমান্ড যে সিদ্ধান্ত নেবে আমাকে এবং ডিকে শিবকুমার উভয়কেই তা মেনে নিতে হবে। শিবকুমার মুখ্যমন্ত্রী হওয়ার যোগ্য ঠিকই। কিন্তু কুর্সি এখন খালি নেই।' সূত্রের খবর, বৃহস্পতিবার লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধির সঙ্গে দেখা করতে পারেন সিদ্দারামাইয়া এবং ডিকে শিবকুমার। শিবকুমারকে মুখ্যমন্ত্রী পদে বসানোর ব্যাপারে বেশ কিছুদিন ধরেই জল্পনা চলছে। তাঁর সমর্থকরাও চাইছেন কর্ণাটকে যেন মুখ্যমন্ত্রী পদে রদবদল করা হয়। কিন্তু মুখ্যমন্ত্রীর কথায় স্পষ্ট, তিনি সহজে হাল ছাড়ার মানুষ নন। তাঁকে নিয়ে যতই বিতর্ক চলুক, তাঁর আমলে যে রাজ্যের অর্থনীতি চাঙ্গা হচ্ছে সেই কথাও জানাতেও ভোলেননি সিদ্দারামাইয়া।

# কংগ্রেসের শশী বিড়ম্বনা

**নয়াদিল্লি, ১০ জুলাই :** তিরুবনন্তপুরমের সাংসদ শশী থারুরের সঙ্গে কংগ্রেসের স্নায়ুর লড়াই থামার আপাতত কোনও লক্ষণ নেই। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসা করে আগেই কংগ্রেস হাইকমান্ডের বিরাগভাজন হয়েছিলেন তিনি। এবার বিজেপির সুরে সুর মিলিয়ে জরুরি অবস্থার বিরোধিতা করায় হাত শিবিরের বিড়ম্বনা আরও বেড়েছে। একটি উত্তর সম্পাদকীয়তে জরুরি অবস্থার সময় দেশজুড়ে যে বাড়াবাড়ি হয়েছিল, তার জন্য তিনি সরাসরি নেহরু-গান্ধি পরিবারকে নিশানা করেছেন। থারুরের সাফ কথা, 'শৃঙ্খলা আনার উদ্দেশ্যে যে পদক্ষেপগুলি করা হয়েছিল সেগুলি আদতে নিষ্ঠুরতায় পর্যবসিত হয়েছিল।' তিনি লিখেছেন, 'ইন্দিরা গান্ধির ছেলে সঞ্জয় গান্ধি বলপূর্বক নির্বীর্যকরণ কর্মসূচিকে নেতৃত্ব দিয়েছিলেন। যা নিষ্ঠুরতার সবথেকে বড় উদাহরণ ছিল। দরিদ্র গ্রামীণ এলাকাগুলিতে হিংসা ও জোর জবরদস্তি করা হয়েছিল। নয়াদিল্লির মতো শহরে নিষ্ঠুরভাবে বস্তি গুঁড়িয়ে দেওয়া হয়েছিল। হাজার হাজার মানুষকে বাস্তুচ্যুত করা হয়েছিল।'

থারুর এও স্মরণ করিয়ে দেন, জরুরি অবস্থা একটি কঠোর সতর্কবার্তা। যাঁরা গণতন্ত্রের অভিভাবক তাঁদের সবসময়ই সতর্ক থাকতে হবে।' জরুরি অবস্থার পাঁচ দশক পূর্তি উপলক্ষ্যে সম্প্রতি দেশজুড়ে সংবিধান হত্যা দিবস পালন করেছে মোদি সরকার। তা নিয়ে কংগ্রেস আগেই সরব হয়েছিল।



*গুরুপূর্ণিমা উপলক্ষ্যে গঙ্গায় পবিত্র স্নান। বৃহস্পতিবার হরিদ্বারে। -পিটিআই*

# হাসিনার বিরুদ্ধে চার্জ ট্রাইবিউনালে

## রাজসাক্ষী প্রাক্তন আইজিপি

**ঢাকা, ১০ জুলাই :** ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শাস্তি দিয়ে মরিয়া ইউনূস সরকার। ভারতের নিরাপদ আশ্রয়ে থাকা আওয়ামী লিগ সভানেত্রীকে দেশে ফেরানোর জন্য ইতিমধ্যে নয়াদিল্লির ওপর চাপ বাড়াতে শুরু করেছে ঢাকা।

এই পরিস্থিতিতে বৃহস্পতিবার মানবতাবিরোধী অপরাধের মামলায় হাসিনার বিরুদ্ধে চার্জ গঠন করল আন্তর্জাতিক অপরাধ ট্রাইবিউনাল। বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইবিউনাল হাসিনার পাশাপাশি প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং বাংলাদেশ পুলিশের প্রাক্তন আইজি চৌধুরী আবদুল্লা আল-মামুনের বিরুদ্ধেও চার্জ গঠন করেছে।৩ অগাস্ট পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে। হাসিনা ও আসাদুজ্জামান খান দুজনকেই পলাতক বলে ঘোষণা করা হয়েছে। এদিন প্রাক্তন আইজিকে ট্রাইবিউনালে হাজির করা হলে তিনি এই মামলায় রাজসাক্ষী হওয়ার আবেদন জানান।

ট্রাইবিউনাল সেই আর্জি মঞ্জুর করে। প্রাক্তন পুলিশকর্তা জানান, তিনি দোষ স্বীকার করছেন। কীভাবে অপরাধ সংঘটিত হয়েছিল, সেই বিষয়ে তথ্য দিয়ে তিনি ট্রাইবিউনালকে সহযোগিতা করবেন বলে জানান।

শুনানির শেষে চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম বলেন, 'প্রাক্তন আইজিপি এদিন বলেছেন, ২০২৪ সালের জুলাই-অগাস্টে যে মানবতা বিরোধী অপরাধ সংঘটিত হয়েছিল, সেই অপরাধের সবকিছু তাঁর জানা। ট্রাইবিউনাল তাঁর আর্জি মঞ্জুর করেছে।'

চিফ প্রসিকিউটর বলেন, মানবতাবিরোধী অপরাধ কাদের মাধ্যমে কীভাবে সংঘটিত হয়েছিল প্রাক্তন আইজিপি সেই তথ্য উদঘাটন করবেন। তবে তিনি এখন কারাগারে থাকবেন। তাঁকে যথাযথ নিরাপত্তা দেওয়া হবে বলেও জানিয়েছেন চিফ প্রসিকিউটর। এখন দেখার হাসিনার ভাগ্যে কী আছে!

# নিউ ইয়র্ক নিয়ন্ত্রণের হুঁশিয়ারি

**ওয়াশিংটন, ১০ জুলাই :** ক্ষমতায় আসার পর একের পর এক বেনজির পদক্ষেপ করছেন ডোনাল্ড ট্রাম্প। এবার নিজের দেশের একটি শহরের শাসনভার সরাসরি হাতে নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তিনি। নিউ ইয়র্ক সিটির আসন্ন মেয়র নির্বাচনে ভারতীয় বংশোদ্ভূত জোহরান মামদানি জয়ী হলে শহরের প্রশাসনিক নিয়ন্ত্রণ ফেডারেল সরকার অধিগ্রহণ করবে বলে ঘোষণা করেছেন ট্রাম্প।

হোয়াইট হাউসে মন্ত্রীসভার বৈঠকের পর এক বিবৃতিতে প্রেসিডেন্ট বলেছেন, 'একজন কমিউনিস্ট নিউ ইয়র্ক পরিচালনার জন্য নির্বাচিত হলে এটি আর আগের মতো থাকবে না। প্রয়োজনে এলাকাটি পরিচালনার জন্য হোয়াইট হাউসে আমাদের কাছে অসাধারণ ক্ষমতা রয়েছে।' ট্রাম্প আরও বলেছেন, 'আমরা নিউ ইয়র্কের জন্য বিশেষ কিছু করতে চলেছি। আমি এখনই সব বলছি না। তবে আমরা নিউ ইয়র্ককে আবার মহান করে তুলব।' চলচ্চিত্র নির্মাতা মীরা নায়ার ও শিক্ষাবিদ মাহমুদ মামদানির ছেলে জোহরানের জন্ম উগান্ডায়। ৭ বছর বয়সে আমেরিকা চলে এসেছিলেন তিনি। নিউ ইয়র্ক সিটিতে তাঁর ব্যাপক জনপ্রিয়তা রয়েছে।

# রাজনীতি ছাড়লে চাষবাসই সঙ্গী শা'র

**নয়াদিল্লি, ১০ জুলাই :** নেতা মানুষের নাকি কখনও অবসর হয় না!

কথাটা শুনতে ভালো লাগলেও দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা জানিয়ে দিয়েছেন, আমরণ রাজনীতিতে থাকার ইচ্ছা তাঁর নেই। একদিন না একদিন তিনি ঠিকই সরে যাবেন রাজনীতি থেকে। তখন কীভাবে কাটবে তাঁর অবসর? শা জানিয়েছেন, অবসর জীবনে তাঁর সঙ্গী হবে বেদ, উপনিষদ আর জৈব চাষ!

৬০ বছর বয়সি শা রাজনীতির মাঠে এখনও অক্লান্ত সৈনিক। ভুল বলা হল, আসলে সেনাপতি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মতোই। কিন্তু গুজরাটের এক সভায় তিনি হঠাৎই ঘোষণার ভঙ্গিতে জানিয়েছেন, 'আমি ঠিক করেছি অবসরের পরে জীবনটা বেদ, উপনিষদ আর প্রাকৃতিক চাষেই কাটাব।'

শুধু ধর্মশাস্ত্র নয়, নিজের খেতে ক্ষতিকর রাসায়নিক ছাড়া চাষের মজাও শুনিয়েছেন শা।

অমিতের কথায়, 'কেমিক্যাল দিয়ে গম চাষ করলে ক্যানসার, ব্লাড প্রেসার, ডায়াবিটিস, থাইরয়েড কী না হয়! ওসবের খপ্পরে পড়ার কী দরকার! দরকার কী যেচে মৃত্যুকে ডেকে আনার! তার চেয়ে একেবারে দেশীয় পদ্ধতিতে প্রাকৃতিক চাষই ভালো। জৈব চাষে কোনও ক্ষতি হয় না। আর এটা সবাই মিলে করতে পারলে ওষুধের দোকান উঠে যাবে!'

এখানেই না থেমে শা জানিয়েছেন, নিজের খামারে হাত পাকাতে তিনি ইতিমধ্যে প্রাকৃতিক চাষ শুরু করে দিয়েছেন। তাতে ফলন নাকি আগের চেয়ে দেড় গুণ বেড়ে গিয়েছে! শা বলছেন, 'জমিতে ভারী বৃষ্টি হলে জলের ধারা বেরিয়ে যায়। কিন্তু অর্গ্যানিক চাষে এককোঁটাও জল বেরোয় না—সব মাটি শুষে নেয়!'

একই সঙ্গে শা কথা বলেছেন কেঁচো জাতীয় প্রাণীর উপকারিতা নিয়েও। মানুষের ভালোভাবে বেঁচেবর্তে থাকার ক্ষেত্রে কেঁচোর ভূমিকা সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য, 'সিন্থেটিক ফার্টিলাইজারে মাটির কেঁচো মরে যায়। অথচ কেঁচোই তো প্রকৃতির নিজস্ব ইউরিয়া-ফ্যাক্টরি! দেখা দরকার, সেই কারখানায় যেন লকআউট না হয়।'

সব মিলিয়ে রাজনীতি থেকে বিদায় নেওয়ার পর শা'র বানপ্রস্থ জীবনের সকালটা কাটবে খেতখামারে হাল চাষ করে। আর সন্ধ্যায় প্রদীপের আলোয় তিনি পড়বেন বেদ-উপনিষদ।



> আমি ঠিক করেছি অবসরের পরে জীবনটা বেদ, উপনিষদ আর প্রাকৃতিক চাষেই কাটাব।
>
> **অমিত শা**

# চলো পালটাই...

এরা সবাই নাবালিকা। স্কুল পড়ুয়া। প্রত্যেকে নিজের বিদ্যালয়ের কন্যাশ্রী ক্লাবের হয়ে সচেতন করে বাকিদের। ছোটদের ভাবতে শেখাটা জরুরি। এখন থেকেই তাদের মধ্যে দায়িত্ববোধ তৈরি হওয়াটাও জরুরি। কিছু কথা একঘেয়ে মনে হতে পারে। মনে হতে পারে এসব তো সবাই জানে, নতুন কিছু তো বলেনি। কিন্তু কথা হল, আমরা সবাই সবকিছু জেনেও চোখের সামনে ভুলটা দেখে চুপ করে থাকি। তাই আজ ওরা বলুক, আমরা শুনি। সেই সুযোগ করে দিল 'ক্যাম্পাস'।

অনুলিখন : শুভজিৎ দত্ত, ভাস্কর শর্মা ও শিবশংকর সূত্রধর

## ভোরের আলো ফোটাব

**আদৃতা বীর**

*(দশম শ্রেণির পড়ুয়া, কোচবিহার উচ্চ বালিকা বিদ্যালয়)*



এই তো কয়েকমাস আগের কথা। আমাদের স্কুলেরই একাদশ শ্রেণির এক দিদির বিয়ে ঠিক করে ফেলেছিল তার পরিবার। দিদিটি সবসময় চাইত, পড়াশোনা করে নিজের পায়ে দাঁড়াতে। ওর পরিবার তাতে আবার রাজি ছিল না। দিদির পাশেই আমাদের এক বান্ধবীর বাড়ি। তার কাছ থেকে খবরটি পেয়েছিলাম। এরপর ম্যাডামদের জানাই। আমাদের স্কুলে 'আরুষি' নামে কন্যাশ্রী ক্লাব রয়েছে। আমি সেই ক্লাবের সদস্য। আরুষি শব্দের অর্থ 'ভোরের আলো'।

আমরা সবাই মিলে ওই দিদির জীবনে নতুন ভোরের আলো ফুটিয়েছিলাম। কন্যাশ্রী ক্লাবের সদস্যরা ম্যাডামদের সঙ্গে নিয়ে ওর বাড়িতে যাই। বাল্যবিবাহ কেন উচিত নয়, শারীরিক ও মানসিক দিক দিয়ে কতটা ক্ষতি হয়- সেসব বোঝাই। শেষপর্যন্ত আমাদের কথায় রাজি হয়ে বিয়েটা বাতিল করা হয়। দিদি এখন নিয়মিত স্কুলে আসছে। ওই ঘটনার পর থেকে আমি কন্যাশ্রী ক্লাবের হয়ে কাজ করতে আরও বেশি করে অনুপ্রেরণা পাচ্ছি।

দিদির বিয়ের আগেই আমরা জানতে পেরেছি। তাই ঠেকাতে পেরেছি। এরকম না জানি কত জায়গায় কত নাবালিকার বিবাহ হয়ে যাচ্ছে। কেউ আবার মাঝপথে পড়াশোনা ছেড়ে বাবা-মায়ের সঙ্গে ইটভাটা, চাষাবাদের কাজে যোগ দিচ্ছে! শুধু সরকারের একার পক্ষে তো এই ধরনের ঘটনা সম্পূর্ণভাবে বন্ধ করা সম্ভব নয়। আমাদের সবাইকে এসবের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। তাহলে সমাজে বদল আনা সম্ভব।

আমি একটা জিনিস লক্ষ করেছি, এই ধরনের ঘটনার পিছনে আর্থিক অনটন অনেকাংশে দায়ী। সংসার চালাতে অন্য রাজ্যে চলে যাওয়া, বাবা আর পড়াশোনা চালাতে পারবেন না অজুহাতে তাড়াতাড়ি বিয়ে দিয়ে দেওয়া ইত্যাদি। চিন্তাভাবনাতেও গলদ রয়েছে। 'লেখাপড়া শিখে কী হবে, দেশে চাকরিবাকরি তো নেই। এখন কাজে ঢুকলে সংসারের হালটা ধরতে পারবে।' -এর মতো কথা অনেকের মুখে, বিশেষ করে গ্রামাঞ্চলে খুব শোনা যায়। তাই সচেতনতা বাড়ানোর পাশাপাশি কর্মসংস্থানে জোর দিতে হবে সরকারকে। শিল্পস্থাপন, সরকারি চাকরিতে নিয়মিত নিয়োগ, নিজের ব্যবসা শুরু করতে সহজে ঋণ পাওয়া ইত্যাদি। শুধু ভাতা-নির্ভরতা নয়, মানুষ যাতে আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে ওঠে, সেদিকে নজর দেওয়া উচিত। পাশাপাশি যাঁরা সচেতন, তাঁরা বাকিদের সচেতন করার দায়িত্ব নিক। সরকারিভাবে প্রচেষ্টা যথেষ্ট নয়। আপনাকে-আমাকেও দায়িত্ব নিতে হবে।



## পরিবেশের ভালো নিয়ে কথা বলি

**দেবস্মিতা সাহা**

*(একাদশ শ্রেণির পড়ুয়া, পারঙ্গেরপার শিশুকল্যাণ উচ্চবিদ্যালয়, ফালাকাটা)*



বাল্যবিবাহ মানে কিন্তু একটি সম্ভাবনাকে গলা টিপে মেরে ফেলা। তাকে সুযোগ দিতে হবে পড়াশোনার। নিজের পায়ে দাঁড়ানোর। স্বাবলম্বী হলে সে পরিবারের পাশেও দাঁড়াতে পারবে। শিক্ষাকে হাতিয়ার করে সমাজের প্রতিকূলতাকে দূরে সরিয়ে আমাদের প্রগতির পথে এগিয়ে যেতে হবে। স্বনির্ভর হতে হবে। কোথাও নাবালিকা বিবাহ, শিশুশ্রমের মতো ঘটনা ঘটলে আমরা প্রতিবাদ জানাব।

এর বাইরেও কিছু দিক রয়েছে। ডুয়ার্সে নাবালিকাদের ফুসলিয়ে পাচারের এক বিষাক্ত চক্র সক্রিয়। তাই কন্যাশ্রী ক্লাবের মাধ্যমে আমরা সচেতনতা বৃদ্ধিতে জোর দিয়েছি। আমি স্কুলের কন্যাশ্রী ক্লাবের সম্পাদক। প্রলোভনে পা না দেওয়া, ভুলবশত বা অসচেতনভাবে পা দিয়ে ফেললেও বাবা-মা কিংবা অন্তত স্কুলে শিক্ষকদের জানানো। সঠিক সময়ে জানালে বিপদ এড়ানো যায়।

আরও একটি গুরুত্বপূর্ণ দিক হল, মোবাইল ফোনের সাবধানি ব্যবহার। প্রযুক্তির সদ্ব্যবহার শেখাটা জরুরি। লেখাপড়ায় ইন্টারনেট অনেক সাহায্য করে। গুগলে সারা দুনিয়ার তথ্য থাকে, ই-বুক ফ্রিতে পাওয়া যায়, ইউটিইউবে বিষয়ভিত্তিক ভিডিও থাকে। অন্যদিকে আবার সেই ইন্টারনেটের সৌজন্যে সোশ্যাল মিডিয়ার মাত্রাতিরিক্ত ব্যবহার বিপদ ডেকে আনছে। পড়াশোনা লাটে উঠছে। সবাই রিল বানাচ্ছে, তাই আমাকেও ট্রেন্ড মেনে বানাতে হবে। এই ধরনের মানসিকতা থেকে দূরে থাকাই ভালো। পড়াশোনা বা চরিত্র গঠনের পথে মোবাইল যেন প্রতিবন্ধক না হয়ে ওঠে।

আমরা শুধু নিজের ভালো নয়, অন্যের, এমনকি পরিবেশের ভালো নিয়ে কথা বলি। গ্লোবাল ওয়ার্মিং ও সবুজায়ন নিয়ে আলোচনা করতে হাতেগোনা লোকজন ছাড়া বাকিরা খুব একটা আগ্রহী নয়। এসব নিয়ে চিন্তাও করে না। ভবিষ্যৎ কতটা অন্ধকার, তা নিয়েও ভাবে না। অথচ প্রতিবছর যে হারে পৃথিবীর গড় উষ্ণতা বাড়ছে, তাতে আমরা বা আমাদের ভাই-বোনদের ভবিষ্যৎ নিয়ে চিন্তা হয়। আমরা কিন্তু নিজের বাড়ি, স্কুল, পাড়ায় গাছ লাগাতে পারি। সেটার দেখভাল করতে পারি। আমাদের দেখেই না হয় আরও দশটা লোক এগিয়ে আসবে।

এবার পুরোনো প্রসঙ্গে ফিরি। বাল্যবিবাহ, শিশুশ্রম সমাজের পুরোনো রোগ। সহজে সারবে না। চেষ্টা চালিয়ে যেতে হবে। পুলিশ, প্রশাসনকে আরও কড়াভাবে হাল ধরতে হবে। আমার মনে হয়, ডেকোরেটার, ব্যবসায়ী, খাবার পরিবেশক, পুরোহিত, ইমামদের নিয়ে আলোচনা ভালো ফল দিতে পারে।

## শিক্ষার আলোয় মনের অন্ধকার দূর হয়

**তৃষা মিত্র**

*(দশম শ্রেণির পড়ুয়া, নাগরাকাটা হাইস্কুল)*



আমি বিদ্যালয়ের কন্যাশ্রী ক্লাবের সদস্য। স্কুলছুট বিশেষ করে মাঝপথে মেয়েদের পড়াশোনা পাট চুকিয়ে দেওয়া আমাদের সমাজের বড় কলঙ্ক। এর একটি অন্যতম কারণ কিন্তু দারিদ্র্য। অনেক পরিবারেই দেখা যায়, কন্যাসন্তানের শিক্ষার দায়িত্ব তাঁদের কাছে বোঝা। এর পেছনে কাজ করে সামাজিক কিছু ভ্রান্ত ধ্যান-ধারণাও। সবাইকে শিক্ষার অঙ্গনে আনতে আরও সক্রিয় হতে হবে প্রশাসনকে। বিনামূল্যে শিক্ষা প্রদানের পাশাপাশি স্কুলে যেতে পড়ুয়াকে উৎসাহিত করা, পড়াশোনা চালিয়ে গেলে কী ধরনের সরকারি সাহায্য পাওয়া যেতে পারে ও লেখাপড়া শিখে স্বাবলম্বী হওয়া কতটা ভালো ইত্যাদি সম্পর্কে তার পরিবারকে সচেতন করা। শিক্ষার আলোয় মানুষের মনের অন্ধকার দূর হয়।

স্কুলছুটের সঙ্গে বাল্যবিবাহ আর শিশুশ্রমের সম্পর্ক সমানুপাতিক। প্রথমটির হার যত বাড়বে, বাকি দুটোও সেই হারে বৃদ্ধি পাবে। এরসঙ্গে যুক্ত হয় নারীপাচার। চা বলয়ে যা জ্বলন্ত সমস্যা। বাল্যবিবাহের মতো ঘটনার সব খবর হয়তো সবাই জানতে পারে না। যেটুকু তথ্য সামনে আসে, তা হিমশৈলের চূড়া। বাল্যবিবাহ নারীদের শারীরিক ও মানসিকভাবে দুর্বল করে দেয়। মারাত্মক প্রভাব পড়ে ভবিষ্যৎ প্রজন্মের ওপর। অপরিণত বয়সে গর্ভধারণ মৃত্যু ডেকে আনে।

পুলিশ-প্রশাসনকে এ ব্যাপারে আরও বেশি করে সজাগ দৃষ্টি রাখতে হবে। প্রচলিত যে ব্যবস্থা রয়েছে, তা আরও শক্তিশালী করতে হবে। সমাজের সচেতন মানুষকে একজোট হয়ে রুখে দাঁড়াতে হবে। পাশাপাশি প্রয়োজন দারিদ্র্য দূরীকরণ, কুসংস্কার ও কিছু নেতিবাচক সামাজিক রীতিনীতিকে সমূলে উৎখাত করা। ধারাবাহিক প্রচার চালাতে হবে চা বাগানে।

ছাত্রীদের জন্য কন্যাশ্রী প্রকল্প যে গেম চেঞ্জারের ভূমিকা পালন করছে, তা নিয়ে সন্দেহ নেই। তবে পড়াশোনা শেষ করার পর মেয়েদের কর্মসংস্থান নিশ্চিত না হলে এই ধরনের সমস্যা পুরোপুরি মেটার নয়। রাষ্ট্রকে সেই বিষয়টিকেও অগ্রাধিকার দিয়ে ভাবতে হবে।



পাকিস্তানি গোলাবর্ষণে ক্ষতিগ্রস্ত উরির একটি বাড়ি। -ফাইল চিত্র

## বিদ্বেষ বিষে হানাহানির আঁধার

**অরুণাভ পাল**



শেষ দশ বছরে আমাদের দেশে চেনা চিত্রের অনেক বদল ঘটেছে ধর্মকে কেন্দ্র করে। যাতে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে সামাজিক পিরামিডের একদম তলায় থাকা অথবা ধর্মচর্চা থেকে অনেক দূরে থাকা মানুষ। কেউ ধর্মকে খুঁটি করে আরেক ধর্মের মানুষের ওপর আঘাত হেনেছে। ফলে সমাজে সৃষ্টি হয়েছে বিভেদ, মনে জন্ম নিয়েছে ভয় কিংবা অবিশ্বাস, ঘৃণা ও ক্ষোভ।

এই মুষ্টিমেয় কিছু লোক, যাঁরা আদপে সমস্যা সৃষ্টি করেন, তাঁরা সব মানুষকে দুর্দশার মধ্যে দেখতে চান। তাতেই তাঁদের লাভ। বিশেষ করে রাজনীতি ও ভোটবাক্সের অঙ্কে ফায়দা নির্ধারণে। এঁরা অন্তরালে বসে খুব সুচতুরভাবে কলকাঠি নাড়েন। আমাদের দেশের সংবিধানের প্রস্তাবনায় ধর্মনিরপেক্ষতা শব্দটি স্পষ্টভাবে লেখা আছে। অথচ ধর্মীয় উগ্রবাদের চোখরাঙানিতে সেই ধর্মনিরপেক্ষতা আজ প্রশ্নচিহ্নের মুখে।

মনে করে দেখুন, সালটা ২০১৫। উত্তরপ্রদেশে একদল উন্মত্ত জনতা এক বাড়িতে অতর্কিতে ঢুকে ফ্রিজে রাখা মাংস নিয়ে হইচই জুড়ে দিয়েছিল। এরপর শুরু হয় মারধর, যার জেরে মৃত্যু হয় ওই বাড়ির মালিকের। তোলপাড় ফেলে দেওয়া সেই ঘটনার ঠিক দুই বছর পর, আবার দেশকে নাড়িয়ে দেয় আমাদের পশ্চিমবঙ্গ থেকেই রাজস্থানে পরিযায়ী শ্রমিক হয়ে যাওয়া একজনের হত্যাকাণ্ড।

এক ধর্মীয় মৌলবাদীর হাতে তিনি নিহত হয়েছিলেন। ধর্মরক্ষার ধ্বজাধারী সেই মৌলবাদীর অনুশোচনা দূরে থাক, দাবি করেছিলেন, ন্যায্য কারণেই তিনি খুন করেছেন। কারণ তিনি খুন করেছেন এক বিধর্মীকে। যে বিধর্মী অন্য ধর্মের এক মহিলার সঙ্গে ভালোবাসার সম্পর্কে জড়িয়েছিলেন। ধর্মরক্ষার মসিহা হয়ে তাই তিনি খুন করেছেন সেই বিধর্মীকে।

এরপর কর্ণাটকে কলেজে ঢোকার সময় এক ছাত্রীকে হেনস্তা করা হয় তাঁর পোশাকের কারণে। যে দেশের সংবিধানে ব্যক্তিস্বাধীনতা, বিশেষ করে ধর্মনিরপেক্ষতার উল্লেখ রয়েছে, সেখানে কে কী খাবে, কে কী পরবে, কে কার সঙ্গে সম্পর্ক তৈরি করবে, কে কোন মতে বিশ্বাস করবে ইত্যাদি নিয়ে নীতি পুলিশি করছে একদল লোক, সংগঠন।

ভালোবাসাকে, মানুষ-মানুষের সম্পর্ক নিয়ন্ত্রণ করাকে কেন্দ্র করে পালটে যাচ্ছে আমাদের পরিচিত পরিবেশ। এই গোষ্ঠী-সেই গোষ্ঠীর সংঘর্ষে ঘরছাড়া হন একদল মানুষ। প্রান্তিক তাঁরা, সাধারণত চাষবাস অথবা শ্রমনিবিড় কাজকর্ম করে দিন গুজরান করেন। দাঙ্গার জেরে তাঁদের কখনও গঙ্গা পার হয়ে ত্রাণশিবিরে আশ্রয় নিতে হয় ঘর থেকে অনেক দূরে, অচেনা জায়গায়।

দাঙ্গাবাজরা এক বৃদ্ধার ঘরে ঢুকে শেষ সম্বলটুকু লুট করে নিয়ে গিয়েছিল। দেশভাগের স্মৃতি আবার আমাদের মস্তিস্কে হানা দিতে থাকে। তারপর একদিন বসন্তের শেষ লগ্নে পরিবার নিয়ে ভূস্বর্গে বেড়াতে গিয়ে আচমকা প্রাণসংশয় হল একদল পর্যটকের। মাথায় বন্দুক ঠেকিয়ে ট্রিগার টেপার আগের মুহূর্তে জিজ্ঞাসা করা হয় তাঁদের ধর্ম কী! জানার পর ভূস্বর্গের সবুজ জমিন কলঙ্কিত হয় রক্তে।

আনন্দমুহূর্ত বদলে যায় বিষাদমুহূর্তে। সেই দুঃখজনক ঘটনার পরপরই সামাজিক মাধ্যমে একদল মানুষ আরেক দলের প্রতি বিদ্বেষমূলক মন্তব্য ও কটূক্তি করতে থাকে। দেশের এমন কঠিন মুহূর্তে যখন আরও কাছাকাছি থাকা প্রয়োজন, তখন ওই হত্যাকারীদের মতোই একদল উগ্রবাদী সামাজিক স্থিতিশীলতাকে ভাঙতে মাঠে নেমে পড়ে। তারপর সেই ঘটনাকে উপলক্ষ্য করে পড়শি দেশে ক্ষেপণাস্ত্র ছোড়ে আমাদের দেশ।

পড়শি দেশেও মৃত্যু হয় বহু সাধারণ মানুষের! পড়শি দেশ পালটা আক্রমণ করায় মরে আমাদের দেশের সাধারণ মানুষই। যাঁরা হয়তো পাহাড়ি এলাকায় ছোটখাটো কাজ বা পশুপালন করে পেট চালান। দু'দেশেই চোখের জল একইরকম বাতাসকে ভারাক্রান্ত করে। তারপর যুদ্ধ লাগে লাগে পরিস্থিতি! সেই যুদ্ধের মতো পরিস্থিতিতে বিদ্বেষের আগুনে ঘি ঢালে সংবাদমাধ্যমের একাংশ।

প্রতিটি ক্ষেত্রে কোনও না কোনও ধর্ম বা পক্ষের মৌলবাদীরা দোষ করছে, অথচ প্রত্যেকটি ঘটনার পর অভিযোগের আঙুল তোলা হচ্ছে ধর্মনিরপেক্ষদের দিকে। তাঁরাই সফট টার্গেট হচ্ছেন। অথচ যাঁরা নিরপেক্ষ, তাঁরা কখনোই হানাহানি চান না। চান শুধু, জাতিধর্মবর্ণনির্বিশেষে মানুষের সহাবস্থান।

এইভাবে পালটে যাচ্ছে আমাদের চেনা পৃথিবী। প্রতি মুহূর্তে, প্রতিদিন নেমে আসছে আঁধার, শুধু আঁধার।

**নতুনের ভাবনায়**

স্কুল, কলেজ কিংবা বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া তুমি? এই প্রজন্মের আগ্রহ, চিন্তাভাবনা, সমস্যা, পছন্দ-অপছন্দ থেকে রাজনীতি, সমাজনীতি কিংবা অর্থনীতি ইত্যাদি বিষয়ে নিজের আর নিজবয়সিদের মনের কথা তুলে ধরতে চাও? যে কোনও ইস্যু নিয়ে লিখতে পারো ক্যাম্পাস বিভাগে। সহজ-সরল বাংলায় নির্ভরযোগ্য তথ্যসমৃদ্ধ নিজের লেখাটি পাঠাতে পারো এই হোয়াটসঅ্যাপ নম্বরে- 8145553331. শব্দসংখ্যা ৪৫০-৫৫০। এমএস ওয়ার্ড কিংবা মেসেজ আকারে। বাছাই করা লেখা প্রকাশিত হবে 'ক্যাম্পাস' পাতায়।

ক্যাম্পাস কথা

## নাচ-গানে ত্রয়ী প্রণাম

**শতাব্দী সাহা**

চ্যাংরাবান্ধা গ্রাম পঞ্চায়েতের ১৩৫ মাঝিরবাড়িতে পানিশালা জুনিয়ার হাইস্কুল ও পানিশালা এসসি প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়াদের জন্য দিনটি ছিল সম্পূর্ণ অন্যরকম। রোজকার মতো পিঠে বইয়ের বোঝা নিয়ে আসা-যাওয়া নেই। পরপর ক্লাস করা নেই। স্কুল ইউনিফর্ম নেই। রংবেরংয়ের শাড়ি আর পাঞ্জাবি পরে সেজেগুজে ক্যাম্পাসে হাজির হয়েছিল কচিকাঁচার দল। দুই স্কুলের সমবেত প্রয়াসে সেদিন পালিত হয় রবীন্দ্রনাথ ঠাকুর, নজরুল ইসলাম ও সুকান্ত ভট্টাচার্যের জন্মজয়ন্তীর অনুষ্ঠান 'ত্রয়ী প্রণাম'। তিন কবির ছবিতে ফুল নিবেদন ও শ্রদ্ধা জ্ঞাপনের মাধ্যমে শুরু হয় অনুষ্ঠান।

প্রথমেই সকলকে একছন্দে বেঁধে রাখার গান 'আয় তবে সহচরী'তে পড়ুয়াদের সমবেত উদ্বোধনী নৃত্যে মুগ্ধ হন দর্শকরা। এরপর একে একে নাচ পরিবেশন করে তৃতীয় শ্রেণির রুমঝুম রায় (আমি যার নূপুরের ছন্দে), 'নিম ফুলের মৌ পিয়ে' গানে ষষ্ঠ শ্রেণির প্রীতি রায়। এরই মাঝে রবিঠাকুরের 'বোঝাপড়া' কবিতাপাঠে প্রশংসা কুড়িয়ে নেয় অষ্টম শ্রেণির তানিয়া সুলতানা। নজরুলের প্রভাতী সমবেতভাবে উপস্থাপন করে অভীক, অর্কজিৎ ও পলাশ। সুকান্ত ভট্টাচার্যর 'অতিকিশোরের ছড়া' শোনায় চতুর্থ শ্রেণির টুম্পা রায়। 'মন মোর মেঘের সঙ্গী' গানে অষ্টমের অরমিকা ও তৃষার সমবেত নাচ চলাকালীন বাইরে ইলশেগুঁড়ি বৃষ্টি এক মনোরম পরিবেশ তৈরি করেছিল। জীবনে প্রথমবার মঞ্চে উঠে দাদা-দিদিদের সঙ্গে পাল্লা দিয়ে নজরুল ইসলামের 'লুকোচুরি' কবিতা পাঠ করে প্রথম শ্রেণির জয়দীপ রায় ভীষণ উচ্ছ্বসিত।

পানিশালা জুনিয়ার হাইস্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক সোনাই বণিক বলছিলেন, 'ত্রয়ী প্রণামের অনুষ্ঠানে বর্তমান পড়ুয়াদের পাশাপাশি শামিল হয়েছিল বহু প্রাক্তনী। তাদের অনেকেই অবশ্য বিদ্যালয়ের প্রায় প্রতিটা অনুষ্ঠানে আসে। আসেন অভিভাবকরাও। এতে আমরা আপ্লুত। উৎসাহিত। অনুষ্ঠান শেষে সকলে একসঙ্গে খাওয়াদাওয়া করেছে।'

পুরো অনুষ্ঠানটি পরিচালনা করেন পানিশালা জুনিয়ার হাইস্কুলের ভূগোল শিক্ষিকা লাবণি পাল। তাঁর কথায়, 'দুই সপ্তাহ ধরে পড়ুয়াদের মহড়া দিয়ে তৈরি করেছি সবাই মিলে। ওরা মঞ্চে খুব সুন্দরভাবে পরিবেশন করল। আমাদের পরিশ্রম সার্থক।'



## আঁকা, কুইজে সচেতনতা প্রচার

ভবিষ্যতে একজন দায়িত্ববান নাগরিক হিসেবে গড়ে তুলতে ছোটবেলা থেকেই পড়ুয়াদের মধ্যে সচেতনতা তৈরি করা অত্যন্ত প্রয়োজনীয়। সেই উদ্দেশ্যে চ্যাংরাবান্ধা উচ্চবিদ্যালয়ে আয়োজিত হয়েছিল দুটো ভিন্ন কর্মসূচি।

প্রথম কর্মসূচির আয়োজক ছিল স্বাস্থ্য দপ্তর। সেখানে ম্যালেরিয়া ও ডেঙ্গির বিরুদ্ধে মোকাবিলার পাঠ পড়ানো হয়। ছিল আঁকা প্রতিযোগিতাও। স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক বাবুলাল সিং'এর কথায়, 'সচেতনতাই পারে মশাবাহিত রোগের বাড়বাড়ন্ত ঠেকাতে। এলাকাকে রোগমুক্ত রাখতে। স্বাস্থ্য দপ্তরের কর্মীদের উপস্থিতিতে সচেতনতামূলক অঙ্কন প্রতিযোগিতায় অংশ নেয় পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়ারা।'

প্রতিযোগিতাকে ঘিরে পড়ুয়াদের উৎসাহ ছিল চোখে পড়ার মতো। পড়ুয়া অনীশ রায়ের কথায়, 'ম্যালেরিয়া ও ডেঙ্গি থেকে বাঁচতে মশারি টাঙিয়ে ঘুমাতে হবে। জমা জলে মশা ডিম পাড়ে, তাই কোথাও জল জমতে দেওয়া যাবে না। হাত-পা ঢাকা জামা পড়তে হবে। এসব বিষয় আমরা এঁকে দেখিয়েছি।'

সেদিনের পরবর্তী কর্মসূচি ছিল, জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কুইজ প্রতিযোগিতা। ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড (বিআইএস)-এর উদ্যোগে এই আয়োজন করা হয়। অনুষ্ঠানে কোচবিহার জেলার বিআইএস রিসোর্স পার্সন তথা কোচবিহার জেনকিন্স বিদ্যালয়ের শিক্ষক সঞ্জিতকুমার দাস উপস্থিত ছিলেন। স্কুলের স্ট্যান্ডার্ড ক্লাবের মেন্টর তথা বিদ্যালয়ের শিক্ষক প্রলয়কুমার মিত্র বললেন, 'বিআইএস-এর অধীনে এই স্কুলের স্ট্যান্ডার্ড ক্লাবে ৪৪ জন সদস্য রয়েছে। নবম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়া সবাই। তারা প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।

আমাদের মূল উদ্দেশ্য, পড়ুয়াদের মাধ্যমে সমাজে, বিশেষ করে অভিভাবকদের মধ্যে সঠিক মানের সামগ্রী ব্যবহার নিয়ে সচেতনতা তৈরি করা। কেনাকাটা করার সময় হলোগ্রাম, প্রস্তুতকারী সংস্থার বিশ্বাসযোগ্যতা, কোনও নির্দিষ্ট সামগ্রী কী ধরনের উপকরণ দিয়ে তৈরি, কতদিন ব্যবহার করা যাবে ইত্যাদি যাচাই



করে নিতে হবে। দামের পাশাপাশি মানেও গুরুত্ব দিতে হবে। সঠিক সামগ্রী বেছে নেওয়ার ক্ষমতা তৈরি হলেই জীবনযাপনের মান উন্নত হতে পারে।' সবশেষে আঁকা ও কুইজ প্রতিযোগিতায় স্থানাধিকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়েছে।

## পেশাদারি কোর্সের হদিস দেওয়ার চেষ্টা

**মহম্মদ আশরাফুল হক**

উচ্চমাধ্যমিকের পর কেরিয়ার গঠন এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে দিশা দেখাতে চাকুলিয়া হাইস্কুলে একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল। অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার্স অ্যান্ড হেডমিস্ট্রেসেসের উত্তর দিনাজপুর জেলা কমিটির উদ্যোগে আয়োজিত কর্মশালাটিতে এবছরের উচ্চমাধ্যমিকের কৃতীদের সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চাকুলিয়ার বিধায়ক মিনহাজুল আরফিন আজাদ, গোয়ালপোখর-২ ব্লকের বিডিও সুজয় ধর। সংগঠনের জেলা সম্পাদক সাইদুর রহমান ও চাকুলিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক বাসুদেব দে অনুষ্ঠানটি পরিচালনা করেন।

চিরাচরিত ডিগ্রি কোর্স বাদেও বর্তমানে একাধিক পেশাদারি কোর্সের চাহিদা বাড়ছে। বৃদ্ধি পাচ্ছে সেসব ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ। তবে সেগুলো সম্পর্কে সবাই জানে না। এরজন্য প্রচার প্রয়োজন। সরকারিস্তরে উদ্যোগ নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে কেরিয়ার কাউন্সেলারের সাহায্যে বা অন্তত পক্ষে শিক্ষকরা পেশাদারি কোর্সের ব্যাপারে পড়ুয়াদের অবগত করতে পারেন। কীভাবে কোথায় পেশাদারি কোর্সগুলো পড়ানো হয়, কোর্স শেষে কেরিয়ার হিসেবে কী কী সুযোগ মিলতে পারে ইত্যাদি জানাতে পারেন। ফ্যাশন ডিজাইনিং, গ্রাফিকস ডিজাইনিং, আধুনিক প্রযুক্তিতে চাষাবাদ ইত্যাদি শিখে আজ অনেকেই সুপ্রতিষ্ঠিত। পড়ুয়ারা মেইন স্ট্রিমে পড়াশোনার পাশাপাশি এই ধরনের কোর্স করতে পারেন, পরামর্শ বিডিও'র।

চাকুলিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক বাসুদেব দে'র বক্তব্যে উঠে এসেছিল পরিযায়ী শ্রমিকদের কথা। রাজ্যে কাজের সুযোগ না পেয়ে অনেক কৃতী গরিব পড়ুয়া ভিনরাজ্যে শ্রমিকের কাজে চলে যায়। তিনি বললেন, 'আইআইটি-তে বিভিন্ন কোর্স, টেলারিং, নার্সিং, ফার্মাসি, কম্পিউটার, হোটেল ম্যানেজমেন্ট ইত্যাদি চাকরিমুখী কোর্সের পর কাজের সুযোগ রয়েছে। কিন্তু কোথা থেকে ও কীভাবে এই কোর্স করা যায়, সরকারি প্রতিষ্ঠানে বিনামূল্যে শেখা যায় কি না- সে বিষয়ে গ্রামাঞ্চলের একটা বড় অংশ পড়ুয়া কিংবা তাদের অভিভাবকরা সচেতন নন। প্রাথমিক ধারণাটুকু দিতে আয়োজন করেছি।'

কর্মশালায় অংশ নিয়েছিল চাকুলিয়া হাইস্কুল থেকে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শ্রেয়া দাস, জামিলা খাতুন, পল্লবী সাহা, মাসকুরা খাতুনরা। জামিলার কথায়, 'ভবিষ্যৎ নিয়ে আমাদের ভাবনা এর আগে খুব সীমিত ছিল। এই কর্মশালায় এসে অনেক কিছু জানতে পারলাম। নতুন করে ভাবতে শুরু করেছি।'






কুমোরটুলিতে এখন অগ্রাধিকার গণেশের। বৃহস্পতিবার সূত্রধরের তোলা ছবি।

# ট্রলির নীচে ট্রাংক

পুরোনো দিনের অনেক মানুষের ঘরেই টিনের একটি ট্রাংক ছিল। কারও কারও বাড়িতে কয়েকটি বড় ট্রাংক থাকত প্রয়োজনীয় সমস্ত বিছানাপত্র রাখার জন্য। শীত গিয়ে গরম পড়তেই ভারী লেপগুলি প্যাক করা হত, স্তরে স্তরে ন্যাপথালিন বল ঢোকানো হত, যাতে ট্রাংকে সুরক্ষিত থাকে। সেই গন্ধ এখনও অনেকের স্মৃতিতে ঘোরাফেরা করে। সেই ট্রাংক এখন ট্রলি ব্যাগ, ব্যাগপ্যাকের সঙ্গে পাল্লা দিতে না পেরে পিছু হটছে, আলোকপাত করলেন প্রিয়দর্শিনী বিশ্বাস



**শিলিগুড়ি, ১০ জুলাই :** কিছু কিছু লড়াইয়ে হেরে যেতে হয় কাউকে। বিশেষ করে সেই লড়াই যদি হয় আধুনিকতার সঙ্গে তাহলে তো জোর করে টিকে থাকাই মুশকিল। আধুনিকতার ছোঁয়ায় যেমন বহু নতুন জিনিস এসেছে তেমনই অনেক কিছুই আবার হারিয়ে গিয়েছে। এই যেমন টিনের ট্রাংক বা টিনের সুটকেসের কথাই ধরা যাক। একসময় এমন কোনও বাড়ি ছিল না যে বাড়িতে টিনের ট্রাংকের ব্যবহার ছিল না। গ্রাম থেকে শহর সব জায়গাতেই ছিল তার রাজত্ব। একচ্ছত্র আধিপত্য ছিল ট্রাংকের।

যাবতীয় প্রয়োজনীয় জিনিস, গয়না এমনকি বাসনপত্র পর্যন্ত তুলে রাখা হত ট্রাংকে। বিয়েতেও ট্রাংক একটা দিতেই হত। এমনকি যাতায়াতের জন্য টিনের সুটকেস ব্যবহার হত। কিন্তু সময়ের আবর্তে এখন সেসব পালটে গিয়েছে।

গ্রামের দিকে কিছু বাড়িতে এখনও দেখা মিললেও শহুরে আদবকায়দায় ট্রাংক ও টিনের সুটকেস এখন পরিত্যক্ত। থাকলেও বাড়ির কোনও এক কোনায় অবাঞ্ছিত একটা জিনিসের মতো ধুলোমাখা, ঝুলে মাখা হয়ে থাকলেও থাকতে পারে।

বর্তমানে অন্দরসজ্জার ভোল বদলের সঙ্গে ঘরের আসবাবপত্রেও এসেছে ব্যাপক পরিবর্তন। রকমারি আলমারি, নানা ধরনের ব্যাগ, ট্রলি কত কিছুতেই জিনিস ভরে রাখা যায় এখন।

শিবমন্দিরের অলোকা পাল বলছিলেন, 'বহু বছর হয়ে গিয়েছে ট্রাংক কেনেনি আর কেউ। তবে আমার ঘরে খাটের নীচে প্রায় ৩০-৩৫ বছরের পুরোনো একটা ট্রাংক আছে এখনও। সেটাও প্রায় ১২ বছর তো হয়েছেই খোলা হয় না।' তিনি বলছিলেন, 'কত স্মৃতিতেও ধুলো জমেছে ট্রাংকের সঙ্গে। ওটা আমার বিয়ের ট্রাংক। সব জিনিস ভরে নিয়ে এসেছিলাম বালুরঘাটে আমার বাপের বাড়ি থেকে। ট্রাংকটা খুললে কিছু বাসন, কাপড়, চুল বাঁধার ফিতে আরও কত কী না জানি এখনও মিলবে।' কথা বলতে বলতেই বোঝা গেল ফোনের ওপারে মানুষটার গলা যেন নস্টালজিয়ায় ভরে গেল।





### অবাঞ্ছিত ট্রাংক

- একসময় এমন কোনও বাড়ি ছিল না যে বাড়িতে টিনের ট্রাংকের ব্যবহার ছিল না
- বিয়েতেও ট্রাংক একটা দিতেই হত, এমনকি যাতায়াতের জন্য টিনের সুটকেস ব্যবহার হত
- এখন শহুরে আদবকায়দায় ট্রাংক ও টিনের সুটকেস একেবারেই পরিত্যক্ত
- কারও বাড়িতে পুরোনো থাকলেও কোনায় অবাঞ্ছিত একটা জিনিসের মতো থাকতে পারে

তিলক

সাধু মোড়ে শিবু সাহা বলছিলেন, 'আমার দাদুকে দেখেছি যখন আসতেন ট্রাংকে সব জিনিস ভরে আনতেন। রিকশা থেকে যখন নামতেন তখন আমরা উৎসুক হয়ে থাকতাম কী আছে ওই বাক্সের মধ্যে তা দেখার জন্য।' পুরোনো দিনের স্মৃতির পাতা উলটে শিবু বললেন, 'আমাদের বাড়িতে যদিও ট্রাংক ছিল। তবে সেটায় জামাকাপড় ভরে ঘুরতে যাওয়া হত না। তবে দাদু ওইভাবে আসতেন। সেটা বেশ মনে পড়ে। এখন তো আর ট্রাংক নেই। নতুন করে বাড়ি করার পর আর সেসব রাখা হয়নি।'

উমা সিংহ বলছিলেন, 'এখন ট্রাংক তৈরি করাতে অনেক খরচও পড়ে যায়। এত টাকা দিয়ে ট্রাংক না নিয়ে তাই নানা ধরনের ব্যাগই কিনতে পছন্দ করে সবাই। আর বাড়িতে এখন এত রকমের আলমারি রয়েছে, তাতে লকার রয়েছে। তাই আর প্রয়োজনই হয় না। বিয়েতে হয়তো গ্রামের দিকে এখনও প্রচলন আছে ট্রাংক দেওয়ার বা ব্যবহারের। তবে শহরে বিয়ের এত আয়োজনে আর কেউ ট্রাংক দেয় না আর ব্যবহারও হয় না।'

বর্তমান যুগের নানা আসবাবপত্র, হালকা-সহজে বহনযোগ্য ব্যাগ, ট্রলি ব্যাগ, ব্যাগপ্যাকের মাঝে খানিকটা বেমানান হয়েই হারিয়ে যাচ্ছে টিনের ভারী ট্রাংক ও টিনের সুটকেস।

### বাণিজ্যকেন্দ্রগুলিতে ডিপ টিউবওয়েলের জের

# জলের জন্য হাহাকার

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** এলাকায় রয়েছে পানীয় জলের সমস্যা। টাইম কল দিয়ে ঠিকমতো জল না পড়ায় কুয়ো ভরসা বাসিন্দাদের। যদিও সংলগ্ন একটি মার্কেট কমপ্লেক্সে বোরিং করে ডিপ টিউবওয়েল বসানোয় সেই কুয়োর জলও নাকি শুকিয়ে যাচ্ছে। চলতি সপ্তাহে স্মারকলিপির মাধ্যমে এমনই অভিযোগ পুরনিগমে করেছেন ৪৪ নম্বর ওয়ার্ডের পরেশনগর এলাকার বাসিন্দারা। বাসিন্দাদের অভিযোগ, পরিস্থিতি এমনই যে জল কিনে খাওয়া ছাড়া অন্য কোনও উপায় নেই।

শুধু ওই এলাকায় নয়, শহরের বিভিন্ন জায়গাতেই মার্কেট কমপ্লেক্স, অ্যাপার্টমেন্টের আড়ালে বোরিং করে ডিপ টিউবওয়েল বসানোয় রীতিমতো সমস্যায় পড়ছেন সংশ্লিষ্ট এলাকার সাধারণ মানুষ। এধরনের কার্যকলাপ চলার বিষয়টা স্বীকারও করছেন শহরের বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলাররা। পুরনিগমের ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার তৃণমূলের পিন্টু ঘোষের বক্তব্য, 'আমরা এলাকায় ইতিমধ্যেই অবৈধভাবে বসানো কয়েকটি ডিপ টিউবওয়েল বন্ধ করেছি। এমনটা হওয়া তো উচিত নয়।' একই বক্তব্য পুরনিগমের ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলার বিজেপির বিবেক সিংয়ের। তাঁর কথায়, 'পুরনিগমের অনুমতি ছাড়া কোথাও কোনও ডিপ টিউবওয়েল বসানো যায় না। এখন শহরজুড়েই তো অবৈধ নির্মাণ ভরে যাচ্ছে। তার মধ্যে যদি ডিপ টিউবওয়েলেরও ব্যবহার হয়, কে আর জানতে পারবে।'

> আমরা এলাকায় ইতিমধ্যেই অবৈধভাবে বসানো কয়েকটি ডিপ টিউবওয়েল বন্ধ করেছি। এমনটা হওয়া তো উচিত নয়।
>
> পিন্টু ঘোষ *কাউন্সিলার, ৭ নম্বর ওয়ার্ড*

পরেশনগরের বাসিন্দা দেবু আচার্য বৃহস্পতিবার ক্ষোভ প্রকাশ করে বলেন, 'এলাকায় পুরনিগমের জল কার্যত আসেই না। এই অবস্থায় আমরা এলাকার প্রায় দুই হাজারেরও বেশি মানুষ পানীয় জলের জন্য বাড়িতে থাকা কুয়োর ওপর নির্ভরশীল। এলাকা সংলগ্ন মার্কেট কমপ্লেক্সে ডিপ টিউবওয়েল বসানোর পরেই আমরা দেখতে পাচ্ছি, জল পাওয়া যাচ্ছে না। এখন এমন অবস্থা হয়ে দাঁড়িয়েছে যে কুয়ো থেকে জল তোলাও সম্ভব হচ্ছে না।'

বিষয়টা নিয়ে সংশ্লিষ্ট মল কর্তৃপক্ষ অবশ্য কোনও বক্তব্য দিতে চায়নি। তবে শুধু ওই মার্কেট কমপ্লেক্সই নয়, সেবক রোডের দু'ধারে থাকা একাধিক মার্কেট কমপ্লেক্সেই এভাবে ডিপ টিউবওয়েল বসানো হয়েছে বলে অভিযোগ উঠেছে। প্রণামি মন্দির রোডের একটি মার্কেট কমপ্লেক্সের পেছনে এমনই একটি ডিপ টিউবওয়েল বসানোর ব্যাপারে প্রশ্ন করা হলে ম্যানেজমেন্টের তরফে এক ব্যক্তির দাবি, 'কমপ্লেক্সের ওপরতলায় জল যায় না। তাই ডিপ টিউবওয়েল বসাতে বাধ্য হয়েছি। এছাড়া অন্য কোনও উপায় তো আমাদের কাছে নেই।' পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকার বলছেন, 'যেখানে আমরা জলের লাইন দিতে পারছি না সেখানে ডিপ টিউবওয়েল বসালে আমরা ছাড় দিই। তবে জলের লাইন পুরোপুরি হয়ে যাওয়ার পর আমরা ডিপ টিউবওয়েলের ব্যাপারে পুরোপুরি কড়াকড়ি ও নিয়ম করব।'

# দীনবন্ধু মঞ্চে 'বিজয়ার পরে' শুরু আজ

**শিলিগুড়ি, ১০ জুলাই :** শিলিগুড়ি দীনবন্ধু মঞ্চের প্রেক্ষাগৃহে শুক্রবার থেকে ১০ দিনের জন্য প্রদর্শিত হতে চলেছে শিলিগুড়ির অভিজিৎ শ্রীদাস পরিচালিত বাংলা সিনেমা 'বিজয়ার পরে'। দীর্ঘ কয়েক বছর সিনেমা প্রদর্শন বন্ধ থাকার পর গত ১৩ জুন থেকে দীনবন্ধু মঞ্চে ফের শুরু হয় সিনেমা প্রদর্শনী। এবার প্রতি মাসের দ্বিতীয় শুক্রবার থেকে দীনবন্ধু মঞ্চের প্রেক্ষাগৃহে ১০ দিনের জন্য চলবে সিনেমা প্রদর্শন।

সেই অনুযায়ী জুলাই মাসের ১১ তারিখ থেকে প্রেক্ষাগৃহে শুরু হতে চলেছে নতুন সিনেমা 'বিজয়ার পরে'। বৃহস্পতিবার শিলিগুড়ি জার্নালিস্টস ক্লাবে সাংবাদিক বৈঠক করে বিষয়টি জানান সিনেমার পরিচালক অভিজিৎ শ্রীদাস, প্রযোজক সুজিত রাহা। সুজিত রাহা বলেন, আমরা খুব খুশি। এই সিনেমাটি বড় পর্দায় মুক্তি পেয়ে ইতিমধ্যেই দেশে ও বিদেশে প্রশংসা কুড়িয়েছে। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে জায়গা পেয়েছে। এই ছবিতে অভিনয় করেছেন মমতাশংকর, স্বস্তিকা মুখোপাধ্যায়, দীপঙ্কর দে সহ আরও অনেকেই। এবারে সিনেমাটি শিলিগুড়ি শহরে প্রদর্শিত হতে চলেছে।

অভিজিৎ বলেন, বহুদিন ধরেই অনেকে বলছিলেন এই সিনেমাটি শিলিগুড়িতে আবার প্রেক্ষাগৃহে দেখতে চান তাঁরা। এছাড়াও এই ছবিটি ওটিটি প্ল্যাটফর্মেও আনার চেষ্টা চলছে বলেও জানান তিনি।

# চাবি ফেলে বাড়ি গেলেন ব্যাংককর্মী

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** শালুগাড়ায় এক ব্যাংকের সব দরজার চাবির গোছা ব্যাগে ভরেও বাড়ি নিয়ে যেতেই ভুলে গেলেন এক কর্মী! যদিও চোর-ডাকাতের হাতে পড়ার আগে রাতেই তা উদ্ধার করে পুলিশ। খতিয়ে দেখে ইতিমধ্যে চাবি পেয়ে কেউ দুষ্কর্ম করে বসেছে কি না।

বুধবার গভীর রাতের টহলদারির সময়ে ব্যাংক, এটিএম ও সোনার দোকানগুলোর সামনে বিশেষ নজর দেন ভক্তিনগর থানার ভ্যান-অফিসার এএসআই সাধন রায়। এমন সময় তাঁর নজরে পড়ে, ব্যাংকের মূল দরজার বাইরে এক টেবিলের ওপর একটি ব্যাগ পড়ে আছে। ব্যাগ খুলতেই চক্ষু চড়কগাছ হয়ে যায় তাঁর। দেখেন ভেতরে গোছা চাবি রয়েছে। এরপর সেই চাবির গোছা সহ ব্যাগ নিজের হেপাজতে নেয় পুলিশ।

এদিকে, বৃহস্পতিবার সকাল হতেই হুলুস্থুল কাণ্ড। বেলা পর্যন্ত ব্যাংক না খোলায় আশঙ্কা বাড়তে থাকে। জমা হতে থাকে কর্মী এবং গ্রাহকদের ভিড়। শেষমেশ পুলিশ ওই ব্যাংকের দায়িত্বপ্রাপ্ত কর্মীদের ফোন করতেই রহস্যের যবনিকাপতন।

ভক্তিনগর থানার আইসি অমিত অধিকারী বললেন, 'চাবি পাওয়ার পরে মনে হয়েছিল, এই চাবিগুলো ব্যাংকেরই। তাই সকালেই আমরা ব্যাংক কর্তৃপক্ষকে ফোন করি।'



*চাবি ফিরিয়ে দিচ্ছে ভক্তিনগর থানার পুলিশ। বৃহস্পতিবার।*

এদিকে, সকাল হতেই ব্যাংক ম্যানেজারকে ফোনে বিশদে সব জানান ভক্তিনগর থানার আইসি।

> চাবি পাওয়ার পরে মনে হয়েছিল, এই চাবিগুলো ব্যাংকেরই। তাই সকালেই আমরা ব্যাংক কর্তৃপক্ষকে ফোন করি।
>
> **অমিত অধিকারী**
> *আইসি, ভক্তিনগর থানা*

অবশেষে নিশ্চিন্ত হয়ে দায়িত্বপ্রাপ্ত ওই কর্মী বলেন, 'বুধবার ধর্মঘট থাকায় তাড়াতাড়ি ব্যাংকের দরজা খুলেছিলাম। এরপর বন্ধ করতে বলা হয়। সবকিছুর মধ্যেই সমস্ত দরজা বন্ধ করে বাইরে থাকা টেবিলের ওপরই চাবির ব্যাগ রেখে চলে যাই।' কোনওভাবে ব্যাগটি দুষ্কৃতীদের হাতে পড়লে বড় দুর্ঘটনা ঘটে যেত বলে আশঙ্কা পুলিশ মহলের। ভক্তিনগর থানার আইসি বলেন, 'চাবির ব্যাগ ভুলে রেখে চলে যাওয়ার পেছনে অন্য কোনও কারণ ছিল কি না, খতিয়ে দেখা হয়েছে। নজরদারি চলার কারণেই বিপদ এড়ানো সম্ভব হয়েছে।'

# ডিপিএস-এ হাসির জাদু

**শিলিগুড়ি, ১০ জুলাই :** আনন্দ, উচ্ছ্বাস আর উত্তেজনায় জমজমাট দিল্লি পাবলিক স্কুলের শিলিগুড়ি ক্যাম্পাস। 'দ্য ফ্লাবার অ্যান্ড ফ্রেন্ডস শো'-এর কেন্দ্রবিন্দুতে ছিলেন মার্টিন ডি সুজা। যিনি ফ্লাবার দ্য ক্লাউন নামে পরিচিত। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী মার্টিন আন্তর্জাতিক ক্লাউন ফেস্টিভালের প্রতিষ্ঠাতা এবং ওয়ার্ল্ড ক্লাউন অ্যাসোসিয়েশনের প্রাক্তন সহ সভাপতি।

ডিপিএস-এর অনুষ্ঠান সর্বাত্মকভাবে সফল হয়েছে। হাস্যরস, কৌতুক আর অর্থবাহী শিক্ষার মধ্য দিয়ে পড়ুয়াদের বিনোদন করেন মার্টিন। স্কুলের অডিটোরিয়ামে বিভিন্ন শ্রেণির পড়ুয়ারা শামিল হয়েছিল। প্লে গ্রুপের অভিভাবকরা খুদেদের সামলানোর পাশাপাশি অনুষ্ঠানেও অংশ নেন। আনন্দে ভরপুর পরিবেশনা, আকর্ষণীয় একাধিক বিভাগ ও ফ্লাবারের বুদ্ধি মেশানো কৌতুক মন জয় করে নিয়েছে সকলের।




*ডিপিএস-এর 'দ্য ফ্লাবার অ্যান্ড ফ্রেন্ডস শো'।*

# বনাঞ্চলে জলের পাইপলাইন একধাপ এগোল

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ১০ জুলাই :** বনাঞ্চলে জল সরবরাহের পাইপলাইন পাতার ক্ষেত্রে একধাপ এগোল পুরনিগম। ক্ষতিপূরণ হিসেবে জমি এবং টাকা দিতে পুরনিগম সম্মত হওয়ায়, পানীয় জল সরবরাহের পাইপলাইন পাতার ক্ষেত্রে অনুমতি দিল বন দপ্তরের বৈকুণ্ঠপুর বিভাগ। তবে ওয়াইল্ডলাইফ বোর্ডের অনুমোদন এখনও না মেলায় কয়েকটি জায়গায় এখনই পাইপ পাততে পারবে না পুরনিগম। এই জট কাটানোর চেষ্টাও চালিয়ে যাচ্ছে পুরনিগম। পুরনিগম সূত্রে খবর, যে জায়গায় অনুমতি পাওয়া যাচ্ছে, সেখানে পাইপলাইন পাতার কাজ শুরু করে দেওয়া হবে আগামী মাস থেকে। উল্লেখ্য, ৯ কিলোমিটার এলাকা বৈকুণ্ঠপুরের জঙ্গলের মধ্যে পড়ায় ওই এলাকায় পাইপলাইন পাতার কাজ থমকে ছিল। যা নিয়ে দফায় দফায় বন দপ্তরের সঙ্গে বৈঠক হয় পুরনিগমের। আলোচনা এবং ক্ষতিপূরণের শর্তেই কিছুটা জমি ছাড়তে সম্মত হয়েছে বৈকুণ্ঠপুর বন বিভাগ। অনুমতি বাকি শুধু ওয়াইল্ডলাইফ বোর্ডের। তবে মেয়র গৌতম দেবের বক্তব্য, 'পাইপলাইন পাতার কাজে আর কোনও বাধা নেই। যে জায়গা ওয়াইল্ডলাইফের, সেখানকার অনুমতির জন্য দ্রুত কাজ করা হচ্ছে।'

শহরের দ্বিতীয় জলপ্রকল্পের পাইপলাইন পাতার কাজ বন দপ্তরের অনুমতির জন্যে আটকে ছিল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কিছুদিন আগে উত্তরবঙ্গ সফরে এসে বন দপ্তরকে দ্রুত সমস্যা মেটানোর নির্দেশ দিয়েছিলেন। এরপরেই দ্রুত আলোচনা শুরু হয়। বন দপ্তরের বৈকুণ্ঠপুর ডিভিশনের বেশ কিছুটা জায়গা পাইপলাইন পাতার জন্য প্রয়োজন। সেই পরিমাণ জমি পুর ও নগরোন্নয়ন দপ্তর বন দপ্তরকে দিয়েছে। পাশাপাশি, ৮৮ লক্ষ টাকাও প্রকল্প খরচ থেকে পুরনিগম দিয়েছে। এরপরেও কাজ আটকে ছিল। মুখ্যমন্ত্রীর নির্দেশিকার পরেই তড়িঘড়ি ফাইল চালাচালি করে বৈকুণ্ঠপুরের জঙ্গলে পাইপ পাতার অনুমতি দিয়ে দেয় বন দপ্তর। সেইমতো ৯ কিলোমিটার এলাকায় পাইপলাইন পাতা হবে। ওই পাইপলাইন পাততে বেশ কিছু গাছ উপড়ে ফেলতে হবে। সেগুলি বন দপ্তর করবে বলে জানিয়েছেন মেয়র।

# ছবি তোলায় মারধর


**শিলিগুড়ি, ১০ জুলাই :** রাস্তা দিয়ে চলা এক তরুণীর ছবি তোলার অভিযোগে চাঞ্চল্য ছড়াল প্রধাননগর থানা এলাকায়। পুলিশ সূত্রে খবর, বৃহস্পতিবার বিকালে রাস্তা দিয়ে চলার সময় হঠাৎ এক তরুণী অভিযোগ করেন, পেশায় রিকশাচালক এক ব্যক্তি তাঁর ছবি তুলেছেন। এরপরই স্থানীয়রা ওই ব্যক্তিকে ধরে উত্তমমধ্যম দেন। খবর দেওয়া হয় প্রধাননগর থানার পুলিশকে। এরপর পুলিশ গিয়ে ওই ব্যক্তিকে আটক করে। যদিও ঘটনায় রাত পর্যন্ত কোনও লিখিত অভিযোগ দায়ের হয়নি বলে প্রধাননগর থানা সূত্রে খবর।

# পুলিশ হেপাজত

**শিলিগুড়ি, ১০ জুলাই :** বৃহস্পতিবার পরিষ্কার করার নাম করে সোনা চুরির অভিযোগে গ্রেপ্তার হওয়া বিহার গ্যাংয়ের সদস্যদের জলপাইগুড়ি জেলা আদালতে তুলে ফের পুলিশ হেপাজতে নিল আশিঘর ফাঁড়ির পুলিশ। গত সপ্তাহে নিউ পালপাড়া সহ ঘোগোমালি এলাকায় সোনা পরিষ্কারের নাম করে অভিযোগকারীদের বোকা বানিয়ে সোনা চুরি করে ওই গ্যাংয়ের সদস্যরা। এরপর পুলিশ অভিযান চালিয়ে ঘটনার রাতেই চার অভিযুক্তকে গ্রেপ্তার করে। ধৃতদের জলপাইগুড়ি জেলা আদালতে তুলে পুলিশ হেপাজতে নেওয়ার পর জিজ্ঞাসাবাদ করে জানতে পারে, তারা বিহার গ্যাং।

এছাড়াও বেশকিছু তথ্য সামনে আসে। বৃহস্পতিবার ফের তাদের জলপাইগুড়ি জেলা আদালতে তুলে পুলিশ হেপাজতে নেয় আশিঘর ফাঁড়ির পুলিশ। ঘটনায় ব্যবহার হওয়া বাইক ও চুরি করা সোনার কিনারা অনেকটাই করা হয়ে গিয়েছে বলে তদন্তকারীদের সূত্রে জানা গিয়েছে।




# নাবালিকাকে যৌন নির্যাতন

**শিলিগুড়ি, ১০ জুলাই :** আশিঘর ফাঁড়ি এলাকায় ১৪ বছরের এক নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে। ঘটনায় অভিযুক্ত তরুণকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃত আবার নির্যাতিতার দূর সম্পর্কের মামা।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ২৭ জুন নাবালিকার পরিবারের লোকেরা অন্যদিনের মতো কাজে বেরিয়ে যান। এই সুযোগে ওই তরুণ মেয়েটিকে ডেকে নিয়ে যায় নিজের বাড়িতে। অভিযোগ, সেখানে নাবালিকার ওপর যৌন নির্যাতন চালানো হয়। সেখান থেকে কোনওরকমে নাবালিকা বাড়ি ফেরে। এরপর তার আচরণে পরিবর্তন লক্ষ করেন পরিবারের লোকেরা। তাঁদের জোরাজুরিতে নির্যাতিতা সব কথা খুলে বলে। পরিবারের তরফে আশিঘর ফাঁড়িতে লিখিত অভিযোগ দায়ের করা হয়। অভিযুক্তের বিরুদ্ধে পকসো আইনে মামলা রুজু হয়েছে।

তদন্তে নেমে পুলিশ বৃহস্পতিবার সন্ধ্যায় অভিযুক্তকে গ্রেপ্তার করে। ধৃতকে শুক্রবার জলপাইগুড়ি আদালতে পেশ করা হবে বলে খবর। ঘটনার তদন্ত চলছে।



# দীপাকে সরাল বিজেপি

## পঞ্চানন এখনও স্বপদে বহাল ● তৃণমূলে ক্ষোভ

শুভদীপ শর্মা

**ক্রান্তি, ১০ জুলাই :** জঙ্গলের রাস্তায় গাড়িতে তৃণমূল নেতার সঙ্গে মদের আসর বসানোর অভিযোগে দলীয় সমস্ত দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হল বিজেপির জলপাইগুড়ি জেলা মহিলা মোর্চার সভানেত্রী দীপা বণিককে। একই কাজের জন্য তৃণমূলের পঞ্চায়েত সমিতির সদস্য পঞ্চানন রায়ের বিরুদ্ধে এখনও কোনও ব্যবস্থা নেয়নি তাঁর দল। তবে, পঞ্চাননের বিরুদ্ধে দলেই ক্ষোভ দানা বাঁধছে। অবিলম্বে এই ঘটনায় পঞ্চানন রায়ের পদত্যাগ করা উচিত বলে মন্তব্য করেছেন তৃণমূলের এসসি এসটি সেলের জেলা সভাপতি কৃষ্ণ দাস। দল যদি পঞ্চানন রায়ের বিরুদ্ধে ব্যবস্থা না নেয় জেলাজুড়ে তৃণমূলের এসসি এসটি সেল রাস্তায় নেমে প্রতিবাদ করবে বলে এদিন জলপাইগুড়িতে সাংবাদিক সম্মেলনে ঘোষণা করেছেন তিনি।

আগে রাজনীতি সেভাবে না করা দীপা বণিক বিয়ের পর ক্রান্তিতে এসে ২০১৮ সালে বিজেপিতে নাম লেখান। সে বছরই বিজেপির টিকিট পেয়ে জয়ী হয়ে ক্রান্তি গ্রাম পঞ্চায়েতের সদস্য হন দীপা। পঞ্চায়েত সদস্য হওয়ার পাশাপাশি আরএসএস এবং তৎকালীন জেলা সভাপতি বাপি গোস্বামীর ঘনিষ্ঠ হওয়ায় ২০২২ সালে বিজেপি মহিলা মোর্চার দায়িত্ব পান।


দীপা বণিক।


পঞ্চানন রায়।

মঙ্গলবার রাতে বৈকুণ্ঠপুর বন বিভাগের আপালচাঁদ জঙ্গল লাগোয়া গজলডোবা যাওয়ার রাস্তায় গাড়িতে পঞ্চানন রায় ও দীপা বণিকের মদের পার্টির বিষয়টি প্রকাশ্যে আসার পর ক্রান্তির বিভিন্ন জায়গায় কান পাতলেই শোনা যাচ্ছে, মঙ্গলবার প্রথম নয়, দীপা ও পঞ্চানন রায় প্রায়দিনই রাতে এমন পার্টি করতেন বিভিন্ন স্থানে।

ছাত্র রাজনীতি থেকে উঠে আসা পঞ্চানন তৃণমূলের জেলা সাধারণ সম্পাদক হওয়ার পাশাপাশি ক্রান্তি ব্লক পঞ্চায়েত সমিতির সভাপতিও। তৃণমূলের জন্মলগ্ন থেকেই দলের দাপুটে নেতা তিনি। ক্রান্তি ব্লকে তৃণমূলকে নেতৃত্ব দেওয়ার পাশাপাশি সিপিএমের আমলে ২০০৩ ও ২০০৮ সালে মাল পঞ্চায়েত সমিতির আসনে জিতেছিলেন পঞ্চানন। ২০১৮ ও ২০২৩ সালে পঞ্চায়েত সমিতির আসনে জয়লাভ করে ক্রান্তি পঞ্চায়েত সমিতির প্রথম সভাপতি হন।

পৃথক দুই রাজনৈতিক দলের হলেও দাপুটে বলে 'খ্যাতি' রয়েছে দীপা ও পঞ্চানন দুজনেরই। '২৩ সালে পঞ্চায়েত ভোটের আগে ক্রান্তির ২০/২১৫ নম্বর বুথে তৃণমূলের সভাপতি কৃষ্ণমোহন রায় ১৫-২০টি পরিবার নিয়ে বিজেপিতে যোগদান করেন। অভিযোগ, বিজেপিতে যোগ দেওয়ার পর কৃষ্ণমোহন রায়ের জমি দখল করে নেওয়ার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছিল পঞ্চাননের বিরুদ্ধে। পঞ্চাননের হুমকির একটি অডিও ক্লিপও ভাইরাল হয়েছিল সেই সময়ে। যদিও সেই ভাইরাল হওয়া অডিও ক্লিপের সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ।

ক্রান্তি গ্রাম পঞ্চায়েতের আমিনেরটারি থেকে বিজেপির টিকিটে জয়লাভ করা পঞ্চায়েত সদস্য কামনাবালা বিশ্বাস গত এপ্রিলে তৃণমূলে যোগদান করেন। এর কয়েকদিন পরেই দীপা লোকজন নিয়ে চড়াও হন তাঁর বাড়িতে। অভিযোগ, পঞ্চায়েত সদস্যা ও তাঁর স্বামীকে বেধড়ক মারধর করা হয়।

রাতের অন্ধকারে জঙ্গলের রাস্তায় এই দুই নেতা-নেত্রীর একসঙ্গে মদের আসর বসানোর ছবি প্রকাশ্যে আসতেই বিজেপি ও তৃণমূল দু'দলেই অস্বস্তি বেড়েছে। ফালাকাটার বিধায়ক তথা বিজেপির রাজ্য কমিটির সাধারণ সম্পাদক দীপক বর্মন বলেন, 'ঘটনার পর দীপা বণিককে দলীয় সমস্ত কাজ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।' তৃণমূলের জলপাইগুড়ি জেলা সভানেত্রী মহুয়া গোপ বলেন, 'গোটা বিষয়টি শীর্ষ নেতৃত্বকে জানানো হয়েছে। যা সিদ্ধান্ত নেওয়ার তারাই নেবে।' যদিও এই বিষয়ে দীপা ফোন না ধরায় তাঁর কোনও মন্তব্য মেলেনি। পঞ্চানন অবশ্য এই বিষয়ে মন্তব্য করতে রাজি হননি।


বৃষ্টিভেজা তাজমহলে। বৃহস্পতিবার আগ্রায়।

# মোহন জাদু দেখাবে ব্রাজিলে

**পতিরাম, ১০ জুলাই :** পারপতিরাম থেকে ব্রাজিল কতদূর? গুগল ম্যাপে বলছে প্রায় ১৭ হাজার কিলোমিটার। এই দীর্ঘ পথ পাড়ি দেবে পারপতিরাম গ্রামের এগারো বছরের কিশোরমোহন ঘোষ। ফুটবল খেলার প্রতিভাই যেন তার 'টিকিট'।

পতিরাম উচ্চবিদ্যালয়ের পঞ্চম শ্রেণির এই ছাত্র ফুটবল খেলতে পাড়ি দিচ্ছে ব্রাজিলে। সেখানে আন্তর্জাতিক স্তরের অনূর্ধ্ব-১২ 'গো কাপ' ফুটবল প্রতিযোগিতায় অংশ নিতে চলেছে আন্ধেরি ফুটবল অ্যাকাডেমি। আর সেই দলের গোলকিপার হিসেবে নির্বাচিত হয়েছে মোহন।

মোহনের বাবা শিলিগুড়ির একটি হোটেলে কাজ করেন। মা অপর্ণা দাস ঘোষ স্থানীয় একটি প্যাথলজিক্যাল ল্যাবে সহায়িকার কাজ করেন। তবে আর্থিক অবস্থা কখনই মোহনের ফুটবল খেলার প্রতি ভালোবাসা ও প্রতিভা প্রকাশের পথে বাধা হয়ে দাঁড়াতে পারেনি।

সেই আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে বিশ্বের নামী ক্লাবগুলির অনূর্ধ্ব-১২ দল। পিএসজি, এসি মিলান, ভাস্কো ডা গামার মতো ক্লাবগুলোর সঙ্গে একই প্রতিযোগিতায় খেলার সুযোগ পাবে মোহনের দল। ব্রাজিলের গোইয়ানিয়া শহরে অনুষ্ঠিত হতে চলা এই 'গো কাপ' টুর্নামেন্ট ভবিষ্যতের সম্ভাব্য আন্তর্জাতিক তারকাদের তুলে ধরার এক গুরুত্বপূর্ণ ক্ষেত্র।

আন্তর্জাতিক কোচ এবং আন্ধেরি ফুটবল অ্যাকাডেমির কর্ণধার মলয় দাশগুপ্ত বলেন, 'এই টুর্নামেন্ট থেকে অনেক খেলোয়াড়কে বড় আন্তর্জাতিক ক্লাবের অ্যাকাডেমি বেছে নেয়। মোহনের সামনে সেই দরজা খুলে গিয়েছে।' মোহনের ফুটবলের হাতেখড়ি পারপতিরাম মাঠেই। কোচদের বিশ্বাস, মোহনের ফুটবল দক্ষতা ও গোলকিপিং প্রতিভা আন্তর্জাতিক পর্যায়েও তাক লাগাতে পারে। মোহনের মা অপর্ণা দাস ঘোষ আবেগঘন কণ্ঠে বলেন, 'ছেলে ব্রাজিল যাওয়ার সুযোগ পাওয়ায় আমরা গর্বিত ও কৃতজ্ঞ।'

# চোখের জলে কলেজ ছাড়লেন শিক্ষক, কর্মীরা

তাপস মালাকার

**নিশিগঞ্জ, ১০ জুলাই :** বৃহস্পতিবার ছিল গুরুপূর্ণিমা। আর সেই গুরুপূর্ণিমাতেই চোখের জলে কলেজ ছাড়লেন শিক্ষাগুরুরা। তাও আবার চিরতরের জন্য।

দীর্ঘ আন্দোলনের পর ২০১১ সালে তৈরি হয়েছিল নিশিগঞ্জ মধুসূদন হোড় কলেজ। সরকারি উদাসীনতায় বৃহস্পতিবার কার্যত বন্ধ হয়ে গেল নিশিগঞ্জের সেই শিক্ষাপ্রতিষ্ঠান। ভবিষ্যৎ শঙ্কায় নীরবে কলেজ ক্যাম্পাস ছাড়লেন কলেজের ৩০ জন শিক্ষক ও শিক্ষাকর্মী। কলেজের মূল ফটকের তালা বন্ধ করে চাবি কলেজ সভাপতির বাড়িতে পৌঁছে দিলেন তাঁরা। পড়ে রইল প্রায় ১৭ বিঘা জমির উপর প্রায় ছয় কোটি টাকা ব্যয়ে নির্মিত তিনতলা কলেজ ভবন। সেইসঙ্গে ঝুলে রইল কলেজের পড়ুয়াদের ভবিষ্যৎ।

কলেজটির ভারপ্রাপ্ত শিক্ষক প্রলয় নাগ বলছেন, 'প্রায় ৩ বছর আমি ও আমার স্টাফরা বিনা বেতনে কাজ করছি। আর পারছি না। ১৪ বছরে সরকার পোষিত কলেজ না হওয়ায় আমরা সবাই হতাশ। তাই আজকের পর আর কলেজে না আসার সিদ্ধান্ত নিয়েছেন শিক্ষক-শিক্ষাকর্মীরা।'

গত বছর থেকে কলেজগুলিতে কেন্দ্রীয়ভাবে ভর্তি শুরু হয়েছে। কিন্তু সেই ভর্তির পোর্টালে নিশিগঞ্জ কলেজের নাম নেই। ফলে অভিভাবকরা ছেলেমেয়েদের এই কলেজে ভর্তি করাতে ভয় পাচ্ছেন। এবছর মাত্র ৩৮ জন পড়ুয়া এই কলেজে ভর্তির জন্য আবেদন করেছে। তাদের মধ্যে কতজন ভর্তি হবে সেটাও অনিশ্চিত। ফলে বিনা সাম্মানিকে আর কাজ করতে চাইছেন না কেউই।


# সুন্দরীরাই পেডলার

প্রণব সূত্রধর

**আলিপুরদুয়ার, ১০ জুলাই :** আলিপুরদুয়ার শহরে মাদকের কারবার তো দীর্ঘদিন ধরেই চলছে। বিশেষ করে জংশন লাগোয়া কোন কোন এলাকায় মাদকের হাতবদল হয়, তা কিন্তু 'অভিজ্ঞ' মাত্রেই জানেন। তবে যেটা নতুন সংযোজন, সেটা হল মহিলা ক্যারিয়ার। অল্পবয়সি, চটকদার মহিলাদের এখন কাজে লাগানো হচ্ছে এই মাদকের কারবারে।

তাঁরাই পেডলার। তাঁরাই মাদক পৌঁছে দিচ্ছেন ক্রেতাদের চাহিদামতো বিভিন্ন জায়গায়। তবে আড়ালে থেকে তাঁদের পরিচালনা করছেন মাদক কারবারের এজেন্টরা। সেইসব এজেন্টদের নির্দেশেই মহিলা পেডলাররা কাজ করছেন। কখন কোথায় কতখানি মাদক পৌঁছে দিতে হবে, সেটা সেই এজেন্টরাই সেসব মহিলাদের জানিয়ে দিচ্ছেন।

এখন তো সন্ধ্যা নামতেই শহরের কিছু বিশেষ বিশেষ জায়গায় স্কুটার চেপে ঘুরে বেড়াতে দেখা যাচ্ছে সেসব সুন্দরী পেডলারদের। কেউ কেউ আবার অটো বা টোটো করেও মাদক পৌঁছে দিচ্ছেন নির্দিষ্ট ঠিকানায়।


ছবি : এআই

মাদক কারবারের এখন মহিলাদের চাহিদা বাড়ছে কেন? উত্তর খুঁজতে গিয়ে বেশ কয়েকটি প্রসঙ্গ উঠে আসছে। প্রথমত, মহিলাদের ওপর সন্দেহ কম হয়। অনেক সময়ই পুলিশের নজর এড়িয়ে যাওয়া সম্ভব হয়। দ্বিতীয়ত, জামাকাপড়ের ভাঁজে মাদকের ছোট ছোট পুরিয়া লুকিয়ে নিয়ে যাওয়া মহিলাদের পক্ষে সুবিধাজনক। বিশেষ করে নাকা চেকিংয়ের সময় যদি কোনও মহিলা পুলিশ না থাকে, তবে তো সেসব মহিলাদের তল্লাশি করা সম্ভব হয় না। তাই তাঁরা ধরাও পড়েন না। তৃতীয়ত, সৌন্দর্যের একটা আবেদন তো রয়েছেই। চটকদার সেইসব মহিলাদের দেখে আকৃষ্ট হয়েও অনেক সময় মাদকের কারবার বাড়ছে। নতুন নতুন লোককে দলে টানা যাচ্ছে।

**কী কী সুবিধা**

- মহিলাদের ওপর সন্দেহ কম হয়
- অনেক সময়ই পুলিশের নজর এড়িয়ে যাওয়া সম্ভব হয়
- জামাকাপড়ের ভাঁজে মাদকের ছোট ছোট পুরিয়া লুকোনো সহজ
- নাকা চেকিংয়ের সময় মহিলা পুলিশ না থাকলে পার পাওয়া যায়
- আর সৌন্দর্যের একটা আবেদন তো রয়েছেই

এব্যাপারে আলিপুরদুয়ারের এসপি ওয়াই রঘুবংশীর কাছে জানতে চাওয়া হলেও তিনি কোনও মন্তব্য করতে চাননি। তবে আলিপুরদুয়ার জেলার এক পুলিশকর্তা জানালেন, অভিযোগ পেলেই মাদক কারবারিদের গ্রেপ্তার করা হচ্ছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বড় এজেন্টরা এই মহিলাদের মাদকের পেডলার হিসেবে কাজে লাগান। নির্দিষ্ট কমিশন তো থাকেই, সেইসঙ্গে হোটেল, রেস্টুরেন্টে খাবারদাবারের বিশেষ ব্যবস্থা থাকে এই মহিলাদের জন্য। তাঁদের একাংশ আবার মাদকের নেশাও করে। ফলে নেশার খরচ জোগাড় করতেও সেইসব মহিলাদের একাংশ পেডলারের কাজ করেন। এসবের ফলে পুলিশের কড়া নজরদারি ও বারবার অভিযান সত্ত্বেও মাদক ব্যবসা কিছুতেই রোখা যাচ্ছে না। এমনটা মনে করছেন পুলিশকর্তারাই।

বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যাচ্ছে, এক সময় যাঁরা মাদকের নেশা করতেন তাঁরা এখন পেডলার হিসেবে কাজ করছেন। পরিমাণে অল্প মাদক সঙ্গে রেখে আইনি ঝামেলা থেকেও সহজেই রেহাই পাচ্ছেন। ৫০ গ্রাম বা তার বেশি পরিমাণ মাদক থাকলেও অভিযুক্তরা অনেক সময় কয়েকদিনের মধ্যেই ছাড়া পেয়ে যান। ফলে পুলিশ মাদক কারবারিদের গ্রেপ্তার করলেও পরিস্থিতি বদলায় না।

# ফের ভিডিও বার্তায় তোপ জীবনের

**কোচবিহার, ১০ জুলাই :** নাম না করে ফের রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের কঠোর সমালোচনা করলেন কেএলও সুপ্রিমো জীবন সিংহ। বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় জীবনের একটি ভিডিও বার্তা ভাইরাল হয় (যদিও ভিডিওটির সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ)। ওই ভিডিও বার্তায় তাঁকে বলতে শোনা যায়, 'এই কলকাতিয়া সরকার আমাদের জাতি মাটির সরকার হতে পারে না। এই সরকার সম্পূর্ণ অবৈধভাবে অসংবিধানিকভাবে আমাদের সি ক্যাটিগোরির রাজ্যকে জোরজবরদস্তি দখল করে আছে।'

# বিক্ষোভের মুখে পদ্ম বিধায়ক


বিক্ষোভের মুখে বিজেপি বিধায়ক। গোঁসাইরহাটে।

**শীতলকুচি, ১০ জুলাই :** আবারও বিক্ষোভের মুখে বিজেপি বিধায়ক। বৃহস্পতিবার সকালে শীতলকুচি ব্লকের গোঁসাইরহাট কালী মন্দিরে পুজো দিতে এসে তৃণমূলের কর্মী-সমর্থকদের বিক্ষোভের মুখে পড়েন শীতলকুচির বিজেপি বিধায়ক বরেনচন্দ্র বর্মন। বিধায়ককে হেনস্তা ও দুই বিজেপি কর্মীকে মারধর করা হয় বলে অভিযোগ। ঘটনায় রাজনৈতিক চাপানউতোর শুরু হয়েছে এলাকায়।

এদিন গুরুপূর্ণিমা উপলক্ষ্যে পুজো দিতে আসেন বরেন। পুজো দিয়ে বের হওয়ার সময় মন্দিরের সামনেই বিধায়ককে ঘিরে বিক্ষোভ দেখান তৃণমূল কংগ্রেসের মহিলা নেত্রী ও কর্মী-সমর্থকরা। উপস্থিত ছিল তৃণমূল কংগ্রেসের গোঁসাইরহাট অঞ্চল নেতৃত্বও। মহিলাদের সঙ্গে বচসা বাধে বিধায়কের।

অভিযোগ, মন্দির থেকে কোনওমতে বেরিয়ে বিধায়ক তাঁর গাড়িতে ওঠার চেষ্টা করতেই তৃণমূল কর্মীরা তাঁকে এবং তাঁর গাড়িতে ধাক্কা দিতে থাকেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে আসে শীতলকুচি থানার পুলিশ। তারপর কোনওক্রমে এলাকা ছাড়েন বরেন।

# রত্নগর্ভা চম্পাকলিই

*প্রথম পাতার পর*

শাবকদের মাতৃদুগ্ধ দেওয়ার চেষ্টা করেছিলাম কিন্তু কেউ সেই দায়িত্ব পালন করেনি। তবে এরজন্য চম্পাকলির মাহুত ও প্রাণী চিকিৎসকদের ভূমিকাও উল্লেখযোগ্য ছিল।' পাঁচ বছর আগে চম্পাকলি নিজের শাবক বিদ্যার জন্ম দিয়েছিল। আর সেই সময় তিতি নামের শাবকটিকে তার মা জঙ্গলে ফেলে রেখে চলে গিয়েছিল। একদিকে নিজের শাবক বিদ্যা, অপরদিকে অনাথ শাবক তিতি- দুজনকেই মাতৃদুগ্ধ দিয়ে বড় করে তুলেছিল চম্পাকলি।

# এজেন্ট সোমনাথের

*প্রথম পাতার পর*

পরে শুনি, সোমনাথ শিলিগুড়িতে পাকড়াও হয়েছেন।'

গত তিন বছর ধরে উত্তরবঙ্গ সহ সংলগ্ন নেপাল ও ভুটানে চুরি করা গাড়ি পাচার করলেও শহর শিলিগুড়িতে বছরখানেক ধরে থাকতে শুরু করেন সোমনাথ। প্রথমদিকে তিনি মাটিগাড়ার একটি বিলাসবহুল অ্যাপার্টমেন্টের একটি ফ্ল্যাট ভাড়া নিয়েছিলেন। অভিযোগ, সেখানেও তিনি গাড়ি চুরির কাণ্ড ঘটান। সেই অভিযোগও জমা পড়ে মাটিগাড়া থানায়। এরপর মাস ছয়েক ধরে তিনি সমরনগরে বাড়িভাড়া নিয়ে থাকতে শুরু করেন। ইতিমধ্যেই সোমনাথকে জিজ্ঞাসাবাদ করার পর এজেন্টদের পাকড়াও করে ২৬টি গাড়ি উদ্ধার করে প্রধাননগর থানার পুলিশ। এরপর আরও কয়েকটি গাড়ি উদ্ধার হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। সেগুলিও প্রধাননগর থানায় নিয়ে আসা হচ্ছে।

প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার বলেন, 'সোমনাথ এবং এখনও পর্যন্ত পাকড়াও হওয়া চার এজেন্টকে জেরা করে আরও গাড়ি উদ্ধারের চেষ্টা চালানো হচ্ছে।'

# ঘুষ নিতে গিয়ে ধৃত ১

কিশনগঞ্জ, ১০ জুলাই : ঘুষ নিতে গিয়ে বিহারের ভিজিলেন্স দপ্তরের হাতে ধরা পড়ল এক ব্যক্তি। ধৃত আমিন নিরঞ্জন কুমার মহানন্দা নদীর বেসিন প্রকল্পের সার্ভে বিভাগে কর্মরত। তিনি মহম্মদ জামিল আখতার নামে এক ব্যক্তির থেকে জমির ক্ষতিপূরণ পাইয়ে দেওয়ার শর্তে ১ লক্ষ টাকা ঘুষ চান। জামিল ভিজিলেন্স দপ্তরে এই নিয়ে অভিযোগ দায়ের করেন। তদন্তে নামে ভিজিলেন্স দপ্তর। বৃহস্পতিবার সকালে ঘুষ নেওয়ার সময় ভিজিলেন্স দপ্তরের পাতা জালে হাতেনাতে পাকড়াও হন তিনি।

# কড়া পুলিশ, অনুতপ্ত দু'পক্ষ

*প্রথম পাতার পর*

সত্যি, আমাদের এলাকার নামটাই খারাপ হয়ে গেল।'

রেললাইন সংলগ্ন বাগরাকোট এলাকায় ছোট হোটেল চালান মানসী পাসোয়ান। কিছুটা দূরেই পিকেটে বসা পুলিশকর্মীদের কাছে গিয়ে তিনি বোঝানোর চেষ্টা করছিলেন, 'আমাদের এলাকায় রঙের উৎসব হয়। কোনওদিন কোনও ঝামেলা হয় না। কালকের ঘটনাটা, কীভাবে হয়ে গেল বুঝলাম না। হঠাৎ করেই কেমন যেন, নিজেদের মধ্যে ভুল বোঝাবুঝি হয়ে গেল।'

এদিকে, একের পর এক এমন ঘটনায় বিরক্ত সাধারণ মানুষ। শহরের বাসিন্দা বিশ্বজিৎ দাস বলেন, 'উসকানির কারণেই দুই গোষ্ঠী যে একে অপরের বিরুদ্ধে রণং দেহি হয়ে উঠছে, সেটা পরিষ্কার। আমাদের সকলকে এব্যাপারে সচেতন থাকতে হবে।' শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলেন, 'এধরনের তিনটে ঘটনা হয়েছে। আমরা প্রতিটি ক্ষেত্রেই কড়া ব্যবস্থা নিয়েছি। সমাজের যাতে কোনও ক্ষতি না হয়, সেব্যাপারে এই ঘটনাগুলোয় বিশেষভাবে নজর দিচ্ছি। অভিযুক্তদের পাকড়াও করার জন্য ধারাবাহিক তল্লাশি চালানো হচ্ছে। শুধু যারা ঘটনাস্থলে উপস্থিত থেকে এই ঘটনার সঙ্গে জড়িত, তারাই নয়, বাইরে থেকেও কেউ উসকানি দিয়ে থাকলে, তার বিরুদ্ধেও আইনত কড়া ব্যবস্থা নেওয়া হবে।'

# দিলীপ

*প্রথম পাতার পর*

মেয়র কোনও কাজ করতে পারছেন না, তাঁকে মেয়র পারিষদ করা হলেও মেয়র তাঁর কথা শোনেন না বলে বেশ কয়েকবার অভিযোগ তুলেছেন দিলীপ। এই পরিস্থিতিতে দু'মাস আগে তিনি মেয়র পারিষদ পদ ছাড়ার সিদ্ধান্তও জানিয়েছিলেন। এহেন দিলীপকে নিয়ে গৌতম বারবার অস্বস্তিতে পড়েছেন। আর তার পরেই রাজ্য স্তরে দলের কোনও অংশ থেকে দিলীপের বিরুদ্ধে কড়াভাবে অভিযোগ জানানো হয়েছে।

দলীয় সূত্রে খবর, রাজ্য সভাপতি সুব্রত বক্সীর কাছে এসব অভিযোগ যেতেই তিনি দলের কয়েকজন নেতাকে ঘটনা খতিয়ে দেখতে শিলিগুড়িতে পাঠিয়েছিলেন। সেই প্রতিনিধিরা দিলীপের সঙ্গে কথা বলে ফিরে গিয়েছেন। এদিন দিলীপ বলেন, 'রাজ্য নেতৃত্বকে আমি অনেক আগেই শিলিগুড়ির বিভিন্ন বিষয় নিয়ে চিঠি দিয়েছি। সেসব গুরুত্ব দেওয়া হয়নি। অথচ আমার বিরুদ্ধে কে বা কারা কোনও অভিযোগ করেছে বলে রাজ্য থেকে প্রতিনিধি পাঠানো হয়েছিল।' তাঁর কথায়, 'রাজ্য নেতৃত্ব তো একপক্ষের বক্তব্য শুনে আমার কাছে লোক পাঠিয়েছে। আমিও আমার বক্তব্য জানিয়েছি। আমাকে যে কাজ করতে দেওয়া হচ্ছে না সেটাও বলেছি।' আপনাকে কি দলীয় কর্মসূচি থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছে? দিলীপ বলেন, 'ওরা নির্দেশ দেওয়ার কে? দলটা তো কারও পৈতৃক সম্পত্তি নয়। আমি বলেছি, দল করতে না দিলে লিখিত জানান। আমি জয় শ্রীরাম হয়ে যাব।'

# ফাঁসির সাজা

*প্রথম পাতার পর*

পরে মুখোমুখি জেরা করতেই তারা স্বীকার করে নাবালিকাকে অপহরণের পর বেশ কয়েকবার ধর্ষণ করেছে। এরপর তার শ্বাসরোধ করে খুনের পর রাজগঞ্জ প্রধানপাড়া এলাকার বাসিন্দা কাজিবার রহমানের বাড়ির পিছনদিকে একটি নির্মীয়মাণ শৌচালয়ের সেপটিক ট্যাংকে দেহ ফেলে দিয়েছে।

তদন্তে নেমে পুলিশ জানতে পারে এই ঘটনায় অভিযুক্ত রহমানের আত্মীয় তামিরুলের নাম। তদন্তে উঠে আসে নাবালিকার চুল কেটে ছেলে সাজিয়ে তামিরুলের বাড়িতে নিয়ে গিয়েছিল রহমান এবং জামিরুল। সেখানে তামিরুলও একাধিকবার নাবালিকাকে ধর্ষণ করেছিল। পুলিশের তদন্তে উঠে আসে রহমান ওই নাবালিকাকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে অপহরণ করে তাকে ধর্ষণ করে। কিন্তু লাগাতার একাধিক ব্যক্তির দ্বারা ধর্ষণের শিকার হওয়ায় কার্যত ক্ষিপ্ত হয়ে উঠেছিল নাবালিকা।

পুলিশের জেরায় রহমান এবং জামিরুল স্বীকার করে রাজগঞ্জের চেওয়াই নদীর ধারে একটি চা বাগানে তারা নাবালিকাকে শ্বাসরোধ করে খুন করার পর দেহ লোপাটের জন্য ওই সেপটিক ট্যাংকে ফেলে দিয়েছিল। আদালত এই ঘটনাটিকে পরিকল্পিত ধর্ষণ এবং খুনের ঘটনা বলে মনে করেছে। জলপাইগুড়ি পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত বলেন, 'দুই পুলিশ অফিসার এই ঘটনায় যথেষ্টই দক্ষতার সঙ্গে তদন্ত করে চার্জশিট পেশ করেছিলেন। আমরা দুই অফিসারকে তাঁদের কাজের জন্য সংবর্ধিত করব।' মামলার সরকারপক্ষের আইনজীবী দেবাশিস দত্ত বলেন, 'আদালতের চোখে এটি বিরলতম সংগঠিত অপরাধ। যে কারণে আদালত তিন অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে তিনজনকেই ফাঁসির সাজা দিয়েছে। এই মামলায় মোট ২৭ জনের সাক্ষ্যগ্রহণ হয়েছে। এদিন আদালতে উপস্থিত থেকে রায় ঘোষণার পর নাবালিকার বাবা বলেন, 'আমরা এই দিনটার অপেক্ষায় ছিলাম। আজ আমার মেয়ের আত্মা শান্তি পাবে।'

# অবিশ্বাস আর ঘৃণার দরজা-জানলা

*প্রথম পাতার পর*

কবিতার নাম ছিল 'প্রিয় কমরেডস'। পরিস্থিতি আজও এতটাই এক, স্বচ্ছন্দে শিরোনাম পালটে দেওয়া যায়। প্রিয় দিদি হতে পারে। প্রিয় মোদিও চলতে পারে। প্রিয় রাহুল, প্রিয় বেবিও দিব্যি চলে যাবে। এবং সবচেয়ে আক্ষেপের কথা, বাম আমলে বাংলার কুখ্যাত ব্যাধি থেকে গিয়েছে আজও। কী দেশে, কী রাজ্যে!

ব্যাপারটা দাঁড়িয়েছে কার্যত দাবা খেলার মতো। বাংলায় যে সব ঘটনায় শিউরে উঠছি, দু'দিন পরে দেখি, দেশের অন্য প্রান্তে আরও ভয়ংকর কিছু ঘটছে। আবার ভিনরাজ্যে ভয়ংকর কিছু দেখে পাথর হয়ে যাই। দিন দুই পরেই সেই ধরনের ঘটনা দেখছি বাংলায়। সব পার্টির কর্মী বা পুলিশের দুষ্কর্মে মুখ পুড়ছে সব শাসকের শীর্ষ নেতৃত্বের।

যা দেখে দুটো সিদ্ধান্তে আসতে পারি আমরা। দলের শীর্ষ নেতৃত্বকে আর পাত্তাই দিচ্ছে না নীচুতলার কর্মীরা। অথবা নীচুতলার কর্মীদের ওপর আর নিয়ন্ত্রণই নেই শীর্ষ নেতৃত্বের। এখানে দিদি-মোদির সঙ্গে এক লাইনে থাকবেন যোগী-স্ট্যালিন-বিজয়ন-প্যাটেল-ফড়নবীশ-রেখা-মাঝি-নীতীশ-সিদ্দা-রেড্ডি-হেমন্ত-হিমন্ত।

এই মুহূর্তে দেশের সেরা মুখ্যমন্ত্রী কে? এই প্রশ্ন নিয়ে জনসমীক্ষা হলে কোনও সুস্পষ্ট উত্তর আসবে না। সব রাজ্য এতটাই টালমাটাল। রামরাজ্য বলে কিছু নেই আর।

ঠিক সেভাবে, এই মুহূর্তে কেন্দ্র বা রাজ্যের সেরা মন্ত্রী কে? এই মুহূর্তে বাংলার সেরা পুরসভা কোনটা? দুটো প্রশ্নে সমীক্ষা হলেও স্পষ্ট উত্তর আসা কঠিন। আমাদের দেশজ রাজনীতির পৃথিবী আবর্তিত হচ্ছে প্রধানমন্ত্রী বা মুখ্যমন্ত্রীকে নিয়ে। সব রাজ্যেই। বাকি মন্ত্রীরা ল্যাম্পপোস্ট হয়ে উঠছেন সর্বত্র। মেয়ররা ক্ষমতাহীন এটা ভারতের নতুন প্রবণতা। ক্ষমতা বিকেন্দ্রীকরণের প্রশ্ন নেই।

প্রধানমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী অধিকাংশ জায়গায় প্রশাসন চালাচ্ছেন অনেক উঁচু জায়গা থেকে। ফলে জনতা থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছেন ধীরে ধীরে।

অনেক ক্ষেত্রেই নীচুতলার নেতা ও মন্ত্রীরা জনতার মাথা কাটছেন জনবিচ্ছিন্ন বড় নেতাদের প্রতিনিধি হয়ে। প্রয়াত অভিনেতা-সাংসদ তাপস পাল রাজনৈতিক জীবন শেষ করে দিয়েছিলেন শুধু এক কুৎসিত কথার প্রয়োগে। এই একই জাতীয় কথা বিনিময়, আচরণ এখন তৃণমূল-বিজেপির অন্দরে ঢুকে গিয়েছে সর্বত্র। তাপসকে সেজন্য অভাগাই মনে হয় এখন।

আরও অশ্লীল ভঙ্গিতে সোনারপুরে ছাত্র নেতা ইউনিয়ন রুমে ছাত্রীকে দিয়ে গা টেপাচ্ছেন। বংশীহারীতে সিপিএম নেতাকে চড় মারছেন পুলিশ অফিসার। খড়্গপুর-পানিহাটিতে রাজপথে মারমুখী কাউন্সিলার। তৃণমূল নেতৃত্ব এত বিভ্রান্ত, কোথায় কী স্ট্যান্ড নেবেন জানেন না। খড়্গপুরের বেবি কোলেকে বহিষ্কার করা হল। শাস্তি হল না বাকিদের। সম্ভবত বেবি ভদ্রমহিলার ওপর মহলে দাদা বা দিদি নেই।

যে কারণে রাজন্যা হালদারের মতো পরিচিত মুখ তৃণমূল ছাত্র নেতাদের অশ্লীল আচরণ নিয়ে প্রশ্ন তোলায় প্রশ্নগুলোই ঘুরিয়ে দেওয়া হল। ধরে নেওয়া গেল, রাজন্যা বিজেপিতে ঝুঁকে, প্রচারপ্রিয়। ধরে নেওয়া গেল, তৃণমূলের ছাত্র নেতাদের আরও কাদায় ফেলতেই এই অভিযোগ। তারপরেও অনিবার্য প্রশ্ন, এইসব ঘটনায় দলীয় তদন্ত বন্ধ কেন? কেন পরপর মনোজিৎ ম্যাঙ্গোভাইদের মতো বহু ছাত্র নেতার নাম জড়ায় অশ্লীল কাণ্ডে? ছাত্র রাজনীতি যখন সম্পূর্ণ শূন্যতে, তখন এরা কারা? এদের কাজটা কী?

রাজন্যাকে নিয়ে পালটা মুখ খুলছেন তৃণমূলের মহিলা মুখমালা। খুলছেন মানে খোলানো হচ্ছে। কলকাতার মেয়র, ডেপুটি মেয়রের কন্যারা নেমে পড়েছেন বিবৃতি দিতে। যাঁর বেশি বলা উচিত, সেই শিক্ষামন্ত্রী ছাড়া সবাই বলে যাচ্ছেন। শিক্ষামন্ত্রী কলকাতায় কি না বোঝা যায়, সিনেমার শুটিংয়ের ছবি বেরোলে।

অনেকে আবার আগ বাড়িয়ে বলে বিপদে ফেলছেন মমতা-অভিষেককেই। টালিগঞ্জ পাড়ার এক নম্বর খলনায়ক স্বরূপ বিশ্বাসের স্ত্রী জুঁই কাউন্সিলার। তিনি যা বলছেন, তা আসলে মমতা-অভিষেককেই চ্যালেঞ্জ। নিজের সামাজিক মাধ্যমে জুঁই লেখেন, 'যোগ্যতা বিচারের জন্যও যোগ্যতা লাগে। যারা একে মাথায় তুলেছিলেন, তাদের যোগ্যতা নিয়েও সন্দেহ রয়েছে। না নেত্রী হওয়ার যোগ্যতা রয়েছে, না অভিনেত্রীর। দু'দিন এসেই নেত্রী?'

রাজন্যাকে ২১শে জুলাই মঞ্চে তোলার চূড়ান্ত নির্দেশ ছিল নিশ্চয়ই মমতা বা অভিষেকের। তাঁদের যোগ্যতা নিয়েও কি প্রশ্ন রয়েছে স্বরূপ-পত্নীর? তাঁর পোস্টেই দেখলাম একজন লিখেছেন, 'মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে তদন্তের আদেশ এলেও স্থানীয় প্রশাসনে তা মান্যতা পায় না। এদের যে জমি ও বাড়ি পছন্দ হবে, তা বহুতলের জন্য দিতে হবে।' নিউ আলিপুর অঞ্চলে এসব বহুদিন শোনা যায়। মমতা-অভিষেক জানেন না, বললে হবে?

কাণ্ডজ্ঞানহীনরা দায়িত্ব পেলে এমনই হয়। গ্রামের দিকে স্ত্রীকে প্রধান বা জেলা পরিষদ সদস্য করে আসলে চাবিকাঠি নিয়ে বসে থাকে পুরুষতন্ত্র। কলকাতার দিকেও এখন এমন হচ্ছে। মনোজিৎ ম্যাঙ্গোভাইয়ের কৃতিত্ব হল, একটি ধর্ষণ করে তিনি বুঝিয়ে দিয়েছেন, জোড়াফুলের এত এত ছাত্র নেতা ঘাপটি মেরে লুকিয়েছিল চারদিকে। ছাত্র নির্বাচন তো বহু বছর বন্ধ, এরা কী কাজ করে কলেজে?

অমিতাভ দাশগুপ্ত ওই কবিতার শেষ দিকে লিখেছিলেন, 'অবিশ্বাস আর ঘৃণার/ ছোট ছোট দরজা জানালা ভেঙে/ আমরা কি একবারের জন্যেও/ সেই বিস্তীর্ণ মাঠের ওপর গিয়ে দাঁড়াতে পারি না/ যেখানে/সূর্যের আলো/ সব জায়গায় সমানভাবে এসে পড়ে?'

এত বছর পরেও আমরা বিস্তীর্ণ মাঠের ওপর দাঁড়াতে পারিনি। বসে আছি ছোট ছোট, অন্ধকার ঘরে। অবিশ্বাস ও ঘৃণার ছোট ছোট দরজা জানলা ভাঙতে পারিনি। সব জায়গায় সমানভাবে সূর্যের আলো পড়বে কী করে?

# সুপ্রিম পরামর্শ

*প্রথম পাতার পর*

শীর্ষ আদালতের নির্দেশে বলা হয়েছে, 'প্রাথমিকভাবে আমাদের মনে হচ্ছে, যেহেতু ওই তালিকাটি সম্পূর্ণ নয়, তাই ন্যায়বিচারের স্বার্থে আধার কার্ড, সচিত্র পরিচয়পত্র এবং র‌্যাশন কার্ডকে বিবেচনা করা উচিত বিচারপতির।'

যদিও বিচারপতিরা বলেন, 'এই নথিগুলি গ্রাহ্য করা হবে কি না, সেই ব্যাপারে সিদ্ধান্ত নেবে কমিশন। তবে নথিগুলিকে মান্যতা না দিলে, কমিশনকে তার কারণ দেখাতে হবে।' মামলাকারীদের আইনজীবী অভিষেক মনু সিংভি আদালতে বলেন, 'বিশেষ নিবিড় সমীক্ষা আদতে নাগরিকত্ব যাচাইয়ের প্রক্রিয়া। গোটা দেশ আধার কার্ডের জন্য পাগল হয়ে গিয়েছে। অথচ কমিশন বলেছে, সেটা গ্রহণ করা হবে না।'

মামলাকারীদের আরেক আইনজীবী সিবাল যুক্তি দেন, 'আমরা নাগরিক কি না, সেটা নির্বাচন কমিশন বলার কে? দায় তো তাদের। আমার নয়। আমি যে নাগরিক নই, সেটা বলার জন্য তাদের হাতে কিছু তথ্যপ্রমাণ তো থাকতে হবে।' শীর্ষ আদালতও প্রশ্ন তোলে, 'যদি জাতিগত শংসাপত্রের জন্য আধার কার্ড গ্রহণযোগ্য হয়, তাহলে নাগরিকত্ব প্রমাণে তা গ্রহণযোগ্য কেন নয়?' নির্বাচন কমিশনের আইনজীবী অবশ্য স্পষ্ট জানিয়ে দেন, 'আধার কার্ড নাগরিকত্বের প্রমাণ নয়। কারও আধার নম্বর থাকার অর্থ এই নয় যে তিনি ভারতীয় নাগরিক।'

তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র, কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি বেণুগোপাল ছাড়াও অ্যাসোসিয়েশন ফর ডেমোক্র্যাটিক রিফর্মস নামে একটি সংগঠনের মামলার ভিত্তিতে বৃহস্পতিবার সুপ্রিম কোর্টে শুনানি হয়। বিহারে ভোটার তালিকার বিশেষ নিবিড় সমীক্ষার প্রক্রিয়ায় সময় নিয়ে প্রশ্ন তোলে শীর্ষ আদালতই। বিচারপতি ধুলিয়া বলেন, 'নির্বাচন কমিশনের প্রক্রিয়াটা সমস্যা নয়। সমস্যা হল তার সময়। বিহারে সমীক্ষার সঙ্গে বিধানসভা ভোটকে সংযুক্ত করা হচ্ছে কেন?'

অযোগ্য এবং অবৈধ অনুপ্রবেশকারীদের বাদ দিতে বিহারে ভোটার তালিকার এই বিশেষ নিবিড় সমীক্ষা শুরু করা হয়েছে বলে কমিশনের বক্তব্য। সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণে বলা হয়েছে, নির্বাচনের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে, আদালত আর সেই প্রক্রিয়ায় হস্তক্ষেপ করতে পারে না। অতএব, ভোটার তালিকা প্রস্তুতের আগে বিষয়গুলি খতিয়ে দেখা অত্যন্ত জরুরি।

মামলাকারীদের আইনজীবীরা বলেন, 'নির্বাচন কমিশনকে নিয়ে সন্দেহের কারণ নেই। তাদের বিশ্বাসযোগ্যতা পরীক্ষার কথা বলা হচ্ছে।'

# নাস্তানাবুদ রিয়াল, ফাইনালে পিএসজি

**নিউ জার্সি, ১০ জুলাই :** ইউরোপ সেরাদের সামনে বিশ্বজয়ের হাতছানি। রিয়াল মাদ্রিদকে ৪-০ গোলে চূর্ণ করে ফিফা ক্লাব বিশ্বকাপের ফাইনালে প্যারিস সাঁ জাঁ।


ক্লাব বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালের উন্মাদনায় বাড়তি মাত্রা যোগ করেছিল পিএসজি-কিলিয়ান এমবাপে দ্বৈরথ। পুরোনো ক্লাবের বিরুদ্ধে এমবাপে কেমন খেলেন চোখ ছিল সেদিকেই। তবে ম্যাচে সামান্যতম দাগ কাটতেও ব্যর্থ ফরাসি তারকা।

ম্যাচের প্রথম ২৪ মিনিটের ঝড়েই তছনছ রিয়াল দুর্গ। পিএসজি-র ৩ গোলে প্রথমার্ধেই ম্যাচের দেওয়াল লিখন স্পষ্ট হয়ে যায়। ৬ মিনিটে প্রথম গোল ফ্যাবিয়ান রুইজের। মিনিট তিনেকের ব্যবধানে ওসমানে ডেম্বেলের নিখুঁত ফিনিশে স্কোরলাইন ২-০। ২৪ মিনিটে পিএসজি-র তৃতীয় এবং নিজের দ্বিতীয় গোলটি করেন রুইজ। এরপরও দ্বিতীয়ার্ধে মাদ্রিদের মহাকাব্যিক প্রত্যাবর্তনের অপেক্ষায় ছিলেন রিয়াল সমর্থকরা। কিন্তু তা হবে কীভাবে? আক্রমণে ভিনিসিয়াস জুনিয়ার, এমবাপেদের সমন্বয়ের অভাব স্পষ্ট। ছন্নছাড়া মাঝমাঠ। সেই সুযোগ কাজে লাগিয়ে ৮৭ মিনিটে রিয়ালের কফিনে শেষ পেরেকটি পুঁতে দেন গঞ্জালো র‍্যামোস।

রবিবার ফাইনালে চেলসিকে হারিয়ে ইতিহাস গড়ার অপেক্ষায় পিএসজি। প্যারিসের ক্লাবটির কোচ লুইস এনরিকে বলেছেন, 'ইতিহাস থেকে মাত্র এক ম্যাচ দূরে আমরা। এই মুহূর্তটা পিএসজি সমর্থকদের জন্য গর্বের।' এদিকে রিয়ালের নতুন কোচ জাভি অলন্সো এখনও দলটা গুছিয়ে উঠতে পারেননি। আগামী মরশুমে নতুন শুরুর অঙ্গীকার করে তিনি বলেছেন, 'হারটা স্বীকার করতেই হবে। এই মরশুম থেকে ইতিবাচক দিকগুলি নিয়ে, আমরা নতুন মরশুম শুরু করব। এমন একটা দল গড়ব, যারা একজোট হয়ে লড়বে।'



কিলিয়ান এমবাপেকে সান্ত্বনা দিচ্ছেন প্রাক্তন ক্লাব সতীর্থ জিয়ানলুইগি ডোন্নারুম্মা।



গোলের পর দেজিরে দুয়েকে নিয়ে উল্লাস প্যারিস সাঁ জাঁ-র ওসমানে ডেম্বেলের।

# 'সঠিক পথেই এগোচ্ছে শুভমান'

## লর্ডস বেল বাজিয়ে আবেগে ভাসলেন শচীন

**লন্ডন, ১০ জুলাই :** এমসিসি মিউজিয়ামে নিজের ছবির উদ্বোধন করলেন। ঐতিহাসিক লর্ডস বেল বাজিয়ে ভারত বনাম ইংল্যান্ড টেস্ট শুরুর ঘোষণা করলেন। একইসঙ্গে পবিত্র গুরুপূর্ণিমায় তাঁর গুরুকে স্মরণ করলেন।

বৃহস্পতিবারের 'দ্য হোম অফ ক্রিকেট' ডুবে শচীন তেন্ডুলকার আবেগে। সেই আবেগের মধ্যে রয়েছে অতীতের নানা মণিমুক্তো। পরিসংখ্যান বলছে, লর্ডসে শচীনের কোনও টেস্ট শতরান নেই। মোট পাঁচটি টেস্ট লিটল মাস্টার খেলেছেন লর্ডসে। সর্বাধিক রান ৩৭। কিন্তু তাতে কী? শচীন মানেই যে সীমাহীন আবেগ। বিশাল প্রত্যাশা।

> শুভমান খুব ঠান্ডা মাথার ছেলে। শুরুটাও ভালো হয়েছে ওর। আমি নিশ্চিত এভাবেই দলকে আগামীর দিশা দেবে ও। একজন ব্যাটার যখন শুভমানের মতো ছন্দ দেখাতে পারে, তখন মাঠে অধিনায়ক হিসেবে তার কাজ এমনিই সহজ হয়ে যায়।
>
> **শচীন তেন্ডুলকার**

স্ত্রী অঞ্জলিকে পাশে নিয়ে শচীন আজ যখন লর্ডসে ঐতিহাসিক বেল বাজিয়ে খেলা শুরুর আনুষ্ঠানিক ঘোষণা করলেন, তখন কি তাঁর একবারের জন্যও মনে পড়ছিল এই মাঠে তাঁর শতরান না থাকার কথা? কে জানে। হয়তো কখনও জানাও যাবে না শচীনের মনের অন্দরে ঠিক কী চলছিল। যদিও কিংবদন্তি শচীন লর্ডসের আবেগ জানেন। আর এটাও জানেন, বর্তমানে ভারতীয় ক্রিকেটপ্রেমীদের কাছে লর্ডস আবেগের নাম শুভমান গিল।

চলতি সিরিজে ভারত অধিনায়ক গিল স্বপ্নের ফর্মে রয়েছেন। টিম ইন্ডিয়ার 'রান মেশিন' হয়ে উঠেছেন তিনি। লর্ডসে হাজির হয়ে খেলা শুরুর পর সম্প্রচারকারী চ্যানেলে অধিনায়ক শুভমান ও বর্তমান টিম ইন্ডিয়াকে নিয়ে তাঁর মনের কথা খুলে বলেছেন তিনি। লিটল মাস্টার প্রশংসায় ভরিয়ে দিয়েছেন শুভমানকে। বর্তমান ভারত অধিনায়ককে নিয়ে শচীনের মূল্যায়ন হল, 'শুভমান খুব ঠান্ডা মাথার ছেলে। শুরুটাও ভালো হয়েছে ওর। আমি নিশ্চিত এভাবেই দলকে আগামীর দিশা দেবে ও। একজন ব্যাটার যখন শুভমানের মতো ছন্দ দেখাতে পারে, তখন মাঠে অধিনায়ক হিসেবে তার কাজ এমনিই সহজ হয়ে যায়।' তরুণ শুভমান তাঁর পাশে পেয়েছেন তারুণ্যের জোশে ভরা একটি দল। হেডিংলে ও এজবাস্টন টেস্টে শুভমানের ভারতকে দেখে মনে হয়েছে, নেতার জন্য জান কবুলেও তৈরি তাঁর সতীর্থরা। শচীনের কথায়, 'শুভমান ব্যাট হাতে পারফর্ম করে প্রমাণ করেছে দলের জন্য কী করতে চায় ও। এমন অধিনায়ককে সামনে পেলে দলের বাকিরাও সর্বস্ব দিয়ে ঝাঁপাতে পারে। বর্তমান টিম ইন্ডিয়ার জন্য সেটাই হয়ে চলেছে।'

হেডিংলেতে প্রথম টেস্টে ভালো খেলার পরও হার। এজবাস্টনে দুর্দান্ত প্রত্যাবর্তন। সিরিজের ফল আপাতত ১-১। আজই শুরু হওয়া লর্ডস টেস্টের ফল কী হবে, সময় বলবে। লিটল মাস্টার শচীন অবশ্য শুভমানের টিম ইন্ডিয়াকে নিয়ে আশাবাদী। শচীনের কথায়, 'শুভমান এতটাই ভালো ফর্মে রয়েছে যে, ইংল্যান্ড বুঝতেই পারছে না ওকে কীভাবে আউট করবে। এমন পরিস্থিতি শুভমানের জন্য তো বটেই, টিম ইন্ডিয়ার জন্যও দারুণ ব্যাপার। এই ছন্দ ধরে রাখার চ্যালেঞ্জটা এখন বজায় রাখতে হবে শুভমানের ভারতকে। এজবাস্টনে টিম ইন্ডিয়া যেভাবে ঘুরে দাঁড়িয়ে সিরিজে সমতা ফিরিয়েছে, তারপর এই দলটাকে নিয়ে গর্ব করা যেতেই পারে।'



লর্ডসের বেল বাজিয়ে তৃতীয় টেস্টের সূচনা করলেন শচীন তেন্ডুলকার। বৃহস্পতিবার।



এমসিসি-র মিউজিয়ামে নিজের ছবির সঙ্গে শচীন তেন্ডুলকার।

# চার বছর আগের স্মৃতি ফেরাতে চান রাহুলরা

**লন্ডন, ১০ জুলাই :** ২০২১ সালের লর্ডস। ২০১৫ সালের লর্ডস।

মাঝে চার বছরের ব্যবধান। এই চার বছরের মধ্যে বিরাট কোহলি, রোহিত শর্মারা টেস্ট ক্রিকেটে প্রাক্তন হয়ে গিয়েছেন। কিন্তু তার মধ্যেই ভারতীয় ক্রিকেট সংসারে এখনও প্রবলভাবে রয়েছে চার বছর আগের লর্ডসের স্মৃতি। ১৫১ রানে টেস্ট জিতেছিল টিম ইন্ডিয়া। অ্যান্ডারসন-তেন্ডুলকার সিরিজের আজই শুরু হওয়া তিন নম্বর টেস্টের ভবিষ্যৎ কী হবে, সময় তার জবাব দেবে। তার আগে ভারতীয় ক্রিকেটের তিন তারকা ঋষভ পন্থ, লোকেশ রাহুল ও মহম্মদ সিরাজ ডুবে রয়েছেন চার বছর আগের স্মৃতিতে।

২০২১ সালের লর্ডস টেস্টে শতরান করেছিলেন রাহুল। এবারও কি তেমন কিছু ঘটবে? টসে হেরে ফিল্ডিং করতে নামা শুভমান গিলের টিম ইন্ডিয়া এখনও এই প্রশ্নের জবাব জানে না। কিন্তু রাহুল মানসিক প্রস্তুতি নিয়ে ফেলেছেন। ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের তরফে সমাজমাধ্যমে দেওয়া এক ভিডিওতে রাহুল, ঋষভ, সিরাজরা ঘোষণা করেছেন, তাঁরা চার বছর আগের স্মৃতি ফেরাতে চান। রাহুলের কথায়, '২০২১ সালেও আমাদের জয়ের বিশ্বাস ছিল। ২০২৫ সালেও সেই বিশ্বাস রয়েছে। এই মাঠ আমার কাছে বরাবরই স্পেশাল। সাজঘরের অনার বোর্ডে নিজের নাম দেখতে পাওয়ার অনুভূতিটাই আলাদা। চেষ্টা থাকবে অতীতের স্মৃতি ফেরানোর।' মৃত্যুঞ্জয়ী ঋষভের ভাবনা একই হলেও তাঁর কথায় ভিন্ন সুর। ঋষভ বলেছেন, 'ঈশ্বরের কাছে আমি কৃতজ্ঞ ফের লর্ডসে ফেরার সুযোগ করে দেওয়ার জন্য। চার বছর আগের স্মৃতি এখনও আমার মনে তাজা। যদিও এবারের দলটা অনেকটাই আলাদা। আমার ভূমিকাও ভিন্ন। কিন্তু লক্ষ্য একই, লর্ডস জয় করা। আশা করব, লর্ডসে আমরা সিরিজে এগিয়ে যেতে পারব।'

> ২০২১ সালেও আমাদের জয়ের বিশ্বাস ছিল। ২০২৫ সালেও সেই বিশ্বাস রয়েছে। এই মাঠ আমার কাছে বরাবরই স্পেশাল। সাজঘরের অনার বোর্ডে নিজের নাম দেখতে পাওয়ার অনুভূতিটাই আলাদা। চেষ্টা থাকবে অতীতের স্মৃতি ফেরানোর।
>
> **লোকেশ রাহুল**

টিম ইন্ডিয়া সিরিজে ২-১ ব্যবধানে এগিয়ে যেতে পারবে কি না, সময় বলবে। কিন্তু তার আগে ভারতকে সফল হতে হলে বল হাতে সিরাজকে বাড়তি দায়িত্ব নিতে হবে। জোরে বোলার সিরাজের কথায়, 'শেষবার লর্ডসে জিতেছিলাম। এবারও সেই স্মৃতি ফেরাতে চাই। আর হ্যাঁ, একজন গর্বিত ভারতীয় হিসেবে লর্ডসের ঐতিহাসিক অনার বোর্ডে নিজের নাম দেখতে চাই।'



লর্ডস টেস্টের প্রথম দিনে আগ্রাসী ব্যাটিং করতে ব্যর্থ হয় ইংল্যান্ড। যা দেখে বোলিংয়ের ফাঁকে জো রুটকে খোঁচা দিয়ে মহম্মদ সিরাজ বলেন, 'বাজ, বাজ, বাজবল। আজকে খেলে দেখাও দেখি বাজবল।'

# বোলিংয়ে টেক্কা দিচ্ছে ভারতই : আজহার

**নয়াদিল্লি, ১০ জুলাই :** জোফ্রা আর্চার ফিরেছেন।

ক্রিস ওকস, ব্রাইডন কার্সের সঙ্গে আছেন শোয়েব বশির। যদিও লর্ডস টেস্টের দ্বৈরথে ইংল্যান্ডের চেয়ে ভারতীয় বোলিংকে এগিয়ে রাখছেন মহম্মদ আজহারউদ্দিন। প্রাক্তন ভারত অধিনায়কের মতে, বার্মিংহামে ভারতীয় বোলাররা সাফল্য এনে দিয়েছে। লর্ডসে জসপ্রীত বুমরাহর প্রত্যাবর্তনে তা আরও শক্তিশালী।

বৃহস্পতিবার শুরু লর্ডস টেস্ট প্রসঙ্গে আজহার বলেছেন, 'বার্মিংহামের জয় আত্মবিশ্বাস বাড়িয়েছে। দল এই মুহূর্তে ভালো অবস্থায় রয়েছে। বুমরাহর প্রত্যাবর্তন দলের জন্য নিঃসন্দেহে দারুণ খবর। এই মুহূর্তে ওদের চেয়ে আমাদের বোলিং এগিয়ে। ভারতীয় দলের জন্য অনেক শুভেচ্ছা রইল।'

গত টেস্টে মহম্মদ সিরাজ ও আকাশ দীপ কুড়িটির মধ্যে সতেরোটি উইকেট নেন। ম্যাচে প্রথমবার দশ শিকার আকাশের। শুভমান গিলদের রান বন্যার পাশে আকাশদের বোলিংয়ের যোগফল, ৩৩৬ রানের বিশাল জয়। আজহারের মতে, এই মুহূর্তে মানসিকভাবে এগিয়ে ভারত। যার সুবিধা নিতে হবে। বিশ্বাস, লর্ডসেও জিতে ফিরবে ভারতীয় দল।

## চাপে ইংল্যান্ড, দাবি ধাওয়ানের

সিরিজ ১-১। বাকি সিরিজে উত্তেজক দ্বৈরথের হাতছানি। শিখর ধাওয়ান মনে করেন, ঘরের মাঠে বাজবলের মিথ বাঁচিয়ে রাখার বাড়তি চাপ থাকবে ইংল্যান্ডের ওপরই। অ্যান্ডারসন-তেন্ডুলকার সিরিজে তরুণ ভারতীয় দল সেখানে অনেকটা চাপমুক্ত হয়ে খেলবে।

শিখর বলেছেন, 'সবার আগে এজবাস্টনে জেতার জন্য অভিনন্দন। ৫৮ বছরের অপেক্ষার অবসান। দারুণ সাফল্য। দ্বিতীয় টেস্টে যেভাবে দল ঘুরে দাঁড়াল, প্রশংসা প্রাপ্য। নিজেদের লড়াকু চরিত্র মেলে ধরল। সামনে থেকে নেতৃত্ব দিল শুভমান। বুমরাহর অনুপস্থিতিতে বল হাতে মহম্মদ সিরাজ-আকাশ দায়িত্ব সামলাল। প্রথম ম্যাচে হারলেও এক ম্যাচে পাঁচ-পাঁচটা শতরান করেছে ভারতীয় ব্যাটাররা। মোটেই ছোটখাট কৃতিত্ব নয়।'

সিরিজের স্কোরলাইন ১-১ হলেও শিখরের দাবি, মোমেন্টাম এখন ভারতের পক্ষেই। 'জেতা ম্যাচ হাতছাড়া। প্রথম টেস্ট থেকে যে শিক্ষা নিয়ে দ্বিতীয় টেস্টে ঘুরে দাঁড়িয়েছে। দুই ম্যাচই উপভোগ্য এবং কাঁটায় কাঁটায় টক্কর হয়েছে। তাকিয়ে আছি বাকি সিরিজে ইংল্যান্ড কীভাবে প্রত্যাঘাত করে। এই মুহূর্তে চাপে ওরাই। ভারতের জন্য দারুণ সুযোগ এগিয়ে যাওয়ার,' দাবি প্রাক্তন বাঁহাতি ওপেনারের।

# শ্রীলঙ্কা বোর্ডের অনুরোধ

**মুম্বই, ১০ জুলাই :** অগাস্টের শেষে টিম ইন্ডিয়ার বাংলাদেশ সফর স্থগিত হয়ে গিয়েছে আগেই। ২০২৬ সালে টিম ইন্ডিয়ার বাংলাদেশ সফর হওয়ার কথা।

আচমকা স্থগিত হওয়া সিরিজের সময়ে ভারতীয় ক্রিকেট দলের আপাতত কোনও খেলা নেই। তাই অগাস্টের শেষে টিম ইন্ডিয়াকে শ্রীলঙ্কা যাওয়ার আহ্বান জানাল সেদেশের ক্রিকেট বোর্ড। শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ডের তরফে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের কাছে আজ সাদা বলের সিরিজের অনুরোধ জানিয়ে প্রস্তাব এসেছে। শ্রীলঙ্কার তরফে এমন প্রস্তাবের কথা স্বীকার করে নিয়েছেন বিসিসিআই। যদিও বোর্ডের ভাবনা ও পরিকল্পনার বিষয়ে রাত পর্যন্ত স্পষ্টভাবে কিছুই জানা যায়নি। বিসিসিআইয়ের এক শীর্ষকর্তা বলেছেন, 'শ্রীলঙ্কা বোর্ডের তরফে সিরিজের প্রস্তাব পেয়েছি আমরা। কিন্তু কিছুই চূড়ান্ত নয় এখনই।'



৭৬ বছরের জন্মদিনে কমেন্ট্রি বক্সে কেক কাটলেন সুনীল গাভাসকার।

# মাছ ধরেই হয়তো কাটত জীবন!

## ৭৬তম জন্মদিনে অবাক গল্প সানির

**লন্ডন, ১০ জুলাই :** ৭৬ বছর। জন্মদিনের এই বিশেষ দিনে অবাক গল্প শোনালেন কিংবদন্তি সুনীল গাভাসকার। আর একটু হলেই ক্রিকেট মাঠে ব্যাট ঘোরানো নয়, সমুদ্রে জাল ফেলে জীবন কাটাতে হত! জন্মের পর হাসপাতালে অদলবদল। এক জেলে মায়ের কাছে চলে যান সদ্যোজাত গাভাসকার।

কাকার জন্য শেষরক্ষা। সদ্যোজাত ভাইপোর কানের লতির কাছে একটা ছিদ্র নজর করেছিলেন। যার জন্যই ধরা পড়ে যায় বাচ্চা বদলের ঘটনা। জেলেনি মায়ের কোল থেকে নিজের মায়ের কোলে ফেরেন কিংবদন্তি ব্যাটার। ১৯৪৯ সালের ১০ জুলাই মুম্বইয়ের হাসপাতালে ভূমিষ্ঠ হন। সেখানে দুই মায়ের মধ্যে বাচ্চা বদল।

জন্মদিনে যে মজার গল্প শুনিয়ে গাভাসকার বলেছেন, 'যেদিন আমার জন্ম হয়, সেদিনই কাকা দেখতে এসেছিলেন। উনি লক্ষ্য করেছিলেন, আমার কানের লতির কাছে ছোট্ট ছিদ্র রয়েছে। দুইদিন পর আবার যখন উনি হাসপাতালে আসেন, দেখেন অন্য কোনও বাচ্চা মায়ের পাশে শুয়ে। কান দেখেই উনি বলেন, এ আমাদের ছেলে নয়। খোঁজাখুঁজির পর ফিশারউওম্যানের পাশে আমার দেখা মেলে। সদ্যোজাতদের স্নান করাতে গিয়ে অদলবদল। কাকা লক্ষ্য না করলে হয়তো মাছ ধরেই বড় হতাম। পরে মাকে জিজ্ঞাসা করতাম। উনি অপ্রস্তুতে পড়ে যেতেন। জিজ্ঞাসা করত, কেন জানতে চাইছিস?'

নিজের জন্মদিনে নোভাক জকোভিচের হয়েও প্রার্থনা গাভাসকারের মুখে! বিরাট কোহলির সুর ধরেই সানির বিশ্বাস এবার উইম্বলডন জিতবেন কিংবদন্তি নোভাক। বলেছেন, 'লন্ডনে এসে সুযোগ থাকলে উইম্বলডন মিস করি না। ভালো লাগবে এবার যদি জকোভিচ জেতে। ২৫তম গ্র্যান্ড স্লাম হবে। কেউ টেনিসে ২৫টি মেজর জিততে পারেনি। আমার হৃদয় বলছে জকোভিচ পারবে।'

# সুদেবাকে না ফেডারেশনের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাই :** নির্বাসন উঠে যাওয়ার পর তাদের দ্বিতীয় ডিভিশন থেকেই খেলার সুযোগ করে দেওয়া হোক, সুদেবা এফসি-র এই আবেদনে সাড়া দিল না অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন। এদিন লিগ কমিটির সভায় সিদ্ধান্ত হয়, তাদের তৃতীয় ডিভিশন থেকেই খেলতে হবে। আই লিগের দ্বিতীয় ডিভিশনে অবৈধ ফুটবলার খেলানোর অভিযোগে তাদের নির্বাসিত করেছিল এআইএফএফ। মেয়াদ পূর্ণ হওয়ার পর তাদের দ্বিতীয় ডিভিশনেই খেলা দেওয়া হোক বলে দাবি ছিল সুদেবার। কিন্তু দিল্লির এই ক্লাবকে তৃতীয় ডিভিশনেই খেলতে হবে বলে জানিয়ে দেওয়া হয়েছে।



ম্যাচ জেতানোর পর জেমিমা রডরিগেজকে আলিঙ্গন রিচা ঘোষের।

# ইংল্যান্ডে ইতিহাস, গর্বিত হরমনপ্রীত

**ম্যাঞ্চেস্টার, ১০ জুলাই :** ইংল্যান্ডে সিরিজ জিতে ইতিহাস ভারতীয় মহিলা ক্রিকেট দলের। ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজের চতুর্থ টি২০ ম্যাচ ছয় উইকেটে জিতল ভারতের মেয়েরা। বুধবার ম্যাঞ্চেস্টারে ভারতীয় স্পিনারদের দাপটে ৭ উইকেটে ১২৬ রানের বেশি তুলতে পারেনি ইংল্যান্ডের মহিলা দল। দুটি করে উইকেট নেন রাধা যাদব ও নাল্লাপুরেড্ডি শ্রী চরনি। জবাবে ৪ উইকেট হারিয়ে, ৩ ওভার বাকি থাকতেই জয়ের রান তুলে নেয় ভারত। দুই ওপেনার স্মৃতি মান্ধানা ও শেফালি ভার্মা করেন যথাক্রমে ৩২ ও ৩১ রান। অধিনায়ক হরমনপ্রীত কাউর করেন ২৬। জেমিমা রডরিগেজ অপরাজিত ২৪ রানের ইনিংস খেলে দলকে জয় এনে দেন।

এই জয়ের সুবাদে ৫ ম্যাচের সিরিজ ৩-১ ব্যবধানে জিতল ভারত। ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথমবার টি২০ সিরিজ পকেটে পুরে হরমনপ্রীত বলেছেন, 'সিরিজ জয় সত্যিই গর্বের। ইংল্যান্ড আসার আগে জাতীয় শিবিরে সকলে অক্লান্ত পরিশ্রম করেছি। সিরিজ জয় তারই ফসল। নির্দিষ্ট পরিকল্পনার বাস্তবায়নেই এই সাফল্য।'

## ফিটনেস নিয়ে চিন্তায় জোকার

# বিদায় সাবালেঙ্কার

**লন্ডন, ১০ জুলাই :** চলতি বছরের ফরাসি ওপেন চ্যাম্পিয়ন কোকো গফের প্রথম রাউন্ডে বিদায় এবারের উইম্বলডনে মহিলাদের সিঙ্গলসে প্রথম অঘটন ছিল। বৃহস্পতিবার আরও একটি অঘটন ঘটালেন মার্কিন যুক্তরাষ্ট্রের অখ্যাত আমান্দা আনিসিমোভা। এদিন সেমিফাইনালে তিনি বিশ্বের পয়লা নম্বর আরিয়ানা সাবালেঙ্কাকে হারিয়ে দেন। খেলার ফল আনিসিমোভার পক্ষে ৬-৪, ৪-৬, ৬-৪।

আনিসিমোভার মতো উইম্বলডনে প্রথমবার ফাইনালে উঠলেন পোল্যান্ডের তারকা ইগা সোয়াতেকও। এদিন সেমিফাইনালে তিনি ৬-২, ৬-০ গেমে বেলিন্দা বেনসিচের বিরুদ্ধে জয় পান।

এদিকে, পঁচিশতম গ্র্যান্ড স্লাম জয়ের দুই ধাপ দূরে দাঁড়িয়ে সার্বিয়ান তারকা নোভাক জকোভিচ। কোয়ার্টার ফাইনালে জোকার হারিয়েছেন ফ্লাবিও কোবোল্লিকে। তবে ম্যাচ চলাকালীন টেনিস কোর্টে পড়ে যান তিনি। তবে কোনও চোট লেগেছে কিনা সেটা এখনও স্পষ্ট নয় সার্বিয়ান তারকার কাছে। এই প্রসঙ্গে জকোভিচ বলেছেন, 'খুব বাজেভাবেই পড়ে গিয়েছিলাম। আমার শরীরে আগের মতো সক্ষমতা নেই। তবে কোনও চোট লেগেছে কিনা সেটা পরে বুঝতে পারব।'



উইম্বলডনের সেমিফাইনাল থেকে বিদায়ের পর বিষণ্নমুখে সেন্টার কোর্ট ছাড়ছেন আরিয়ানা সাবালেঙ্কা।

# জর্জের বিরুদ্ধে আত্মবিশ্বাস তুঙ্গে মোহনবাগানের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাই :** পরপর দুই ম্যাচে জয়।

শুক্রবার জর্জ টেলিগ্রাফের বিরুদ্ধে নামার আগে আত্মবিশ্বাস তুঙ্গে মোহনবাগান সুপার জায়েন্টের। তবে কিছুটা দুশ্চিন্তাও রয়েছে। আগের ম্যাচে লাল কার্ড দেখায় এই ম্যাচে নেই সালাউদ্দিন আদনান। সেই সঙ্গে চোট থাকায় মিডফিল্ডার মিগমা শেরপাকেও বিশ্রাম দেওয়া হচ্ছে।


প্রতিপক্ষ জর্জ টেলিগ্রাফ লিগে চার ম্যাচ খেলে তিনটি হেরেছে। তারপরেও জর্জকে হালকাভাবে নিচ্ছে না বাগান শিবির। কোচ ডেগি কার্ডোজো বলেছেন, 'আমরা জর্জের বিরুদ্ধে সতর্ক হয়ে মাঠে নামব। ৩ পয়েন্টই লক্ষ্য।' এই ম্যাচে সালাউদ্দিনের পরিবর্তে শিবম মুন্ডা ও মিগমার পরিবর্তে গুণরাজ সিং গ্রেওয়ালকে খেলানো হতে পারে।

এদিকে বৃহস্পতিবার মোহনবাগান অনুশীলনে যোগ দিয়েছেন কিয়ান নাসিরি। তবে তাঁকে ও দীপেন্দু বিশ্বাসকে এই ম্যাচে দেখা যাবে না। এখনও তাঁরা ম্যাচ ফিট নন।

**কলকাতা লিগে আজ**

**মোহনবাগান সুপার জায়েন্ট** বনাম **জর্জ টেলিগ্রাফ**

**সময় :** দুপুর ৩টা **স্থান :** নৈহাটি



অনুশীলনে যোগ দিলেন দীপেন্দু বিশ্বাস।

# বিনিয়োগকারী চূড়ান্ত মহমেডানে

## ঘোষণা হয়তো আগামী সপ্তাহেই

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাই :** এবার আরও সাবধানি।

গত মরশুমের তিক্ত অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে এবার বিনিয়োগকারী খোঁজার ক্ষেত্রে ধীরে চলো নীতি নিয়েছিল মহমেডান স্পোর্টিং ক্লাব। সূত্রের খবর, ইতিমধ্যেই নতুন 'ইনভেস্টর' চূড়ান্ত করে ফেলেছে তারা। সপ্তাহখানেক আগে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠকে বসেছিলেন সাদা-কালো কর্তারা। মুখ্যমন্ত্রীর মধ্যস্থতাতেই বিনিয়োগকারী চূড়ান্ত হয়েছে। কথাবার্তা পাকা স্বীকার করে নিলেও বিনিয়োগকারী সংস্থার নাম এখনই সামনে আসুক, তা চাইছে না মহমেডান কর্তৃপক্ষ। মউ চুক্তি স্বাক্ষরের পর আগামী সপ্তাহে আনুষ্ঠানিকভাবে নাম ঘোষণা করা হতে পারে। জানা গিয়েছে নতুন বিনিয়োগকারীদের ৮০ শতাংশ পর্যন্ত শেয়ার ছাড়া হতে পারে। সেই অনুপাতেই ক্লাব এবং নতুন বিনিয়োগকারী যৌথভাবে বকেয়া শোধ করবে। দ্রুত ফিফার নিষেধাজ্ঞা তুলে ডুরান্ডের জন্য বেশ কয়েকজন ভারতীয় ফুটবলারকে সই করিয়ে নেওয়ার পরিকল্পনা রয়েছে। তারপর আইএসএলের জন্য বিদেশি নেওয়া হবে। পাশাপাশি সঞ্জয় সেন জাতীয় দলের কোচ না হলে তাঁকে কোচ হওয়ার প্রস্তাব দেওয়ার পরিকল্পনা রয়েছে মহমেডানের। জামশেদপুর এফসি-র দেখানো পথেই হাঁটতে চাইছে মহমেডান। সেইসঙ্গে ভারতীয় কোচ হলে আর্থিক বোঝাটাও কমবে।

# বাজবল ছেড়ে অন্য খেলা ইংল্যান্ডের

## মন্থর পিচে বুমরাহদের ‘পরীক্ষা’ নিচ্ছেন রুট

**ইংল্যান্ড-২৫১/৪**
**(প্রথম দিনের শেষে)**

**লন্ডন, ১০ জুলাই :** শচীন তেন্ডুলকারের পোর্ট্রেট উদ্বোধন।

এমসিসি মিউজিয়ামে স্থান পাওয়া নিজের যে প্রতিকৃতির পর্দা তুললেন স্বয়ং মাস্টার ব্লাস্টারই। লর্ডস বেলের দড়িতে টান দিয়ে ম্যাচ শুরুর বার্তাও শচীনের হাত ধরে।

সস্ত্রীক খেলা দেখার ফাঁকে পূর্বসূরি ফারুখ ইঞ্জিনিয়ারকে সম্মান জানিয়ে উঠে গিয়ে কথা বলতে দেখা গেল। কমেন্ট্রি বক্সে আবার বার্থ ডে সেলিব্রেশন সুনীল গাভাসকারের। দুই কিংবদন্তিকে ঘিরে বৃহস্পতিবারের ক্রিকেট মক্কা সকাল থেকেই যেন ভারতময়।

বাইশ গজে যদিও আশা-নিরাশার দোলাচল। শুরুটা অধিনায়ক হিসেবে শুভমানের টস হারের হ্যাটট্রিকে। হেডিংলে, বার্মিংহামের পর লর্ডসেও কয়েন যুদ্ধে জয়ী বেন স্টোকস। তবে প্রথম দুই টেস্টে ফিল্ডিং নেওয়ার চেনা রাস্তায় এদিন হাঁটেননি।

টসে জিতলে কী করতেন? যে প্রশ্নে শুভমান অবশ্য দ্বিধায়। একশো ভাগ নিশ্চিত নন, জানিয়েও দিলেন। তবে মুখে বোলিংয়ের চ্যালেঞ্জে প্রথম সেশনকে কাজে লাগানোর আত্মবিশ্বাস। যদিও নীতীশ কুমার রেড্ডির জোড়া ধাক্কা (দুই ওপেনারকে আউট করেন) বাদ দিলে উইকেটের জন্য প্রথম দুই সেশনে কার্যত হাপিত্যেশ করা।

স্ট্র্যাটেজিতে চমকপ্রদ পরিবর্তন ইংল্যান্ডেরও। বাজবল ছেড়ে শুরু থেকে ‘ওল্ড ফ্যাশন’ টেস্ট ব্যাটিংয়ের খোলসে ইংরেজ ব্যাটাররা। ক্রিজ আঁকড়ে পড়ে থাকা। মন্থর ব্যাটিংয়ে ওলি পোপ, জো রুটরা তাঁদের লক্ষ্যে অনেকটা সফলও। লাঞ্চে ৮৩/২। মাঝের সেশনে কোনও উইকেট অটুট রেখে চা পানের বিরতিতে দলকে ১৫৩/২-এ পৌঁছে দেন।




*অর্ধশতরানের পর জো রুট (বাঁয়ে)। বাঁ হাতের আঙুলে চোট পেয়ে মাঠ ছাড়েন ঋষভ পন্থ। বৃহস্পতিবার লর্ডসে।*



*এক ওভারে বেন ডাকেট ও জ্যাক ক্রলিকে ফিরিয়ে উল্লাস নীতীশ কুমার রেড্ডির।*

৩৫ ওভার প্রতীক্ষার পর পোপকে (৪৪) ফিরিয়ে শেষপর্যন্ত ১০৯ রানের জুটি ভাঙেন রবীন্দ্র জাদেজা। পরিবর্ত উইকেটকিপার ধ্রুব জুরেল তৎপরতার সঙ্গে ক্যাচ তালুবন্দি করেন। বাঁ হাতের তর্জনীতে চোট পান ঋষভ। ম্যাজিক স্প্রে, শুশ্রূষা চললেও মাঠ ছাড়তে বাধ্য হন।

জাদেজার পর জসপ্রীত বুমরাহ ম্যাজিক। মন্থর পিচে প্রথম দুই সেশনে সবরকম প্রয়াস চালিয়েও উইকেট পাননি। অন্তিম সেশনে অপেক্ষার অবসান। বুমরাহ-শক্তিশেলে ভেঙে যায় হ্যারি ব্রুকের (১১) রক্ষণ। রুটকে অবশ্য টলানো যায়নি। দ্বিতীয় নতুন বল বা মাঠে পোকার উপদ্রব, কোনওকিছু মনঃসংযোগে ব্যাঘাত ঘটাতে পারেনি।

শুরুর নড়বড়ে হাল সরিয়ে ক্রমশ প্রাচীর হয়ে দাঁড়ান। দিনের শেষে ৯৯ রানে অপরাজিত রুট। আগামীকাল নামবেন ভারতের বিরুদ্ধে অষ্টম শতরানের লক্ষ্যে। গৌতম গম্ভীরদের চিন্তায় রাখছেন স্টোকসও (৩৯)। প্রথম দিনের শেষে ইংল্যান্ড ২৫১/৪। মন্থর, টু-পেসড উইকেটে যে স্কোরটা কম নয়। পরিস্থিতি বদলাতে মাত্র তিন ওভার পুরোনো দ্বিতীয় নতুন বলে আগামীকাল দ্রুত প্রত্যাঘাত জরুরি।

লর্ডস টেস্টে ভারতীয় দলে একটা পরিবর্তন- প্রসিধ কৃষ্ণার জায়গায় বুমরাহ। ইংল্যান্ড গতকালই প্রথম এগারো (জোশ টাঙ্গের বদলে জোফ্রা আর্চার) ঘোষণা করে দিয়েছিল। টসের সময় স্টোকসের মুখে লর্ডসে ভারত-বধের আত্মবিশ্বাস।

টেস্টের প্রথম ঘণ্টা সবসময় গুরুত্বপূর্ণ। যদিও প্রথম ঘণ্টায় উইকেটহীন ভারতীয় বোলাররা। বুমরাহ-আকাশ দীপদের অবশ্য দোষ দেওয়া যাচ্ছে না। নতুন বলে চেষ্টার কসুর করেননি। বারবার ব্যাটারদের পরাস্ত করলেন। একাধিকবার ব্যাটের কানে ছুঁয়ে বল ফিল্ডারদের সামনে পড়ল। ১৪তম ওভারে আসে আকাঙ্ক্ষিত উইকেট। শুভমানের মাস্টারস্ট্রোক। আক্রমণে অনিয়মিত পেসার নীতীশ। তৃতীয় বলেই সাজঘরে বেন ডাকেট (২৩)। পুল করতে গিয়ে ক্যাচ দিয়ে বসেন।

রেশ ফুরোনোর আগেই ইতি জ্যাক ক্রলির (১৮) ধৈর্যশীল ইনিংসে। হালকা সুইং এবং বাড়তি বাউন্স-ব্যাটের কানা ছুঁয়ে সোজা ঋষভের দস্তানায়। ৪৩/০ থেকে ৪৪/২। জোড়া শিকার শুধু নয়, লম্বা সুইংয়ে (বুমরাহকেও পিছনে ফেলে দেন) সারাক্ষণ পরীক্ষা নিলেন ইংরেজ ব্যাটারদের।

লাঞ্চের আগে চাপটা বজায় থাকলেও আর উইকেট আসেনি। ২৫ ওভারে ৮৩/৩। ওভার পিছু ৩.৩২ রান। বাজবল জমানায় ম্যাচের প্রথম সেশনে যা ইংল্যান্ডের সর্বনিম্ন। লাঞ্চের পরও টিকে থাকার প্রয়াস পোপ-রুটের। তবে টু-পেসড, মন্থর পিচে কখনও নিশ্চিত লাগেনি পোপকে। রুটও অস্বস্তিতে কাটালেন। ভারতের বিরুদ্ধে টেস্টে ৩০০০ রানের নজির গড়া দিনে টাইমিংয়ে দৃষ্টিকটু ভুলচুক, যা একেবারে রুটসুলভ নয়।

সুনীল গাভাসকারের দাবি, বুমরাহ-আকাশরা যে চাপ তৈরি করেছিল, শুরুতেই রুট, পোপদের উইকেট চলে আসা উচিত ছিল। প্রথম দুই সেশনে বারবার ভাগ্যের কাছে আটকে যাওয়ার ছবি কিছুটা বদলায় চায়ের পর। জাদেজা-বুমরাহর জোড়া ধাক্কায় ১৫৩/২ থেকে প্রতিপক্ষকে ১৭২/৪ করা। শেষপর্যন্ত ইংল্যান্ড ২৫১/৪।

## তাসখন্দে প্রস্তুতি ম্যাচ মেয়েদের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাই :** তাসখন্দে দুটি প্রস্তুতি ম্যাচ খেলবে অনূর্ধ্ব-২০ মহিলা দল। অগাস্টে এএফসি এশিয়ান কাপের যোগ্যতা অর্জন পর্বের জন্যই এই প্রস্তুতি। আগামী ১৩ ও ১৬ জুলাই এই দুই ম্যাচের জন্য দলের সুইডিশ কোচ জোয়াকিম অ্যালেক্সন্দারসন ২৪ জনের নাম ঘোষণা করলেন। এদিনই রাতে তাসখন্দ রওনা দিল দল। শুক্রবার তাঁদের পৌঁছানোর কথা।

**ঘোষিত দল**

**গোলকিপার :** মোনালিসা দেবী, রিবাংশি জামু, মেলোডি চানু।

**ডিফেন্ডার :** আলিনা চিঙ্গাখাম, সিন্ডি রেমরুয়াতপুলি, ফ্র্যাগনেন্সি রিওয়ান, জুহি সিং, নিসিমা কুমারী, রেমি থকচোম, সাহেনা টিএইচ, শুভাঙ্গি সিং, ভিকসিত বাররা।

**মিডফিল্ডার :** অঞ্জু চানু, আরিনা দেবী, ভূমিকা দেবী, খুশবু কাশীরাম, মোনালিসা সিং, নেহা, পূজা।

**স্ট্রাইকার :** ববিতা কুমারী, দীপিকা পাল, লিংদেলকিম, শিবানী দেবী ও সুলঞ্জনা রাউল।

## জয় ডায়মন্ডের

**কলকাতা, ১০ জুলাই :** টানা দ্বিতীয় জয়। বৃহস্পতিবার ভবানীপুর এফসি-কে ১-০ গোলে হারিয়ে কলকাতা ফুটবল লিগে অপরাজিত দৌড় বজায় রাখল ডায়মন্ড হারবার এফসি। ৩২ মিনিটে জয়সূচক গোলটি আসে জবি জাস্টিনের পা থেকে।

**স্মরণে**



শ্রী নারায়ণ চন্দ্র সরকার
১৮তম প্রয়াণ বর্ষ
স্মৃতি রেখে চলে গেলে-প্রিয়জনেরা










## ক্যারাটের শংসাপত্র প্রদান

**চালসা, ১০ জুলাই :** গয়ানাথ বিদ্যাপীঠ প্রাঙ্গনে গত ৮ জুন অনুষ্ঠিত আশিহারা ক্যারাটে-ডু কাই কানের বার্ষিক গ্রেডিং পরীক্ষায় সফল ছাত্রছাত্রীদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হল। বৃহস্পতিবার চালসা শালবনি সংঘের প্রাঙ্গণে আশিহারা ক্যারাটে হেডকোয়ার্টারের পক্ষ থেকে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আশিহারা ক্যারাটের পশ্চিমবঙ্গের প্রধান প্রশিক্ষক দীপক ভুজেল জানিয়েছেন, চালসা শালবনী সংঘ মাঠে মাসে একদিন করে ব্ল্যাক বেল্ট প্রাপ্ত ছাত্রছাত্রী, মাস্টার ও প্রশিক্ষকদের নিয়ে প্রশিক্ষণ শিবির আয়োজন করা হবে। অনুষ্ঠানের শুরুতেই মাস্টার দীপক ভুজেল এদিন ছাত্রছাত্রীদের প্রাথমিক প্রশিক্ষণ দেন।

## বিদায় তরাইয়ের

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ জুলাই :** সুব্রত কাপ ফুটবলে রাজ্য পর্যায়ের খেলায় অনূর্ধ্ব-১৫ ছেলেদের বিভাগে কোয়ার্টার ফাইনালে বিদায় নিল তরাই তারাপদ আদর্শ বিদ্যালয়। তারা ১-০ গোলে দক্ষিণ কলকাতার চৌগাছা হাইস্কুলের বিরুদ্ধে হেরেছে।

## নাস্তানাবুদ রিয়াল, ফাইনালে পিএসজি

*- খবর এগারোর পাতায়*



*ম্যাচের সেরার পুরস্কার হাতে শিলিগুড়ি স্পোর্টিং ইউনিয়নের মণীশ কাচুয়া।*

## মণীশের দাপটে জয়ী স্পোর্টিং

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ জুলাই :** মহকুমা ক্রীড়া পরিষদের গৌরচন্দ্র দত্ত, অমৃতকুমার চৌধুরী ও বিমলা পাল ট্রফি প্রথম ডিভিশন ফুটবলে বৃহস্পতিবার গ্রুপ ‘এ’-তে শিলিগুড়ি স্পোর্টিং ইউনিয়ন ৪-০ গোলে অগ্রগামী সংঘকে হারিয়েছে। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে ১১ মিনিটে মণীশ কাচুয়া স্পোর্টিংকে এগিয়ে দেন। ৬৫ মিনিটে তিনি লিড ডাবল করেন। ৭২ মিনিটে দেবাশিস সিংহ স্কোরশিটে নাম তোলেন। ৮৫ মিনিটে সুমিত কেরকেট্টার গোলে জয় নিশ্চিত করে স্পোর্টিং। ম্যাচের সেরা মণীশ। শুক্রবার খেলবে বাঘা যতীন অ্যাথলেটিক ক্লাব ও নবীন সংঘ।



*ম্যাচের সেরা হয়ে সেনাজ শৈব্য।*
*ছবি : মহম্মদ হাসিম*

## জয়ী নিউ চামটা

**নকশালবাড়ি ১০ জুলাই :** উত্তরের অভিযান ফুটবলে বৃহস্পতিবার জাবড়া চা বাগানে নিউ চামটা টাইব্রেকারে ২-০ গোলে জাবরা ভাই ভাইকে হারিয়েছে। ম্যাচের সেরা নিউ চামটার সেনাজ শৈব্য। বুধবার আশাপুর চা বাগান ২-১ গোলে মেরিভিউ চা বাগানের বিরুদ্ধে জয় পায়। আশাপুরের ম্যাচের সেরা অলোক রাই জোড়া গোল করেন।

**উত্তরের খেলা**

## সেরা সৌমার্য্য, দিব্যাংকা

**জলপাইগুড়ি, ১০ জুলাই :** মহকুমা বিদ্যালয় ক্রীড়া সংসদের মহকুমা পর্যায়ের দাবায় ছেলেদের অনূর্ধ্ব-১৪ বিভাগে ৫ পয়েন্ট নিয়ে প্রথম হয়েছে জলপাইগুড়ি জেলা স্কুলের সৌমার্য্য সরকার। দ্বিতীয় এবং তৃতীয় হোলি চাইল্ড স্কুলের আকাশ নীল মিত্র এবং অভিরূপ সরকার। অনূর্ধ্ব-১৭ ছেলেদের বিভাগে প্রথম হয়েছে টেকনো ইন্ডিয়া স্কুলের ধৃতিমান মজুমদার। দ্বিতীয় ও তৃতীয় হোলি চাইল্ড স্কুলের পিনাকী রায় ও তৃতীয় উদয়ন শর্মা। ছেলেদের অনূর্ধ্ব-১৯ বিভাগে প্রথম হিমালয়ান ইন্টারন্যাশনাল স্কুলের মুকুন্দ কুমার আগরওয়াল। দ্বিতীয় ফণীন্দ্র দেব বিদ্যালয়ের সৌমজিৎ সিংহ। তৃতীয় হিমালয়ান স্কুলের অ্যাডাম এইচ রোহিত।

অন্যদিকে, মেয়েদের অনূর্ধ্ব-১৪ বিভাগের প্রথম স্থানে রয়েছে টেকনো ইন্ডিয়া স্কুলের দিব্যাংকা ছেত্রী, দ্বিতীয় সুনীতিবালা সদর বালিকা বিদ্যালয়ের কেয়া মজুমদার এবং তৃতীয় সেন্ট্রাল বালিকা বিদ্যালয়ের পল্লবী দাস। মেয়েদের অনূর্ধ্ব-১৭ বিভাগে প্রথম হয়েছে টেকনো ইন্ডিয়া স্কুলের শোভিকা ছেত্রী, দ্বিতীয় হিমালয়ান ইন্টারন্যাশনাল স্কুলের অদ্রিজা রায় এবং তৃতীয় সুনীতিবালা সদর বালিকা বিদ্যালয়ের মধুরিমা রায়। ছেলেদের বিভাগে প্রথম চারজন এবং মেয়েদের প্রথম তিনজন জেলা পর্যায়ে খেলার সুযোগ পাবে।

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন হুগলী-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, হুগলী - এর একজন বাসিন্দা কৃষাণু রানা - কে

20.04.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 66B 72330 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "জীবন অনেক কঠিন ছিল। কিছু স্বপ্ন ছিল যা আমাকে ত্যাগ করতে হয়েছিল, এই ভেবে যে সেগুলো কখনোই বাস্তবে রূপান্তরিত হবে না। ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারির মাধ্যমে আমি কোটিপতি হওয়ার পর এখন সবকিছু বদলে গিয়েছে।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।

* বিজ্ঞাপির তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।



*ম্যাচের সেরা হয়ে বিপ্লব বেদিয়া।*
*ছবি : রাহুল দেব*

## জিতল শিবাজি

**রায়গঞ্জ, ১০ জুলাই :** জেলা ক্রীড়া সংস্থার দেবকুমার দত্ত ট্রফি আন্তঃ ক্লাব ফুটবলে বৃহস্পতিবার শিবাজি সংঘ ২-১ গোলে অরবিন্দ স্পোর্টিং ক্লাবকে হারিয়েছে। রায়গঞ্জ স্টেডিয়ামে শিবাজির ভীম হেমরম ও মঙ্গল মুর্মু গোল করেন। অরবিন্দর গোলটি অজিত কিস্কুর। ম্যাচের সেরা শিবাজির বিপ্লব বেদিয়া। শুক্রবার খেলবে রায়গঞ্জ স্পোর্টস ক্লাব এবং অশোকপল্লি স্পোর্টস অ্যান্ড গেমস।

## জুবিনের দাপট

**মালদা, ১০ জুলাই :** জেলা ক্রীড়া সংস্থার দ্বিতীয় ডিভিশন ফুটবল লিগে বৃহস্পতিবার পিবিপিজেকে ক্লাব ৩-০ গোলে পাবনাপাড়া স্পোর্টিং ক্লাবকে হারিয়েছে। জোড়া গোল করেন ম্যাচের সেরা জুবিন টুডু। অন্যটি সুকুমার হেমব্রমের। অন্য গুনগাঁও একাদশ ২-০ গোলে হানগ্রাম আদিবাসী মিলন সংঘের বিরুদ্ধে জয় পায়। গোল করেন গোবিন্দ হাঁসদা ও ম্যাচের সেরা অজিত হেমব্রম।



*ম্যাচের সেরার পুরস্কার হাতে অজিত হেমব্রম।*

